যমিতি। যম, খাদশং কস্তম্ একাদশানাং কস্তাণামগুতমতুল্যমিতার্থ: মস্তে। এবনগু-আপি। খাদশানামাদিত্যানাং এবোদশম, অষ্টানাং বস্থনাং নবমম্, তথা নবানাং গ্রহাণাঞ্চ

ভীম। সেই প্রতাপশালিপ্রভৃতি বিভিন্ন শ্রেণীৰ মধ্যে এই সূর্য্যপ্রভৃতি বেমন শ্রেষ্ঠ, তেমন সকল ধমুর্দ্ধর যোদ্ধার মধ্যে অর্জুনই শ্রেষ্ঠ ॥১৮॥

ভরতনন্দন। ইন্দ্র ও কৃষ্ণ হইতে অন্যুন এবং গাণ্ডীবধনুর্দ্ধারী ও শ্বেতাশ্বশালী এই অর্জুন বিবাটনগরে কি কার্য্য কবিবেন ? ॥১৯॥

দেবতার তুল্য তেজমী এই অর্জুনই আপন বলে মানুষের মধ্যে আশ্চর্য্য পাশুপত অন্ত্র লাভ করিয়া তৎপবে দেববাঙ্কেব ভবনে পাঁচ বৎসব থাকিয়া সমস্ত স্বর্গীয় অন্ত্র লাভ করিয়াছেন ॥২০॥

⁽১৮)---এবং মুবা গুড়াকেশ:—বা ব বা ভা। (১৯) সোহমুমিন্দ্রাদনব্য:—ভা,---বাহদেবা মহাত্যজি—বা ব বা। (২•)---দিব্যাক্সমাণি চাপ্তানি—বা ব বা।

যস্থ বাহু সমৌ দীর্ঘো জ্যাঘাতকঠিনস্বর্চো।
দক্ষিণে চৈব সব্যে চ গবামিব বহঃ ক্বতঃ ॥২২॥
হিমবানিব শৈলানাং সমুদ্রঃ সরিতামিব।
ত্রিদশানাং যথা শক্রো বসূনামিব হব্যবাট্ ॥২০॥
মুগাণামিব শার্দ্দূলো গরুত্মান্ পক্ষিণামিব।
বরঃ সমহ্যমানানাং সোহর্চ্জুনঃ কিং করিয়াতি ॥২৪॥ (কলাপকম্)
অর্জুন উবাচ।

প্রতিজ্ঞাং ধণ্ডকোহস্মীতি করিগ্যামি মহীপতে!। জ্যাঘাতো হি মহান্তো মে সংবর্ত্তবুং নৃপ! ছফরো ॥২৫॥

ভারতকৌমূদী

দশমং মত্তে। তথা যক্ত বাহু, সমৌ সমানো দীঘোঁ, জ্যাঘাতেন ধছপুণাঘাতেন কঠিনা দৃচীভূতা থক্ চর্ম ঘনোস্তো। দক্ষিণে হল্তে চ, সব্যে বামে হল্তে চ, সব্যসাচিত্বাদিত্যাশমঃ, গবাং শকটাদি-বাহিনাং ব্যভাণাং হল্পে ইব, বহুঃ কিণঃ কঠিনত্তক্চিহ্নমিত্যর্থ:, ক্বতঃ জ্যাঘাতেনৈব বিহিতঃ। তথা যঃ, শৈলানাং মধ্যে হিমবানিব, সবিতাং প্রোভোবহানাং মধ্যে সমূল্র ইব, ত্রিদশানাং দেবানাং মধ্যে যথা শক্ত ইক্র ইব, বস্থনাং মধ্যে হব্যবাট ভদাখ্যো বন্ধরিব। তথা মুগাণাং পশ্নাং মধ্যে "পশবোহিপি মুগাঃ" ইত্যমরঃ, শার্দ্ধ লো ব্যাদ্ধ ইব, পক্ষিণাং মধ্যে গরুত্মান্ গরুড় ইব চ, সমন্থমানানাং যুদ্ধসজ্জাং ক্রতাং যোদ্ধ গাং মধ্যে বরঃ, সোহর্জনঃ বিরাটনগবে কিং কর্ম করিয়তি ॥২১—২৪॥

ভারতভাবদীপঃ

মূলং প্রষ্টব্যম্ ॥ ৯— ১৩॥ বাহুকে: স্থলাবমূলুপীং স্থাতবান্ সৌন্দর্ব্যেণেতি শেষ: ॥ ১৪॥ সর্পাণাং লরীস্থপাণাম্, আশীবিষো দংষ্ট্রাবিষ: ॥ ১৫— ১৯॥ মানুষেষু স্মন্তুতং মানুষাভূতম্ ॥ ২০— ২১॥ গবাং বৃষভাণাং ক্ষমে ইব বহু: যুগ্দর্ধণজ্ঞ: কিণঃ ক্ষতঃ। এতপ্রেব গোপনং কঠিনমিতি ভাবঃ

আমি বাঁহাকে—দ্বাদশ কন্ত্ৰ, ত্ৰয়োদশ আদিত্য, নবস বস্থু এক দশস গ্ৰহ বলিয়া মনে কবি; বাঁহার বাজ্যুগল সমান দীর্ঘ এবং তাহার চর্ম ধনুর গুণেব আঘাতে আঘাতে কঠিন হইয়া গিয়াছে একং দক্ষিণ ও বামহন্তে তারবাহী গরুর স্কন্ধদেশেব তায় কিণ (কড়, মাড়ুয়া) পড়িয়াছে; আর পর্ববতের মধ্যে হিমালয়ের তায়, শ্রোতোবাহীর মধ্যে সমুজের তায়, দেবতার মধ্যে ইল্রেব তায়, বন্ধর মধ্যে হব্যবাটের তায়, পশুর মধ্যে ব্যাজ্বর তায় এবং পক্ষীব মধ্যে গরুড়ের তায়, বিনি যোদ্ধার মধ্যে শ্রেষ্ঠ, সেই অর্জুন বিরাটনগরে কি কার্য্য কবিবেন গাঁ ॥২১—২৪॥

1

⁽২৪) বর: সন্নহমানানামৰ্জ্ব্ন:—প্র। (২৫) প্রকৃত্যা ষণ্ডকোহস্মীতি চবিস্থামি মহামতে ।—প্র,
••• চরিস্থামি মহীপতে । —ভা।

বিরাট-৩ (১২)

বলবৈশ্ছাদয়িয়ামি বাহু কৃতকিণাবৃতৌ।
কর্নয়াঃ প্রতিমুচ্যাহং কুগুলে জ্বনোপমে ॥২৬॥
পিনদ্ধকন্মঃ পাণিভ্যাং তৃতীয়াং প্রকৃতিং গতঃ।
বেণীকৃতশিরা রাজন্! নাল্লা চৈব রহমলা ॥২৭॥
পঠমাখ্যায়িকাফেব দ্রীভাবেন পুনঃ পুনঃ।
রময়িয়ে মহীপালমন্তাংশ্চান্তঃপুরে জনান্ ॥২৮॥ (যুগ্যকম্)

ভারতকৌমুদী

প্রতিজ্ঞামিতি। হে মহীপতে ! অহং বন্দক: ক্লীবঃ অশ্বি, ইতি প্রতিজ্ঞাং লোকসরিধামাত্ম-পরিচয়ং করিক্রামি। কিন্তু হে নূপ ! মহাস্তোঁ, মে মম, জ্যাপাতো হস্তস্থগছপ্রশিষ্ঠবিদ্যান্দ্র, সংবর্ত্তঃ গোপনিতুং ভূকরো ॥২৫॥

তচ্চিত্নগংবরণোপাষং স্বয়মেবাহ—বল্ধৈরিতি। স্বহম্, কর্ণরোঃ জ্বনোপমে স্থান্নিবহুজ্জনে, কুণ্ডলে স্বর্ণকুণ্ডলমুগলম, প্রতিম্চ্য পরিধায়, কুতঃ কিণো জ্যাঘাতচ্ছিং যযোক্তো তাদৃশো উভাবেব বাহু, বল্ধিস্ছাদ্যিক্সামি। এবঞ্চ ন জ্যাঘাতচ্ছিদ্দর্শনমিতি ভাবঃ ।২৬।

প্রথমা প্রকৃতিঃ সৃষ্টিঃ স্ত্রী, দিতীয়া প্রকৃতিঃ পুমান্, তৃতীয়া প্রকৃতিশ্চ নপুংসকম্। তথা চামরঃ—"তৃতীয়া প্রকৃতিঃ বন্চঃ ক্রীবঃ পণ্ডো নপুংসকম্"। তরপুংসকম্ব দিবিধন্—স্ত্রীপ্রকাবং পুংপ্রকাবঞ্চ। তত্রাদ্মনঃ স্থবিধার্থং স্ত্রীপ্রকারনপুংসকত্বমেব গ্রহণীয়মিত্যাহ—পিনদ্ধেতি। হে রাজন্। তৃত্রীয়াং প্রকৃতিং গতঃ নপুংসকত্বং প্রাপ্তঃ, অন্ত্রশিক্ষার্থস্বর্গবাসকালে উর্বহ্যা অভিনম্পাতাৎ ইক্রেণ চাজ্ঞাতবাসকালে তহা নিয়মিতত্বাদিতি ভাবঃ, পাণিভাং হস্তবোরিতার্থঃ, পিনদ্ধা গৃতাঃ কম্ববঃ শন্ধবলয়ানি যেন সঃ, তথা বেণী কৃতা যত্র তত্তাদৃশং শিরো যন্ত স বেণী-

া২২—২৩। পততাং পঞ্চিণাম্ ॥২৪। কচকোহশীতি। বদো গোপতিঃ শ্রীগোপালন্তক্ত প্রতিকৃতিরবতারান্তরং কচকঃ কৃষ্ণস্থাস্থাতার্থঃ। পক্ষে ক্লীবঃ। "বদো বর্ববরে ক্লীবে গোপতো বদ্ধাপ্রুবে" ইতি বিশ্বঃ। সংবর্ত্ত্বং পিধাতুম্ ॥২৫—২৬। পিনদ্ধাঃ কম্ববঃ শম্প-বলমানি যেন স পিনদ্ধকম্বঃ, ভূতীয়াং প্রকৃতিং স্ত্রীগুংসাপেক্ষ্মা ক্লীবন্ধং ভূতীয়ং গতঃ প্রাপ্তঃ, নর ইতি রলযোর্ডস্যোশ্চাভেদাররঃ বৃহংশ্চাসোঁ নরশ্চেতি নাবায়ণস্থ আছো নর ইতার্থঃ।

ভারতভাবদীপঃ

অর্জুন বলিলেন—"রাজা! আমি সেখানে লোকের নিকট নপুংসক বলিয়া আত্মপরিচয় দিব। তবে, রাজা। ছই হাতের তুইটা বিশাল কিণ (কড়্, মাড়ুয়া) গোপন কবা তুদ্ধর হইবে ॥২৫॥

আমি কর্ণযুগলে অগ্নির স্থায় উজ্জ্বল স্বর্ণকুগুলযুগল পরিধান করিয়া জ্যাঘাত-চিহ্নযুক্ত বাহুদ্বয়কে বলয়দারা আবৃত করিব ॥২৬॥

রাজা। তা'র পর আমি নপুংসক হইয়া, তুই হাতে শাঁখা পড়িযা, মাথায় (২৬) পূর্বান্ধি ভা নাস্তি। ক্তিকিগাবিমো—বা ব রা। (২৭) পূর্বান্ধি ভা ন বর্ততে। (২৮) প্রবাধায়িকা নাম—ভা। গীতং নৃত্যং বিচিত্রঞ্চ বাদিত্রং বিবিধং তথা।
শিক্ষয়িয়াম্যহং রাজন্! বিরাটভবনে স্ত্রিয়ঃ ॥২৯॥
প্রজানাং সমুদাচাবং বহুকর্মাকৃতং বদন্।
ছাদয়িয়ামি কোন্তেয়! মায়য়াত্মানমাত্মনা ॥৩০॥
যুধিন্তিরস্ত গেহে বৈ দ্রোপদ্যাঃ পরিচারিকা।
উধিতাস্মীতি বক্ষ্যামি পৃষ্টো রাজ্যা চ ভারত! ॥৩১॥

ভাবতকোমুদী

কতিশিবাং, নামা, বৃহম্নলা চ ভবন, বৃহতো নলজেব দীর্ঘাকৃতিথাদিত্যাশ্যং, আখ্যায়িকাং পঠংশ্চাহম্, জ্বীভাবেন জ্বীনপুংসকতয়া, মহীপালং বিরাটম্, তত্যান্তঃপুবে অক্তান্ জনাংশ্চ পুনঃ পুনঃ রম্বিয়ে নৃত্যাদিভিস্তোব্যিয়ে ॥২ ৭—২৮॥

গীতমিতি। হে রাজন্! তথা অহম, বিরাটভবনে স্তিয়া, বিচিত্রমাশ্চর্যাৎ বিবিধঞ্চ, গীতং নৃত্যাং বাদিজং বাল্লঞ্চ শিক্ষয়িক্তামি, স্বর্গবাদকালে দেববাজাদেশেন চিত্রনেনগন্ধর্কান্তিকে তেবামপি ময়াশিক্ষিত্তবাদিত্যাশয়ঃ ॥২০॥

প্রজানামিতি। হে কোন্তেয় ! অহম্, প্রজানাং জনানাং সমীপে, "প্রজা তাৎ সন্তর্জো জনে" ইত্যমরঃ, বছমু কর্মস্থ প্রাচীনেঃ ক্রতম্, সম্পাচাবং সমীচীনব্যবহারম্, বদন্ সন্, মারয়া ব্যাজেন, আত্মনৈব আত্মানম্, ছাদ্যিন্তামি গোপয়িত্তামি ৪০০॥

ভাবতভাবদীপঃ

জীবং শরণগোপনার্থম্ ॥২ १॥ আখ্যাযিকা: পূর্বরাজচরিতানি ॥২৮—২০॥ সমূদাচারং সমীচীনমৃৎকৃষ্টতবং মহাবদান্তজাদিবপং তাতি: কৃতং বছকর্ম চ বদন্, ময়ষা কপটক্লীববেবেণ আত্মানং
শরীরম্, আত্মনা বৃদ্ধ্যা ॥০০॥ পবিতশ্চার্যিতৃং শীলং যন্ত্রা: সা পরিচারিণী সৈব পরিচারিকা,
ক্রোপড়া: ভর্ত্তেতি গুঢ়োহভিসন্ধি:। প্রকে পবিচাবিকা সেবাক্র্র্ত্রী ॥০১—৩২॥

ইতি শ্রীমহাভারতে বিবাটপর্কণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে বিতীযোহধ্যায়: ॥২॥

বেণী বাঁধিয়া, 'বৃহন্নলা'-নাম করিয়া, গল্প বলিয়া স্ত্রীলোকের ভাবে (কায়দায়) বিরাট-রাজাকে এবং তাঁহাব অন্তঃপুবস্থ অন্যান্ত লোকদিগকে বাব বার আনন্দিত কবিব ॥২৭—২৮॥

আব, বাজা! আমি বিবাটবাজাৰ বাড়ীতে স্ত্ৰীলোকদিগকে আশ্চৰ্য্য ও নানা-বিধ মৃত্যু, গীত ও বাছ্য শিক্ষা কৰাইব ॥২৯॥

কৃষ্টীনন্দন! প্রাচীনকালের লোকেবা নানাকার্য্যেব সময়ে যেরূপ ব্যবহার করিতেন, সেই সকল ব্যবহাবের কথা তত্রতা লোকের নিকট বলিয়া আমি কপট-ভাবে নিজেই নিজেকে আয়ুত বাখিব ॥৩০॥

⁽২০)···বিরাটান্তঃপুরে রাজন্ ! রম্বিশ্বাসাহং প্রিবঃ —ভা, ···বিরাটন্ত পুবন্তিয়ঃ —ব। ব বা। (৩০)···বছরপক্তম্—ভা। (৩১)···বেহছন্তি —ভা, ···রাজ্ঞা চ পাঞ্চব ! —বা ব বা।

এতেন বিধিনা চ্ছন্নঃ ক্বতকেন যথা নলঃ।
বিহরিয়ামি বাজেন্দ্র ! বিরাটভবনে স্থথম্ ॥৩২॥
ইতি শ্রীমহাভারতে শতদাহস্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং বিরাটপর্বাণি
পাগুবপ্রবেশে বুধিষ্ঠিরাদিমন্ত্রণে দ্বিতীয়োহধ্যায়ঃ॥०॥ **

—:*:— তৃতীয়োহ্ধ্যায়ঃ।

---2#2---

যুধিষ্ঠির উবাচ। ণ

কিং সং নকুল ! কুর্বাণস্তত্র তাত ! চরিয়াসি । কর্ম্মিতমঃ সমাচক্ষ্ব রাষ্ট্রে তত্ম মহীপতেঃ । স্নুক্মারশ্চ শ্রশ্চ দর্শনীয়ঃ স্থথোচিতঃ ॥১॥

ভাবতকৌমুদী

ষ্ণীতি। হে ভারত। বাজ্ঞা বিবাটেন 'জং পূর্বাং কুজানীঃ' ইভি পৃষ্টঃ সন্, ইত্যহং বক্ষ্যানি যৎ, অহং যুধিষ্টিরশু গেহে শ্রোপতাঃ পরিচাবিকা সতী উবিতা স্থিতান্মি এ০১॥

এতেনেতি। হে বাবের। নলো রাজা যথা ঋতুপর্ণরাজগৃহাদে ক্লতকেন বাছকনামক-সারথিরপেণ বিহতবান্, তথা অহমপি এতেন উক্তবিধেন, ক্লতকেন ক্লত্রিমেণ, বিধিনা রূপেণ, বিরাটভবনে, স্থাং যথা স্থান্তথা বিহরিয়ামি ॥৩২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূবণ-শ্রীহরিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতারাং মহাভারতটীকায়াং ভারতকোম্দীসমাধ্যাধাং বিরাটপর্ববি পাগুবপ্রবেশে

বিতীযোহধাৰিঃ 101

--:*:---

কিমিতি। হে তাত। অহকস্যা। বংসেতার্থ:, "তাতঃ পিত্রহকস্যাযোঃ" ইতি
আর, ভরতনন্দন। "তুমি পূর্বেক কোথায় ছিলে ?" এইরূপে বিরাটবাজা
জিজ্ঞাসা করিলে, আমি বলিব যে, আমি পূর্বেক যুধিষ্ঠিরের বাড়ীতে জৌপদীর
পরিচারিকা হইয়া ছিলাম ॥৩১॥

বাজশ্রেষ্ঠ। পূর্বকালে নলরাজা যেমন কৃত্রিম বাতুকবেশে প্রচ্ছন্ন হইয়া ঋতু-পর্ণবাজা ও বিদর্ভরাজার বাড়ীতে ছিলেন, আমিও সেইরূপ এই কৃত্রিম বেশে প্রচ্ছন্ন হইয়া বিবাটবাজার বাড়ীতে সুখেই থাকিব" ॥৩২॥

^{* ···} অর্জুনমন্ত্রণং নাম—ভা। ক ইতি বাক্যাৎ পূর্বামৃ 'বৈশম্পায়ন উবাচ। ইত্যেবমৃত্রা পূক্ষপ্রবীরস্তথার্জুনো ধর্মভূতাং বরিষ্ঠঃ। বাক্যং তথাকো বিররাম ভূয়ো নূপোহপরং লাতর-মাবভাবে।"—বা রা। বঙ্গবাসিপুস্তকে ত্ব্যং শ্লোকঃ পূর্বাধ্যান্নান্তে পঠ্যতে। (১)···কর্ম তত্ত্বমৃ ···বা ব রা, ···স্থোবিতঃ—প্র। ভূতীয়ার্জং ভা নান্তি।

নকুল উবাচ।

অশ্বকো ভবিয়ামি বিবাটনূপতেরহম্।
গ্রান্থিকো নাম নাল্লাহং কর্মৈতৎ স্থপ্রিয়ং মম ॥২॥
কুশলোহস্মাশ্বরক্ষায়াং তথৈবাশ্বচিকিৎসিতে।
প্রিয়াশ্চ সততং মেহশ্বা কুরুবাজ! যথা তব ॥৩॥
যে মাং চামন্ত্রয়িয়ান্ত বিরাটনগবে জনাঃ।
তেভ্য এবং প্রবক্ষ্যামি বিহবিয়াম্যহং যথা ॥৪॥

ভাবতকোমুদী

দ্রিকাণ্ডশেষ:। নকুল। স্থকুমার: কোমলশ্চ, শ্বো বীর:, দর্শনীয়: স্থন্ধব:, স্থোচিত: স্থ-ভোগযোগ্যশ্চ ত্বম্, তত্ত্ব ভক্ত বিরাটক মহীপতে: বাষ্ট্রে বাজ্যে, কিং কর্ম ক্র্বোণ: সন্ চরিক্তিসি, ন:
সম্মান্ এতং সমাচক্ষ্ব ক্রহি। ষ্ট্পাদোহয়ং শ্লোক: ॥১॥

অখেতি। অহম্, নাম প্রকাশে, নামা গ্রন্থিকঃ সন্, গ্রন্থ: অশ্বশাস্ত্রীয়পুস্তকমন্ত্রান্তীতি বৃংপত্তেরিতি ভাবঃ। ইন্বিবয়ে ইকো মন্তর্থে। বিবাটনুপতে:, অশ্ববদ্ধঃ অশ্বক্ষকো ভবিক্যামি। যেন; এতং কর্ম মম স্থপ্রিয়ম্ অতীবপ্রিয়ম্ ॥২॥

অথ কথং তৎ কর্ম কর্ছ্তুং শক্ষ্যদীত্যাহ—কুশল ইতি। অহম্, অশ্বরক্ষায়াং তথৈব অখানাং চিকিৎসিতে চিকিৎসায়াম্, কুশলো নিপুণোহশ্মি। বিশেষতক্ষ হে কুরুবাজ। অখা যথা তব সততং প্রিয়াং, তথা মে মুমাপি সততং প্রিযাঃ াঙা

ভারতভাবদীপঃ

কিং স্বমিতি । ১। (পাঠান্তবে) পরিবক্ষণে স্বস্থানামিতি শেব:। গ্রন্থান্ স্বাযুর্ব্বেদম্ স্থান্ব্র্যার্থ বেন্দ্রীতি গ্রন্থিকোংশিনো: স্বত্বাৎ। "স্বশ্বিনো বৈ দেবানাং ভিষম্বাবন্ধিনাক্ষর্যু" ইতি শ্রুতে। ।২—৬॥ (পাঠান্তরে) সংশ্বস্থ নান্তি শ্বো যেবাং তে শ্বাঃ, নমবে ভূণীক্বতপ্রাণান্তেষ্ স্বধিক্তো

যুথিষ্ঠির বলিলেন—"বংস নকুল! তুমি—কোমলাঙ্গ, অথচ বীর এবং সুন্দব ও মুখভোগের যোগ্য; অতএব তুমি সেই বিবাটবাজাব বাজ্যে কি কার্য্য করিতে থাকিয়া বিচরণ করিবে, তাহা আমাদিগকে বল"॥১॥

নকুল বলিলেন—আমি 'গ্রন্থিক'-নাম খারণ কবিয়া বিরাটবাজার অশ্বরক্ষক ইইব ; ইহাই আমাব অত্যস্ত প্রিয় কার্য্য ॥২॥

এবং আমি অশ্ববক্ষায় ও অশ্বচিকিৎসায় নিপুণ; বিশেষতঃ হে কুরুবাজ। আপনারও যেমন অশ্ব সর্ব্বদা প্রিয়, আমারও তেমন অশ্ব সর্ব্বদা প্রিয় ॥৩॥

⁽२) অশু লোকশু মধ্যে 'সর্বাধা জ্ঞানসম্পন্ন: কুশল: পবিরক্ষণে' ইতি পাদ্ধয়ং—বা ব রা প্র।
(৪) শৌকাং পবম্—'পাণ্ডবেন পুবা ভাত ! অখেদ্ধিক্ষতঃ পুবা। বিরাটনগবে চ্ছন্নশ্চরিয়ামি
মহীপতে ! ।''—বা ব রা। প্রাপিভামহপুস্তকে তু অক্তাবিধং লোকত্রয়মধিকং দৃষ্ঠতে।

যুধিষ্ঠির উবাচ।

সহদেব! কথং তস্ত সমীপে বিহরিয়সি।
কিং বা ত্বং তাত! কুর্ববাণঃ প্রচ্ছন্মো বিচরিয়সি॥৫॥
সহদেব উবাচ।

- গোসংখ্যাতা ভবিষ্যামি বিরাটস্থ মহীপতেঃ। প্রতিষেদ্ধা চ:দোগ্ধা চ সংখ্যানে কুশলো গবাম্ ॥৬॥ তদ্ভিপাল ইতি খ্যাতো নাম্না বিদিতমস্ত তে। নিপুণস্ক চরিষ্যামি ব্যেতু তে মানসো জ্বঃ॥৭॥

ভারতকৌসুদী

ষ ইতি। বিরাটনগরে যে চ জনা:, সাম, আমন্ত্রবিক্তন্তি আমন্ত্রা কুত্র জং পূর্ব্বনাসীবিতি প্রক্রান্তীত্যর্থ:, তেভা:, এবং ভবদাদিবং যুধিষ্টিরক্ত অশ্ববদ্ধ আসমিতি প্রবক্ষ্যামি। অহং যথা বিহুরিক্সামি, তদেতত্ত্তমিতি শেব: ISI

সহেতি। হে তাত বংস সহদেব। বং বা কিং কর্ম কুর্বাণঃ সন্, তক্ত বিবাটক সমীপে বিহরিক্সসি; কথং বা প্রচ্ছের আবৃত্তবরূপঃ সন্ বিচরিক্সসি ॥৫॥

গবিতি। গবাং ধেন্নাম্, প্রতিষেদ্ধা ইঙ্গিতমাত্রেণৈর বিপথগমনাদিরাব্যিতা, দোগ্ধা অধিক-ছয়ানাং দোহনক্ষম:, সংখ্যানে শুভাশুভজ্ঞানে, কুশলো নিপুণশ্চাহম্, বিরাটশু মহীপতেঃ, গোসংখ্যাতা গবাং শুভাশুভপরীক্ষকঃ, ভবিক্সামি ।ঙা

তন্ত্ৰীতি। হে রাজন্। তে তব বিদিতমন্ত , যদহম, তন্ত্ৰিপাল ইতি নামা থ্যাতঃ সন্, তন্ধি গুড়্নীং পালযতি গোচিকিৎসাৰ্থং বক্ষতীতি বৃৎপত্তেরিত্যাশরঃ "গুড্নী তন্ত্ৰিকাছমুতা" ইত্যমবঃ, নিপুণং স্বকৌশলং যথা স্থান্তথা চরিক্সামি। অতএব তে মানসো মনোবর্ত্তী, জবঃ—মামপরো জাস্ততীত্যাশকানিবন্ধনঃ সন্তাপঃ, ব্যেতৃ অপগচ্ছতু । ।

তা'র পর, বিরাটনগরে যে সকল লোক আমাকে ডাকিয়া জিজ্ঞাসা করিবে যে, "তুমি পূর্বেক কোথায় ছিলে ?" তখন আমি তাহাদিগকে আপনাদের মতই বলিব যে, "আমি যুধিষ্ঠিবেব অশ্বরক্ষক ছিলাম।" আমি যেভাবে বিচরণ করিব, তাহা এই বলিলাম" এ৪॥

যুখিষ্ঠির বলিলেন—"বংস সহদেব। তুমিই বা কি কার্য্যে প্রবৃত্ত হইয়া বিরাট-রাজার নিকটে অবস্থান করিবে এবং কিপ্রকারেই বা আত্মগোপন করিয়া চলিবে ?" ॥৫॥

সহদেব বলিলেন—"আমি ইঙ্গিত করিয়াই গরুগুলিকে বিপথগমন হইতে নির্ত্ত করিতে পারি, প্রচুর তৃশ্ধ দোহন করিতে সক্ষম এবং শুভাশুভ পরীক্ষা কবিতেও সমর্থ ; স্মৃতবাং আমি বিবাটরাজার গো-পরীক্ষক হইব ॥৬॥

⁽৫) --- প্রচ্ছয়ো বিহরিশ্রসি — প্র বা ব রা। (१) --- নিপুণম্ভ চরিশ্রামি —প্র বা ব রা।

আহং হি ভবতা গোষু সততং প্রহিতঃ পুরা।
তত্র মে কোশলং সর্বমববুদ্ধং বিশাংপতে! ॥৮॥
রুষভানপি জানামি বাজন্! পূজিতলক্ষণান্।
যেযাং মূত্রমুপান্ত্রায় অপি বন্ধ্যা প্রসূত্রত ॥৯॥
সোহহমেবং কিবিয়ামি প্রীতিবত্র হি মে পরা।
ন চ মাং বেৎস্ততে কশ্চিত্রোষয়িয়ে চ তং নৃপম্॥১০॥

ভাবতকৌমুদী

আত্মনৈপুণ্যং শ্ববিত্যাহ— অহমিতি। হে বিশাংপতে ! নবনাথ ! হি যশ্মাৎ, পুবা ভবতা, অহম, সভতমেব, গোষু স্বকীষানাং গবাং পৰীক্ষাস্থ, প্রহিতঃ প্রেবিতঃ। তত্ত্ব চ মে সর্বাং কৌশলং নৈপুণ্যম্, অববৃদ্ধং ভবতৈব জ্ঞাতম্ ॥৮॥

বৃষভানিতি। হে বাজন্। অহম্, পৃজিতলক্ষণান্ প্রশস্তচিহান্ বৃষভানপি, জানামি পবিচিনোমি। যেবাং মৃত্তমূপাদ্রায় বন্ধ্যাপি প্রস্থতে সন্তানং প্রসোতি ॥>॥

স ইতি। সোহহম্, এবং গোসংখ্যাত্ভাবেন চবিষ্কামি। হি যশ্মাৎ, অত্র গোসংখ্যাত্ভাবে, মে মম, পরা পবমা প্রীতির্বর্ত্ততে। ইথফ কশ্চিদপি মাং ন বেৎস্ততে সহদেবভয়া ন জ্ঞাস্ততি, তং বিবাটং নুপং ভোষযিক্তে চ নিগুণেনেতি ভাবঃ ॥>•॥

ভাবতভাবদীপ:

ম্থ্য ইতি গৃঢ়াশয:। পকে প্রেটাহর্থ: 18—৫। সংখ্যানে পরীক্ষাধান্ ॥৬। তভিপাল: তত্তির্বলীবর্দ্ধা যন্তাং দীর্ঘন্তুলবক্ষাং বণিগ্ভিবলৈর্দামভির্বধ্যন্তে সা প্রক্রতোপযোগিনী। গৃঢ়াভি-সন্ধে তু তন্তিবিক্। "তন্ত বাক্ততির্নামানি দামানী" ইতি প্রতেবাক্পাল:, যুম্বচনার্থাহ্মগ্র-

আব, রাজা। আপনি জানিয়া রাখুন যে, আমি 'ডন্ত্রিপাল'-নামে প্রাসিদ্ধ হইয়া সাবধানে বিচরণ করিব; অতএব আপনার মনেব উদ্বেগ দূর হউক ॥৭॥

নবনাথ! আপনি পূর্বে আমাকে সর্ববদাই নিজের গকগুলিকে পরীক্ষা করিবাব জন্ম পাঠাইতেন এবং তখন তাহাতে আমাব সর্বব্যকাব নৈপুণ্যও বৃঝিতে পাবিতেন ॥॥

এবং বাজা। আমি প্রশস্ত-লক্ষণ-যুক্ত বৃষগুলিকেও চিনিতে পাবি, যেগুলির যূত্র আত্রাণ করিয়া বন্ধ্যা নারীও প্রসব করিয়া থাকে ॥১॥

আমি এইভাবে বিচরণ করিব। কাবণ, ইহাতে আমার অত্যন্ত আনন্দ

⁽৮) তেন্ত মে কৌশলং কর্ম হ্যুবৃদ্ধ্—প্র। ইতঃ প্রম্ 'লক্ষণং চবিতথাপি গ্রাং ঘচাপি মঙ্গলম্। তৎ সর্ব্ধ মে স্থবিদিতম্ন্যচাপি মহীপতে।।'—প্র বা ব বা। (১০) মে সদা—বা ব বা ভা,—ন চ মাং বেংশুভি প্র:—ভা।

যুধিন্তির উবাচ।

ইয়ঞ্চ নঃ প্রিয়া ভার্য্যা প্রাণেভ্যোহপি গরীরদী।
মাতেব পরিপাল্যা চ পূজ্যা জ্যেচেঠব চ স্বদা ॥>>॥
কেন স্ম জৌপদী কৃষ্ণা কর্ম্মণা বিচরিয়াতি।
ন হি কিঞ্চিদ্বিজ্ঞানাতি কর্ম্ম কর্ত্ত্ব্যুং যথা দ্রিয়ঃ॥>২॥
স্থক্মারী চ বালা চ রাজপুত্রী যশস্বিনী।
পতিব্রতা মহাভাগা কথং মু বিচরিয়াতি॥>৫॥

ভারতকোমুদী

ইয়মিতি। কিঞ্চেতি চার্থ:। ইয়ং ন: অন্মাকং ভার্য্যা দ্রোপদী, প্রাণেভ্যোহণি গরীষনী প্রিয়া, মাতেব পবিপাল্যা সাদবং বক্ষণীয়া, জ্যেষ্ঠা হুদা ভগিনীব চ পূজ্যা মাননীয়া, উভয়ত্তাণি পতিব্রতারপত্মাদিতি ভাব: 8>>।

কেনেতি। শ্বেতি পাদপ্রণে। ক্রোপদী ক্রপদরাদনন্দিনী রুষ্ণা, কেন কর্মণা বিচরিয়তি। হি ফ্যাৎ, অন্তা: প্রিয়:, যথা কর্ম দেবাদিকং নানাবিধং কার্য্য: কর্প্ত্র্: বিজ্ঞানন্তি, ইয়ং তথা কিঞ্চি-দিপি কর্মা কর্প্ত্র্য: বিজ্ঞানতি; রাজাপত্যতাৎ রাজপত্মীত্বাচ্চ ॥১২॥

স্থিতি। স্থ্যারী কোমলাঙ্গী, বালা শিশুবৎ সরলা, রাজপুত্রী, যশস্থিনী, পতিব্রতা, মহাভাগা উদাবস্থভাবা চ জোপদী, কথং কেন প্রকারেণ বিচরিয়াতি হ'।১৩।

ভারতভাবদীপ:

তেতার্থ: ॥ ৭— ১ • ॥ ইবং হীতি। মাতা কুলর্ত্তি: আদিভূমি: গোর্বা। "মাতা গোর্বাদি-জননীগোরান্ধণ্যাদিভূমিবৃ" ইতি মেদিনী। স্বনা অস্থিকা পার্ধতীবংপুন্ধ্যেতার্থ:। "এব তে কন্দ্রভাগ: সহ স্বন্ধাধিকবা হং জুবন্ধ। শর্মা অস্থাধিকা স্বনা" ইতি মন্ত্রান্ধণদর্শনাৎ "জামা গার্হপতা: পু্ত্রোহয়হার্য্য: পচন" ইতি তন্তা অপি দেবতাত্মেন সংস্করাৎ। "মাতা সতাবতী

হইবে। আর ইহাতে আমাকে কেহ চিনিতেও পাবিবে না, আমিও বিবাটবাজাকে সম্ভষ্ট করিতে পারিব"॥১•॥

যুধিষ্ঠির বলিলেন—"আমাদের এই ভার্য্যা প্রাণ অপেক্ষাও গুক্তর প্রিয়ত্মা এবং মাতার স্থায় পরিপাল্যা ও জ্যেষ্ঠা ভগিনীর স্থায় মাননীয়া ॥১১॥

স্তরাং এই ক্রপদরাজনন্দিনী কৃষ্ণা কোন্ কার্য্যে প্রবৃত্ত হইয়া বিবাটনগবে বিচরণ করিবেন ? অন্ম স্ত্রীলোকেরা যেমন সেবাপ্রভৃতি নানা কার্য্য জানেন, ইনি তেমন কোন কার্য্যই জানেন না ॥১২॥

ইনি কোমলাঙ্গী, বালিকার স্থায় সরলা, রাজপুত্রী, যশস্বিনী, পতিব্রতা ও উদাব-স্বভাবা ; স্বতবাং ইনি কিপ্রকারে বিচরণ করিবেন ? ॥১৩॥

⁽১১) ইযং ডু—ভা। (১২) কেন দা—ভা। (১৬) স্কুমারা চ—ভা।

মাল্যগন্ধানলঙ্কাবান্ বস্ত্ৰাণি বিবিধানি চ। এতান্মেবাভিজানাতি যতো জাতা হি ভামিনী ॥১৪॥ দ্ৰৌপত্মুবাচ।

সৈরিস্ক্র্যোহরক্ষিতা লোকে ভুজিষ্যাঃ সন্তি ভারত !। নৈবমন্যাঃ স্ত্রিয়ঃ সন্তি ইতি লোকস্থা নিশ্চয়ঃ ॥১৫॥

ভারতকৌমুদী

মাল্যেতি। যতো যশ্মিন্ কালে জাতা, তদবধীতি শেষ:, ভামিনী ছবিনীতং প্রতি কোপনা ক্রোপদী, মাল্যর্গদ্ধান্ অলম্বায়ান্ বিবিধানি বস্তানি চ, এতান্তেব অভিজানাতি পবিধাতুমিতি শেষ:। অতোহস্তাঃ পরগৃহবাদো ত্বব এবেতি ভাবঃ 1>81

নৈরিদ্র্য ইতি। হে ভারত। লোকে লোকসমান্তে, অরক্ষিতা বেতনাদিভিবপালিতাং, অথ চ ভূঞিয়াঃ পরগৃহে দানীভূতাং, নৈরিদ্ধাঃ নৈরিদ্ধীনাম্য়ঃ স্ত্রিবং নস্তি, অলাঃ স্ত্রিমন্ত এবম্ লিট্টা ন সন্তি; ইতি লোকতা নিশ্চমঃ স্থিরধারণা বর্ততে। সীরঃ তুর্যা ইব ইন্ধে স্বাধীনত্বাদ্দীপ্যত ইতি নৈরিদ্ধা প্রোদরাদিত্বাদ্দিপাতঃ। "নীবোহর্কহলবোঃ প্রেশি ইতি মেদিনী, "নৈরিদ্ধী পরবেশ্বস্থা স্ববশা শিল্পবারিকা" ইতামরঃ ৪১৫॥

ভারতভাবদীপঃ

ভূমির্মের্জ্যেষ্ঠা স্বসা ভবেং" ইত্যপ্যালহবন্তি ॥১১—১২॥ বালা নিত্যন্তনা ॥১৩॥ যতো যদ্মিন্
দিনে জাতা তত আরভ্য মাল্যাদীন্ ভোগানেব বেন্তি ন ক্লেশানিত্যর্থ: ॥১৪॥ সৌরদ্ধীতি।
সীরং প্রতি সীরান্তঃপট: প্রিয়তেহন্যাস্তৈবেতি সীরদ্ধা নৈব সৈরদ্ধী আর্থে তদ্ধিতঃ, অন্তঃপূবপরিচারিকা বাজভার্যা বা। "সৈরদ্ধী পরবেশ্মস্থা শিল্পকৃৎস্ববশা স্থিলান্। বর্ণসহরসভূতস্বীমহিলিক্যোবপি ॥" ইতি বিশ্বঃ। "মতলিক্যোং" ইতি মেদিনীপাঠঃ। আতে মহিলিকা
রাজদারাঃ। বিতীয়ে মতলিকাঃ প্রশন্তন্ত্রিষ ইতি। দাসীপক্ষে অরক্ষিতা ইতি ছেনঃ, স্ববশা
ইত্যুক্তেং পক্ষে বক্ষিতা ইত্যেব। ভূজিক্সা পালনীয়া পাল্যবিত্রী চ। ভূজপালনাভ্যবহাব্যোরিত্যক্ত রূপন্। নৈব্যক্তাঃ শ্রিয়ো ক্লেবতীর্ঘান্তি প্রাপ্ত্রুবন্তি পশ্রম্ভীতবে ইত্যর্থঃ। দাসী ইতি

ইনি যে সময়ে জন্মিয়াছিলেন, তদবধিই তুর্জ্জনেব প্রতি কোপনা এবং ইনি মাল্য, গন্ধ, অলঙ্কার ও নানাবিধ বন্ধ—এই সকল পরিধান কবিতেই জানেন" ॥১৪॥

জৌপদী বলিলেন—"ভরতনন্দন। লোকেব এইবাপ ধারণা আছে যে, লোক-সমাজে 'সৈরিক্সী'-নামে জীলোকেরা বেতনাদি না'লইয়া পরের ঘরে দাসীভাবে থাকে; অক্স জীলোকেরা এ ভাবে থাকে না ॥১৫॥

⁽১৪) মাল্যং গদ্ধান্—প্র। (১৫)---সম্ভি ভূভূতান্—ভা। পূর্বাদ্ধাৎ পরম্ 'ন বৈমান্তং ব্রিয়ো যান্তি ম্থান্তাঃ প্রাক্তন্ত্রিয়ং। একপদ্বীব্রতাশ্রৈতা ইতি লোকস্থ নিশ্চয়ং ।'—প্র। বিরাট-৪ (১২)

সাহং ক্রবাণা সৈরিন্ত্রী কুণলা কেশকর্মণি।

যুধিন্তিরস্থ গেহে বৈ দ্রোপতাঃ পরিচারিকা ॥>৬॥

উবিতাস্মীতি বক্ষ্যামি পৃষ্টা রাজ্ঞা চ ভারত!।

আত্মগুপ্তা চরিষ্যামি ষন্মাং ত্বং পবিপ্চছিদ ॥>৭॥ (যুগ্মকম্)

হুদেক্ষাং প্রত্যুপস্থাস্থে রাজভার্য্যাং ষশস্থিনীম্।

সা রক্ষিষ্যতি মাং প্রাপ্তাং মা ভূত্তে হুঃখমীদৃশম্ ॥>৮॥

যুধিন্তির উবাচ।

কল্যাণং ভাষদে কৃষ্ণে! কুলে জাতাসি ভাবিনি!। ন পাপমভিজানাসি সাধু সাধ্বীব্ৰতে স্থিতা॥১৯॥

ভারতকৌমূদী

নেতি। নাহম্, কেশকর্মনি কেশসংস্কাবকার্য্যে, কুশলা নিপুণা সৈবিদ্ধী ইতি ব্রুবাণা, বাজ্ঞা বিবাটেন 'বং পূর্বাং কাসী:' ইতি পৃষ্টা চ সতী, মুধিষ্টিরক্ত গেহে প্রোপড়াঃ পবিচাবিকা সতী উবিতা কৃতবাসা আন্দ্র ইতি বক্ষ্যামি। প্রঞ্চ আত্মনৈব গুপ্তা বক্ষিতা সতী চবিক্সামি। বং যন্মাং পরিপৃচ্ছিদি, তদেতত্ত্তমিতি শেষঃ ॥১৬—১৭॥

তত্ত্ব তৃ কিং করিব্রদীত্যাহ—স্থদেফামিতি। স্থদেফাং নাম যশবিনীং বাজভার্যাম, প্রত্যূপ-ছান্তে নেবিক্সে। তথাত্বে চ দা প্রাপ্তাং তত্ত্ব গতাং মাং বক্ষিক্সতি। অতএব তে তব ঈদৃশং ক ছাশ্রামি কিং করিক্সামি বেত্যাদিকণম, ছংথম্ছেগঃ মা ভূৎ ॥১৮॥

প্রশংসতি — কল্যাণমিতি। হে ভাবিনি! সংস্বভাবে! ক্কফে! স্থং কল্যাণং যুক্তিযুক্ত-ভাবতভাবদীপঃ

ভাব: । পক্ষে নৈক প্রকাশে যান্তি সঞ্চরন্তীতার্থ: ১১৪ ক্রোপন্তা: পবিচাবিকেতি "বাহো: শিব:" ইতিবদভেদেহপি ভেদোপচাব: । ক্রোপদীরূপা বৃধিষ্টিবস্ত পবিচারিকেতার্থ: ॥১৬—২০॥ ইতি শ্রীমহাভাবতে বিরাটপর্কাশি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে তৃতীযোহধ্যায: ॥৩॥

'আমি কেশসংস্থারকার্য্যে নিপুণ সৈরিক্সী' এই কথা বলিরা আত্মপবিচয় দিব এবং বাজা জিজ্ঞাসা কবিলে বলিব যে, আমি জৌপদীর পবিচারিকা হইয়া যুধিষ্টিবেব বাড়ীতে ছিলাম। এইভাবে আমি আপনিই আপনাকে রক্ষা করিতে থাকিয়া চলিব। ভবতনন্দন। আপনি আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, ্ই তাহা বলিলাম ॥১৬—১৭॥

এবং আমি—যশস্বিনী রাজমহিষী স্থদেফাদেবীব পরিচর্য্যা করিব; তাহা হইলেই তিনি আমাব বন্দণাবেক্ষণ করিবেন; অতএব রাজা! আমাব বিষয়ে আপনার যেন এবপ উদ্বেগ হয় না" ॥১৮॥

⁽১৬)---গেহেহস্তি —ভা। (১৯)---জাতাসি ভামিনি !—বা ব রা।

যথা ন তুর্হানঃ পাপা ভবন্তি স্থানঃ পুনঃ।
কুর্য্যান্তথা ত্বং কল্যাণি! লক্ষ্যেয়ুর্ন তে যথা॥২০॥
তি শ্রীমহাভারতে শতদাহন্দ্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং বিরাটপর্বাণি
পাণ্ডবপ্রবেশে যুর্ঘিষ্ঠিবাদিমন্ত্রণে তৃতীয়োহধ্যায়ঃ॥০॥

চতুর্থোঽধ্যায়ঃ।

-:*:---

যুধিষ্ঠির উবাচ। কর্মাণ্যুক্তানি যুম্মাভির্যানি যানি করিষ্যথ। মম চাপি যথাবুদ্ধি রুচিতানি বিনিশ্চয়াৎ॥১॥

ভারতকৌমূদী

ষাভক্তং ভাষসে। যেন হি তং কুলে সকলে জাতাসি, বিশেষভণ্চ তং সাধু সম্যাগেব সাধনীত্রতে সাধনীনিয়মে স্থিতা। অভএব চ তং পাপং কর্ছ্যুং নাভিজ্ঞানাসি ॥১৯॥

উপদিশতি—যথেতি। হে কল্যানি । পাপা হুর্ন্তঃ শত্রবো হুর্ব্যোধনাদয়, যথা পুনর্ন স্থাথনো ভবস্তি। হেতৃগর্তমূক্তার্থমেব স্পষ্টযতি—তে যথা থাং ন লক্ষ্যেযুর্ন জানীয়ুং, স্বং তথা কুর্যাঃ ॥২০॥ ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভাবতটীকায়াং ভারতকৌমূদীসমাখ্যায়াং বিবাটপর্বানি পাণ্ডবপ্রবেশে তৃতীযোহধ্যায়ঃ ॥০॥

--:4:--

কর্মাণীতি। যুগং যানি যানি কর্মাণি করিক্সও, তানি তানি কর্মাণি যুমাভিকজানি। মমাণি চ যথাবৃদ্ধি বিনিশ্চযাৎ তেখেচিত্যাবধারণাৎ ক্ষচিতানি তাক্তেবাভিপ্রেতানি। অতঃ সর্বেবা-মেবাভিমতখান্তাক্তেবাস্থাকমিদানীং কর্ম্বব্যানীতি ভাবঃ ॥১॥

যুখিষ্ঠিব বলিলেন—"সংস্বভাবে! জৌপদি। তুমি সহংশে জন্মিয়াছ, তা'ব পর, আবাব যথাযথভাবে সাধ্বীর নিয়মে বহিয়াছ এবং কোন পাপকার্য্য জানই না। তাই তুমি ভাল কথাই বলিয়াছ॥১৯॥

সে যাহা হউক, কল্যাণি। পাপাত্মা শক্ররা যেন আবাবও স্থুখী হয় না—
অর্থাৎ তাহারা যাহাতে তোমাকে জানিতে না পাবে, তুমি তাহাই কবিওঁ ॥২০॥

⁽২০) ক্যান্তবং হি—বা ব বা ভা। (১)---মম চাপি মথা বৃদ্ধিচিতা বিধিনি-চমাৎ – বা ব রা।

পুবোহিতোহয়মস্মাকময়িহোত্রাণি রক্ষতু।
সূতপোবোগবৈঃ সার্দ্ধং ত্রুপদস্থ নিবেশনে ॥২॥
ইন্দ্রসেনাদয়শ্চেমে রথানাদায় কেবলান্।
যাস্ত দ্বারবতীং শীদ্রমিতি মে বর্ত্ততে মতিঃ ॥৩॥
ইমাশ্চ নার্য্যো জৌপড়াঃ সর্বাশ্চ পরিচারিকাঃ।
পাঞ্চালানেব গচ্ছস্ত সূদপোবোগবৈঃ সহ ॥৪॥
সর্বৈরপি চ বক্তব্যং ন প্রাক্তায়ন্ত পাশুবাঃ।
গতা ছস্মানপাকীর্য্য সর্ব্বে হৈতবনাদিতি ॥৫॥

ভাৰতকৌমুদী

পুর ইতি। অবং পুরোহিতো ধৌন্যা, স্তাঃ নাবধবঃ পৌরোগবাঃ পূর্ববিদ্যাশ্যানাৎ পাক-স্থানাধ্যক্ষান্চ তৈঃ সার্দ্ধং গদ্বেতি শেষং, ক্রপদন্ত বাজ্ঞঃ, নিবেশনে গৃহে অম্মাক্ময়িহোত্রাণি বক্ষত্ যথাবিধি হোমাদিনা নির্বর্জ্যতু, পুরোহিতক্ত প্রধানপ্রতিনিধিত্বাৎ ৪২॥

ইল্রেডি। ইমে ইল্রসেনাদয়ক প্রধানা: সারথয়, কেবলান্ আবোহিশ্রান্ বথান্ আদায শীল্লং দারবতীং দারকাং নগরীং যাস্ক। ইতি মে সতিরিচ্ছা বর্ত্ততে ।৩।

ইয়া ইতি। ইয়া: সর্বা ক্রোপড়া: পবিচাবিকা নার্যন্দ, স্থা: পাচকা: পোবোগবা অপবে পাকস্থানাধ্যক্ষান্দ তৈ: সহ পাঞ্চালান্ দেশানেব গচ্ছস্ক , জ্ঞাপদনিবেশনে বস্তুমিতি ভাব: ॥৪॥

ভাৰতভাৰদীপঃ

কর্মাণীতি ॥১॥ অগ্নিহোত্রাণি অগ্নিহোত্রাপাত্রাণ্যরণীসহিতানি হোমসাধনভূতা ধেহর্বা।
॥২—৪॥ ন প্রাক্তাবত্তেতি যথার্থমেব। রহক্ষেব তৈর্মংস্তাদেশে বন্তব্যমিতি মন্ত্রিতথাৎ

যুধিষ্ঠির বলিলেন—"তোমরা যে যে কার্য্য করিবে, তাহা বলিয়াছ; আমারও বুদ্ধি অনুসাবে সঙ্গত বোধ হওয়ায় এইগুলিই অভিপ্রেত হইল ॥১॥

এখন এই পুবোহিত ধৌম্যঠাকুব সার্থিগণ ও প্রধান পাচকগণের সহিত যাইরা জ্পদরাজার বাড়ীতে থাকিয়া আমাদেব অগ্নিহোত্রযাগ সম্পাদন করিতে ধাকুন ॥২॥

এবং ইন্দ্রসেনপ্রভৃতি এই সার্থিরা আরোহিশৃত্য রথগুলি লইয়া সত্বর দারকা-নগরে গমন করুক; ইহাই আমার ইচ্ছা ॥৩॥

আব, এই সকল দৌপদীব পরিচাবিকা নারীবা পাচকগণ ও অন্য প্রধান পাকস্থানাধ্যক্ষগণের সহিত পাঞ্চালরাজের বাড়ীতেই গমন ককক ॥৪॥

⁽৩) ইক্রসেনম্থান্চেমে—বা ব রা ভা। (৪)…সর্বনাঃ পরিচারিকাং…স্তপোরোগবৈঃ
সহ—প্র ভা বা ব রা। (৫)…গভা ক্সানপাহায়—রা। ইভঃ পরম্ 'বৈশন্পায়ন উবাচ।
এবং তেহজোন্তমামন্ত্রা কর্মাণ্যুক্ত্রা পৃথক্ পৃথক্। ধোমামান্ত্রয়ামান্তঃ স চ ভান্ মন্ত্রমন্ত্রীং।'
—প্র বা ব রা।

ধোম্য উবাচ।

বিদিতং পাগুবাঃ! সর্বাং ব্রাক্ষণেরু স্কর্থন্ত চ।
যানে প্রহরণে চৈব তথৈবাগ্নিরু ভারত!॥৬॥

ত্বরা রক্ষা বিধাতব্যা কৃষ্ণারাঃ কাল্পনেন চ।
বিদিতং বো যথা সর্বাং লোকর্ত্তমিদং নূপ!॥৭॥
বিদিতে চাপি বক্তব্যং স্ক্তন্তিরসুবাগতঃ।
ভাতোহহমপি বক্যামি হেতুমাত্রং নিবোধত॥৮॥

ভারতকৌমুদী

ইন্দ্রসেনাদীমুপদিশতি—নর্বৈবিতি। পাগুবাং ক বর্ত্তক্তে ইতি কেনাপি পৃষ্টে যুখাভিং সর্বৈরপি চ ইতি বক্তব্যম, যৎ, অম্মাভিং পাগুবা ন প্রাক্তায়স্ত। হি যম্মাৎ, সর্বে পাগুবাং, অম্মান, অপাকীর্য্য অপহায়, বৈতবনাদেব গতাং ॥৫॥

বিদিতমিতি। হে ভারত ! যুধিষ্ঠিব ! হে অপরে পাওবাশ্চ ! ব্রাহ্মণেরু স্বর্থস্থ চ, যানে রণাভাবোহনে, প্রহরণে যুদ্ধে, তথৈব অগ্নিয়ু অগ্না পোতেষু চ, যৎ যৎ কর্ত্তব্যমিতি শেষঃ, তৎ সর্বমেব যুমাভিবিদিতম্ ॥৬॥

ষরেতি। হে নুপ! যা ফাস্কনেন অর্জুনেন চ, রুফারা শ্রোপভাং, রক্ষা বিধাতব্যা, তব সভাবতিত্বেন রাজসরিধানাৎ অর্জুনন্ত চান্তঃপুরস্থারিছেন শ্রোপভা এব সারিধ্যাদিতি ভাবঃ। প্রাধান্তেনেদম্পদিশ্য সাধারণ্যেনোপদেষ্ট্রং প্রসাদরতি—বিদিতমিতি। ইদং সর্বাং লোকবৃত্তং লোকিকব্যবহাবো ঘথা ঘথার্থমেব বো মুমাকং বিদিতমন্তি ॥৭॥

ভারতভাবদীপঃ

াং। বিহিতং শাস্ত্রোক্তং ব্রাহ্মণাদিয় উপস্থিতেয়ু পরিচর্ব্যাদিকং পাগুবা: সর্বাং জানস্তীতি শেবং। যানে বিজয়ঘাত্রায়াম্, প্রহরণে যুদ্ধে। যজপ্যবং তথাপি কিঞ্চিৎক্যামীতি ভাবং ॥৬॥ তদেবাহ—ছয়েতি। ত্বয়া যুধিষ্টিবেণ, ইদং লোকবৃত্তং প্রাকৃতজ্বনশীলম্, অরক্ষামাণান্থ স্তীযু

কেহ জিজ্ঞাসা করিলে তোমরা সকলেই ইহা বলিবে যে, পাগুবদের সংবাদ আমবা জানি না। কারণ, তাঁহারা সকলেই আমাদিগকে পবিত্যাগ করিয়া হৈতবন ইইতেই চলিয়া গিয়াছেন" ॥৫॥

ধৌম্য বলিলেন—"যুধিষ্ঠির! অপর পাশুবগণ ৷ ব্রাহ্মণগণ, বন্ধুগণ, যানারোহণ ও যুদ্ধপ্রভৃতিবিষয়ে এবং অগ্নিপ্রভৃতির উৎপাতে যাহা যাহা কর্তব্য, সে সমস্তই তোমাদেব জানা আছে ॥৬॥

প্রধানতঃ তুমি ও অর্জুন জৌপদীকে রক্ষা করিবে। বাজা! এই দৌকিক ব্যবহার সকলই তোমাদেব যথাযথভাবে জানা আছে ॥৭॥

⁽৬) বিহিতম্—বা ব রা ভা, ---পাগুবা: দর্ব্বে—প্র। (৭)---বিদিজ বো ষথান্তায়ম্ —প্র। (৮) উভয়ার্দ্ধয়োর্মধ্যে 'এর ধর্মক কামক অর্থকাপি ন সংশয়ং' ইত্যব্ধং —প্র।

হস্তেমাং রাজবদতিং রাজপুত্রা ত্রবীমি বং।

যথা-রাজকুলং প্রাপ্য সর্ববান্ দোষাংস্তরিষ্যথ ॥৯॥

. তুর্ববসং ত্বেব কোরব্যা জানতাং রাজবেশ্মনি।

অমানিতৈর্মানিতৈর্বা অজ্ঞাতিঃ পরিবৎসরম্ ॥১০॥

দিউদ্বারো লভেদ্দ্রফীংন চ রাজস্থ বিশ্বদেৎ।

তদেবাসনমন্বিচ্ছেদ্যত্র নাভিষ্যজেৎ পরঃ ॥১১॥

ভাবতকৌমুদী

তর্হি ভবান্ নিবর্শ্বতামিত্যাহ—বিদিত ইতি। বিদিতে চাপি, স্বহৃদ্ধিং, অন্বর্গাগতঃ ম্বেহাদেব, পূনর্বক্তব্যং তল্লোকবৃত্তমিতি শেষ:। অতঃ অহমপি, হেতুমাঞ্জং স্ববণকাবণমাঞ্জং কেবলম্ববণার্থ-মিত্যর্থঃ তৎ বক্ষ্যামি, নিবোধত যুদ্ধং তৎ শৃণুত ॥৮॥

হম্বেতি। হস্তেতি থেদে। হে বাজপুতাং। বো যুমান্, ইমাং বাজবসতিং রাজকুলে বাসপ্রকাবং ব্রবীমি। যথা যেন, বাজকুলং বিরাটবাজভবনং প্রাপ্য সর্কান্ দোষান্ তবিষ্কথ অতিক্রমিয়াথ ॥ ।।

ত্র্বসমিতি। হে কৌরব্যা:। জানতাং সর্বান্ বিষয়ান্ ব্ধ্যমানানামপি জনানান্, বাজবেশ্মনি, ত্থাবেনায়ত ইতি ত্র্বসং ভাবে থল্, ত্থাবেনিব বাস: কর্ত্তব্য ইত্যর্থ:। অতএব মুমাভি: পরেণ অমানিতৈর্বা দিউ:, অজ্ঞাতৈবেব, পবিবংসরমিমং সংবংসরং বস্তব্যমিতি শেব:, তথৈব প্রতিজ্ঞাতত্বাদিতি ভাব:। অত্যক্তসংযোগে বিতীয়া ৪১ • ৪

ভাবতভাবদীপঃ

সাধ্বীষপি অন্তায্যকল্পনম্, অতঃ ক্লফা বলৈগবেতার্ধ: ॥ ৭॥ বিদ্বাংসোহপি স্থন্তন্তি: প্রীত্যাবশ্যং বোধনীয়া এবেত্যাহ—বিদিতে চাপীতি। এবং সোহার্দ্দপ্রদর্শনেন ধর্মাদল্লোহন্ত্সতা ভবন্তীতি ভাব: ॥৮॥ হন্তেতান্ত্বস্পাধাম, বাজবসতিং রাজকুলে বাসং তদ্বিধিমিতার্থ: ॥২॥ ত্র্বসং

জানা থাকিলেও, স্নেহবশতঃ বন্ধুজনের আবাৰও তাহা বলা উচিত। তাই আমিও কেবল স্মৰণ করিবাৰ জন্মই বলিতেছি; তোমরা শ্রবণ কব ॥৮॥

বাজপুত্রগণ। আমি ভোমাদেব নিকটে বাজভবনে বাস করিবাব বীতি বলিতেছি; যাহাতে তোমরা বাজভবনে থাকিষা সমস্ত দোষ হইতে উত্তীর্ণ হইবে ॥२॥

কুকবংশীয়গণ। অভিজ্ঞ লোকদেব পক্ষেও রাজভবনে বাস করা তৃষ্কব; অতএব অস্তা লোক তোমাদেব সম্মান কব্দক বা না-ই কব্দক, এই এক বংসব তোমাদের অজ্ঞাতভাবে বিরাটবাজার ভবনে বাস করিতেই হইবে ॥১০॥

^{(&}gt;•) ··· জনতা রাম্ববেশ্বস্থ — ভা। উভয়ার্দ্ধযোর্মধ্যে 'পাণ্ডবান্নিবয়ং লোকে সর্বংশস্ত্রময়ো মহান্। ভর্তা গোগ্ডা চ ভূতানাং রাজা পুরুষবিগ্রহঃ ।' ইত্যধিকঃ শ্লোকঃ—প্র।··· 'অমানিতাঃ স্থমানার্হাণ স্বজাতাঃ পরিবংসরম্'।—প্র। 'ততক্তৃদ্ধশে বর্ষে চরিক্সথ মধা স্থম্'—প্র বা ব রা। (>>) ··· রহক্তের্ ন বিশ্বসেং—প্র।··· যচ্চ নাভিয়ম্বেং পরঃ—ভা।

যো ন যানং ন পর্যাক্ষং ন পীঠং ন গজং রথম্। আরোহেৎ সম্মতোহস্মীতি স রাজবসতিং বসেৎ ॥>২॥ অথ যত্রৈনমাসীনং শঙ্কেরন্ ত্রুটচারিণঃ। ন তত্রোপবিশেদ্ যো বৈ স রাজবসতিং বসেৎ ॥>৩॥

ভারতকোমুদী

বাদপ্রকারম্পদেষ্ট্যাবভতে—দিষ্টেতি। প্রবেশেক্ছাবাং জ্ঞাপিতাবাং দিষ্টং দারপালেন প্রবেষ্ট্রম্পদিষ্টং দারং যশু স তাদৃশো জন এব, রাজানং ক্রষ্ট্রং লভেৎ প্রাপ্ন রাৎ। বাজস্ক চ ন বিশ্বসেৎ,
তেথামস্থিবচিত্তত্বাৎ। তদাসনমেব অন্বিচ্ছেৎ উপবেষ্ট্রং মার্গবেৎ, যত্র পবো জনঃ ন অভিবজেৎ
চিবোপবেশনার সংস্ক্রেছে ॥১১॥

য ইতি। সম্মতঃ অহং রাজ্ঞঃ প্রিয়োহস্মীতি মন্বা যো জনঃ, রাজ্ঞো যানং নে কাদিকং ন, পর্যান্ধং থটাং ন, পীঠমাসনং ন, গলং হস্তিনং ন, বথঞ্চ ন আবোহেৎ, স জন এব, বাজ্ঞো বসতিং গৃহম্, বসেং বস্তুং শক্র্যাৎ, অন্তথা তু রাজৈব বিবজ্ঞ্যা তং নিকাশয়েদিতি ভাবঃ। বসেঃ সকর্মকত্ব-মার্যম্। "বসতী বাজিবেশ্মনোঃ" ইত্যামবঃ ॥১২॥

অথেতি। অথ তৃষ্টচাবিণো তৃষ্টনাং, যত্র আসীনস্পবিষ্টম, এনং বাসাভিলাবিণং জনম, শঙ্কেরন্ অথং মৎপদমাদাতৃমিচ্ছতীতি সন্দিহীবন্, তত্ত্ব আসনে যো নোপবিশেৎ, স এব রাজ-বসতিং বসেৎ, অন্যথা তে তৃজ্জ না এব তং বহিছুর্ ্বিত্যাশয়ঃ ॥১৩॥

ভাবতভাবদীপঃ

ছাথেন বন্তাং শক্যম্ ॥১০॥ দৃষ্টবারঃ প্রতীহারবারা নিবেছের রাজানং প্রষ্থাক্তির বন্ধজাত ইতার্থ:। দিষ্টেত্যপি পাঠ:। পাঠান্তবে বহুছের মন্ত্রকার্য্যের ন বিশ্বসেৎ সন্মতোহন্মীতি বৃদ্ধা তত্ত্ব ন গচ্ছেৎ। পূর্রাদিবপি অবিশ্বস্তা রাজানো মন্ত্রবিশ্বস্তবাৎ সভাে মার্যেয়্রিতি ভাব:। তদেবেতি পরেণ সহ বৈরং মা ভূদিতি পরাসনং নাম্বিছেৎ ॥১১॥ যানং প্রকীষমিতি শেষ: ॥১২॥ তৃষ্টচারিণাে তৃষ্টাচারাঃ যত্ত্ব যত দৃত্তমন্তবেশ্বাদিস্থানের স্বনগরস্থপবকীয়চাবমগুলে বা স্থানীনমেনং দৃতোদিপ্রিয়োহ্যং পরৈর্ভেদিতােহয়মিতি শক্ষেরংস্কত্ত্ব নােপবিশেৎ। রাজ-

অতএব প্রতিহারী দ্বাব ছাড়িয়া দিলেই বাজদর্শন পাইবে, বাজাদেব উপরে বিশ্বাস কবিবে না এবং যে আসনে অন্ত লোকেব উৎপাত না হয়, সেই আসনেই উপবেশন কবিবার চেষ্টা কবিবে ॥১১॥

'আমি রাজাব প্রিয় হইয়াছি' ইহা মনে কবিয়া যে লোক রাজার যান, পর্যাঙ্ক, আসন, হস্তী ও বথে আবোহণ কবে না, সেই লোকই বাজভবনে বাস কবিতে পাবে ॥১২॥

যেখানে উপবেশন করিলে তুর্জ্জনেবা আশঙ্কা কবে, সেইখানে যে উপবেশন কবে না, সেই লোকই রাজভবনে বাস কবিতে পাবে ॥১৩॥

^{(&}gt;७) यव यदेवानमानीनम्-वा व ज्ञा।

ন চানুশিষ্যাদ্রাজানমপৃচ্ছন্তং কদাচন।
তৃষ্ণীং ত্বেনমুপাসীত কালে সমভিপূজ্যন্ ॥>৪॥
তাসুয়ন্তি হি রাজানো জনাননৃতবাদিনঃ।
তথৈব চারমন্যন্তে মন্ত্রিণং বাদিনং মুষা ॥>৫॥
নৈষাং দারেষু কুবর্বীত মৈত্রীং প্রাজ্ঞঃ কদাচন।
তান্তঃপুরচরা যে চ ছেন্টি যানহিতাশ্চ যে ॥>৬॥
বিদিতান্যন্ত কুবর্বীত কার্য্যাণি স্বলঘূন্যপি।
এবং বিচরতো রাজ্ঞি ন ক্ষতির্জায়তে কচিৎ ॥>৭॥

ভারতকোমুদী

নেতি। অত কিং কর্তব্যমিত্যাদিরপেণ অপৃচ্ছন্তং রান্ধানম্, কদাচনাপি ন অন্থশিক্সাত্প-দিশেং। কিঞ্চ কালে যথাসময়ম্, সমন্তিপুন্ধয়ন্ অভিবাদনাদিনা সম্মান্যন্, এনং রান্ধানম্, তুঞ্জীং নীরবম্, উপাসীত ক্ষ্মীকৃত্য সমীপে উপবিশেং ॥১৪॥

অস্থস্তীতি। বাজানঃ, অনুতবাদিনো মিথ্যাবাদিনো জনান্, অস্থস্তি হি দোবাবিদাবেণ বিদ্বিস্ত্যেব , তবৈৰ চ মুবা মিখ্যাবচনশু বাদিনং মন্ত্ৰিণম্বমন্তস্তে ।১৫।

নেতি। প্রাক্তো বৃদ্ধিমান জনা, এবাং রাজ্ঞাং দারেষু ভার্যাস্থ, তথা যে চ জনা রাজ্ঞামস্তঃপুবচরাঃ, যাংশ্চ জনান্ রাজা ছেষ্টি, যে চ জনাঃ, রাজ্ঞামহিতাঃ শত্রবঃ, তেষু জনেষু চ, কদাচনাপি
মৈত্রীং প্রণয়ং ন কুর্বীত ।১৬।

ভারতভাবদীপঃ

গামিপৈণৃক্যভবাদিতার্থ: ॥১৬॥ নাহশিক্সাৎ ইদমিখং কুর্নিভি নাজাপরেৎ, তৃফীং মোনেন কালে পরাক্রমসমযে সমভিপূদ্ধেৎ স্থবীত ॥১৪॥ স্থতিরপাভূতার্থা ন কর্মব্যেত্যাহ—অস্মন্তীতি। দ্বয়ন্তীতার্থ: ॥১৫॥ যেহন্তঃপুবচরাঃ যাংশ্চ রাজা বেষ্টি যে চ রাজ্ঞাহহিতা বেষ্টারকৈঃ

রাজা জিজ্ঞাসা না করিলে কখনও তাঁহাকে উপদেশ দিবে না এবং যথাসময়ে রাজার সম্মান করিয়া তাঁহার নিকটে নীরবে বসিয়া থাকিবে ॥১৪॥

রাজারা মিথ্যাবাদী লোকদিগেব প্রতি বিদ্বেষ করেন এবং মিথ্যাবাদী মন্ত্রণা-দাতার প্রতি অবজ্ঞা করিয়া থাকেন ॥১৫॥

যাহাবা রাজার অন্তঃপুরে বিচবণ কবে, বাজা যাহাদের প্রতি বিদ্বেষ কবেন এবং যাহারা বাজাব শক্র, তাহাদের সঙ্গে কিংবা বাজাব ভার্য্যাদের সঙ্গে বৃদ্ধিমান্ লোক কখনও মিত্রতা করিবে না ॥১৬॥

⁽১৪) ন চাম্পিয়েং—ভা। (১৫) অত্যন্তীহ—ভা। (১৬)--প্রান্তঃ কথকন—ভা। (১৭) বিদিতে চাশ্ত—প্র বা ব রা, ---রাজ্ঞঃ –প্র, ---ন ক্ষিডির্জায়তে ক্ষ্যিং—ভা। ইতঃ পরম্ 'গচ্ছমণি পরাং ভূমিমপৃষ্টো হ্নিযোজিতঃ। জাত্যদ্ধ ইব মক্তেত মর্ব্যাদামহচিত্তয়ন্। নহি পুরেং ন নপ্তারং ন লাতরমরিন্দমাঃ। সমডিক্রান্তমর্ঘাদং পুলমন্তি নরাধিপাঃ।' ইতি ক্ষোক্ত্যমধিকম্—প্র বা ব রা।

যত্নাচ্চোপচবেদেনমগ্নিবদ্দেববচ্চ হ।
অনৃতেনোপচীর্নো হি হন্যাদেনমদংশগ্নগ্ন ॥১৮॥
যচ্চ রাজামুযুঞ্জীত তদেবাভ্যমুবর্নগ্নেৎ।
প্রমাদমবলেপঞ্চ ক্রোধঞ্চ পরিবর্জ্জয়েৎ॥১৯॥
সমর্থনাস্থ সর্ববাস্থ হিতঞ্চ প্রিয়মেব যৎ।
সংবর্ণয়েত্তদেবাস্থ প্রিয়াদিপ হিতং বদেৎ॥২০॥

ভারতকৌমুদী

বিদিতানীতি। স্থলঘূত্যপি অত্যন্ধাত্যপি কার্য্যাণি, অক্স রাজ্ঞা বিদিতাত্তেব কুর্বীত। এবমিখন, রাজ্ঞি রাজভবনে, বিচরতো জনস্ত, ফচিদপি কতির্ন জায়তে ৪১৭৪

যত্নাদিতি। বিশ্ব, এনং রাজানম্, অগ্নিবৎ দেববচ্চ, উপচরেৎ সেবেত। হশবাং পাদপুরণে। হি যাঝাৎ, অনুতেন মিথ্যাভক্তিপ্রদর্শনেন, উপচীর্ণ: সেবিতো রাজা, এনম্ উপচারকং সেবকম্, অসংশয়ং হক্তাৎ, তাং মিথ্যাভক্তিং জানন্ ॥১৮॥

যদিতি। কিঞ্চ, বাজা যদন্তযুক্তীত পৃচ্ছেৎ। "প্রেমেংচ্যুবোগং পৃচ্ছা চ" ইত্যমর:। তদেব অভ্যন্তবর্ণরেৎ বিবৃত্য বদেৎ। "ন চাম্পিয়ান্তাজানন্" ইত্যাদিনা অপৃষ্টে উপদেশনিবেধঃ, অত্ত বর্ণনানিবেধ ইতি ভেদঃ। প্রমাদং সন্মানপ্রাদর্শনাদাবনবধানতাম্, অবলেপং গর্কম্, জোধঞ্চ, পরিবর্জ্বয়েৎ ৪১৯।

ভারতভাবদীপঃ

নর্কৈ: সহ মৈত্রীং ন কুর্যাৎ ॥১৬॥ রাজ্ঞি রাজসরিধো বিচরতো বিচারপূর্বকং বদতো ন ক্ষতিমানহান্তাদির্জায়তে ॥১৭॥ (পাঠান্তরে) গচ্চরিতি। পরাম্ উৎকুষ্টাং ভূমিং নিতাং গচ্ছন্ আদনার্থং প্রাপ্ত্রন্ বাজ্ঞা অপৃষ্টোহদভাবিতোহনিয়োজিতঃ যে স্থানে উপবিশেতানাজ্ঞপ্তাে জাতাদ্ধ ইব তৎস্থানমপশুস্তমিবাত্মানং মন্ত্রেত, যাবপ্রাক্তা ন সম্ভাষতে নাপা।সনং দিশতি তাবং প্রতীক্ষে-তৈবেতার্থঃ ॥১—২॥ অক্তথা দোষমাহ—ন হীতি। বত্নাদিতি। অতিসানিধ্যাদ্যিরিব রাজ্ঞা দহতি অবজ্ঞানাদেব ইব দর্কং হরতীতার্থঃ। অনুতেন কৃটকার্যাপণাদিনা উপচীর্ণ আরাধিতঃ হস্তাদেব ॥১৮॥ ভর্জা বাজা, অমৃষ্কীত আক্ষাপ্রেৎ প্রেছ্বা। অম্বর্জ্ঞবিৎ কুর্যাদ্বদেশা।

আর, অতিসাধাবণ কার্য্য হইলেও, তাহা রাজাব বিদিত অবস্থাতেই করিবে। এইভাবে রাজভবনে যে লোক অবস্থান কবে, তাহাব কখনও ক্ষতি হয় না॥১৭॥

যত্নপূর্বক অগ্নির স্থায় এবং দেবভাব স্থায় বাজাব সেবা করিবে ; কিন্তু মিণ্যা-ভাবে বাজার সেবা কবিলে, ভিনি নিশ্চয়ই সেবককে বিনষ্ট করেন ॥১৮॥

বাজা যাহা জিজ্ঞাসা করিবেন, তাহাই বর্ণনা করিবে এবং অসাবধানতা, গর্ব্ব ও কোধ পবিত্যাগ কবিবে ॥১৯॥

⁽১৮)···হন্তাদেব ন সংশয়:—বা ব রা। (১৯) যচ্চ ভর্জা—প্রা, যদ্যন্তর্জা···অভ্যন্থ-বর্জয়েৎ—বা ব রা ভা, ···প্রমাদমবহেলাঞ্চ— জা। (২০)···প্রিয়মেব চ।···হিতাদপি প্রিয়ং বদেৎ—জা।

বিয়াট-৫ (১২)

অনুকৃলো ভবেচ্চাস্ত দৰ্বাস্ত চ কথাস্থ চ।
অপ্রিয়ঞ্চাহিতং যৎ স্থান্তদম্ম নামুবর্ণয়েৎ ॥২১॥
নাহমস্ত প্রিয়োহস্মীতি মন্তা দেবেত পগুতঃ।
অপ্রমন্তশ্চ যক্তশচ হিতং কুর্য্যাৎ প্রিয়ঞ্চ যৎ ॥২২॥!
নাস্তানিফানি দেবেত নাহিতৈঃ সহ সংবদেৎ।
স্বস্থানাম বিকম্পেত স বাজবসতিং বদেৎ ॥২৩॥

ভারতকৌমুদী

সমিতি। সর্বাহ্ সমর্থনাত্ম কর্মব্যাকর্মব্যালোচনাত্ম, অস্ত রাজ্ঞা, যৎ হিতং যক্ত প্রিযম, তদেব সংবর্গযেৎ বদেং। হিতপ্রিয়যোকভয়োঃ কথনাসম্ভবে কিং বদেদিত্যাহ—প্রিযাদিতি। প্রিয়াদিপি প্রিয়ং পরিত্যাজ্যাপি, ল্যব্লোপে পঞ্চমী, হিতং বদেং। হিতাসম্ভবে তু নীবব এব তিঠেদিতি ভাবঃ । ২০।

অন্নিতি। সর্ব্ধাস্থ কথাস্থ আলোচনাম্বের, অন্ত রাজ্ঞ: অমূক্ল: পক্ষপাতী ভবেৎ। রাজ্ঞা যৎ অপ্রিযমহিতঞ্চ স্তাৎ, অন্মৈ রাজে, তৎ নামূবর্ণযেৎ ন বদেৎ ।২১॥

নেতি। পণ্ডিতো বৃদ্ধিমান্ জন:, অহমতা রাজ্ঞ: প্রিযোহশ্মি ইতি মন্থা রাজানং ন সেবেত, তথান্থে কদাচিৎ সেবাশৈথিল্যমণি তাদিতি ভাব:। তথা অপ্রমন্তঃ সাবধানক্ষ, যতো বন্ধবাংক সন্, রাজ্ঞো যৎ হিতঃ প্রিয়ঞ্চ তাৎ তদেব কুর্যাৎ ॥২২॥

ভারতভাবদীপঃ

প্রমাদম অনবধানতাম, অবলেশং শৌর্ঘাদিগর্কম্ ॥১৯॥ সমর্থনাম্ব, কার্ঘাকার্যপরীক্ষাম্ব হিতং পরিণামম্বণং প্রিমং শ্রুতিম্বাক্ষ বদেং। উভযোঃ সমূচ্যাসম্ভবে প্রিমাদিশি হিতং ভবেং প্রিমাং ত্যক্তাশি যদ্ধিতং ভবেং তদেব বদের তু হিতবিবাধি প্রিমং বদেদিতার্থঃ ॥২০॥ অত্য সর্বার্থের সর্বেম্বর্থসাধনের অমুকুলো বত্ববান্ ভবেং, ন তু প্রাতিকুল্যমালতাং বা কুর্ঘাদিতার্থঃ ॥২১॥ পণ্ডিতঃ পবিহাসকঃ। "পণ্ডিতঃ সিহলকে করোঁ" ইতি বিশ্বঃ। থণ্ডিত ইতি পার্টে বিচ্ছিত্য ন সেবেড কিং ভবিচ্ছেদেনৈব সেবেডেতার্থঃ। অপ্রমন্তোহবহিতঃ ॥২২॥ অস্থানাং

সর্বপ্রকাব কর্ত্তব্য ও অকর্ত্তব্যেব আলোচনাব সময়ে—যাহা বাজার হিত ও প্রিয় হইবে, তাহাই বলিবে এবং উভয়েব অসম্ভবস্থলে প্রিয় পরিত্যাগ করিয়াও হিতই বলিবে ॥২০॥

সমস্ত আলোচনাতেই নাদ্রার পক্ষপাতী হইবে; কিন্তু যাহা রাদ্রার অহিত ও অপ্রিয, তাহা রাদ্রার নিকট বলিবে না ॥২১॥

'আমি বাজার প্রিয়' ইহা মনে করিয়া বৃদ্ধিমান্ লোক রাজসেবা কবিবেন না এবং সাবধান ও যত্নবান্ হইয়াই—যাহা রাজাব হিত ও প্রিয়, তাহা কবিবেন ॥২২॥

⁽২১)···অপ্রিয়ঞ্ হিতং যৎ স্থাৎ – ভা। (২)···স্হ সংবদ্ধেৎ—বা ব রা, সহ সংবিশেৎ—ভা।

দক্ষিণং বাথ বামং বা পার্শ্বমাসীত বাগ্যতঃ। বক্ষিণাং হ্যান্তশন্ত্রাণাং স্থানং পশ্চাদ্বিধীয়তে ॥২৪॥ নিত্যং বিপ্রতিষিদ্ধং হি পুরস্তাদাসনং মহৎ। ন চ সন্দর্শনে কিঞ্চিৎ প্রবৃত্তমণি সংজ্পেৎ ॥২৫॥

ভাবতকৌমুদী

নেতি। যা খলু অশু রাজ্ঞা অনিষ্টানি ন সেবেত ন কুর্য্যাৎ, অশু অহিতৈঃ শক্রতিঃ সহ ন সংবসেৎ ন সংস্কারেণ, স্বস্থানাৎ সভাদো বাজনির্দিষ্টাত্মস্থানাৎ ন বিকম্পেত ন বিচলেৎ স্থানান্তরং নাশ্রবেদিতার্থা, স এব রাজবস্তিং বসেৎ ॥২৩॥

দক্ষিণমিতি। বৃদ্ধিমান্ জনং, বাগ্যতো নীববং সন্, রাজ্ঞা দক্ষিণং বা বামং বা পার্থ-মাপ্রিত্য আসীত উপবিশেৎ। হি যত্মাৎ, আন্তশস্ত্রাণাং গৃহীতাস্ত্রাণাং রক্ষিণাং বাজ্ঞঃ শরীররক্ষকাণাম্, স্থানমেব রাজ্ঞঃ পশ্চাদেশে বিধীযতে নীতিবিদ্ধিঃ। অতন্তত্র নাসীত ইত্যাশয়ঃ ॥২৪॥

অথ তর্হি রাজ্ঞঃ পুবস্তাদাসীতেত্যাহ—নিত্যমিতি। পুরস্তাৎ রাজ্ঞঃ সমূথে, আসনম্ উপবেশনম্, নিত্যং হি সর্কদৈব, মহৎ সাতিশবং যথা আত্তথা, বিপ্রতিবিদ্ধং বিশেবেণ নিবিদ্ধং নীতিবিদ্ধিং, বাদিপ্রতিবাদিস্থানভাৎ অক্যাগমননিবোধাচেতি ভাবঃ। কিঞ্চ সন্দর্শনে প্রত্যক্ষে, প্রবৃত্তং জাতমপি, কিঞ্চিৎ গোপনীবং মন্ত্রণাদিকম্, ন সংজ্ঞানে অক্তঞ্জাবেনাপি ন বদেৎ ॥২৫।

ভাবতভাবদীপঃ

যাজদন্তার বিকম্পেত ন চলেৎ ॥>৩॥ পণ্ডিতো বিছাবান্, বাজানং কথাভী রময়ন্ পার্থে ডিঠেৎ বিষ্ণিাং রাজগোগুণাং তু স্থানং পৃষ্ঠতঃ ॥২৪॥ শূবেণ পণ্ডিতেন বা, পুরস্তাৎ আসনম্ উপবেশনং ন কর্ষব্যমিত্যর্থঃ। রাজ্ঞাং সন্দর্শনে সমক্ষং প্রবৃত্তমণি ভক্তবেতনাদিদানম্ অহংপূর্বিকয়ানা-

যিনি রাজাব অনিষ্ট করেন না, রাজার শত্রুদের সহিত মিলিত হন না এবং আপন স্থান হইতে অক্সস্থানে যান না, তিনিই রাজভবনে বাস কবিতে পাবেন ॥২৩॥

বৃদ্ধিমান্ লোক নীরব হইয়া রাজার দক্ষিণপার্শ্বে বা বামপার্শ্বে বিসবেন। কেন না, নীভিজ্ঞ পণ্ডিভেরা অস্ত্রধারী রক্ষিপুক্ষদের জন্মই বাজার পশ্চান্তাগেব স্থান বিধান করিয়াছেন ॥২৪॥

নীভিজ্ঞ পণ্ডিভেবা বাজাব সম্মুখে উপবেশনটাকে সর্ব্বদাই নিষেধ কবিয়াছেন। আর, নিজের সমক্ষে কোন গুপু আলোচনা হইলেও, তাহা অন্তত্র গুপুভাবেও বলিবে না ॥২৫॥

⁽২৪)---আসীত পণ্ডিতঃ--বা ব বা ভা,---বক্ষণা শত্রুশন্তাণাং স্থানং পশ্চাবিধীয়তে--ভা। (২৫) নিতাং বিপ্রতিধিক্ষ ভূ---প্রবৃদ্ধমপি--প্র,---সংক্ষয়েৎ--বা ব রা।

অপি হেতদ্বিদ্রোণাং ব্যলীকস্থানমূত্তমন্।
ন মুষাভিহিতং রাজ্ঞা মনুষ্যেরু প্রকাশয়েৎ ॥২৬॥
শ্রোহস্মীতি ন দৃপ্তঃ স্থাদ্বৃদ্ধিমানিতি বা পুনঃ।
প্রিয়মেবাচরন্ রাজ্ঞঃ প্রিয়ো ভব ত ভোগবান্ ॥২৭॥
প্রশ্র্যাং প্রাপ্য তুপ্রাপং প্রিয়ং প্রাপ্য চ রাজতঃ।
অপ্রমক্তো ভবেদ্রাজ্ঞঃ প্রিয়েষু চ হিতেষু চ ॥২৮॥
যস্ত কোপো মহাবাধঃ প্রসাদস্ত মহাফলঃ।
কন্তস্ত মনসাগীচেছদনর্থং প্রাজ্ঞসন্মতঃ ॥২৯॥

ভারতকোমুদী

নহ কুতো ন সংস্পাদিতাহ—অপীতি। হি যশাৎ, এতৎ গুপ্তমন্ত্রণাদিপ্রকাশনম্, দরিজাণা-মদি, উত্তমং মহদেব, ব্যলীকস্থানম্ অপ্রিষবিষয়:। "ব্যলীকং ব্যঙ্গবৈলক্ষ্যাপ্রিয়াকার্য্যেষ্ পীড়নে" ইতি হেমচক্রঃ। কিঞ্চ রাজ্ঞা মুবা মিখ্যা অভিহিতমূক্ত বাক্যং মন্ত্রেষু ন প্রকাশয়েৎ ৪২৬।

শূব ইতি। অহং শূবো বীরোথশ্মি ইতি ক্বরা, পুন:, বুদ্বিমানশ্বি ইতি ক্বরা বা, দূতো রাজ্ঞা সমক্ষণ গর্লিতো ন স্থাৎ। কিন্ধ রাজ্ঞা প্রিয়ং কার্য্যম, আচরন্ কুর্বমের, রাজ্ঞা প্রিয়া, তদ্মগ্রহাৎ ভোগবাংশ্চ ভবতি ৪২৭।

ঐশ্ব্যমিতি। রাজতো রাজ্ঞা সকাশাৎ, ত্প্রাপং ত্র্লভম্, ঐশ্ব্যং ভূম্বামিমাদিকম্, প্রিয়ং ধনাত্যপায়নঞ্চ প্রাপ্যাপি রাজ্ঞা প্রিয়েষ্ চ হিতেষ্ চ অপ্রমন্তঃ সাবধান এব ভবেৎ, চিরমেব তদম্বাগবর্তনার্থমিতি ভাবঃ ॥২৮॥

ভাবতভাবদীপঃ

কারিত: দন্, ন সম্ববেৎ স্বীকুর্য্যাৎ ॥২৫॥ এতৎ তু ধার্ষ্ট্যং দরিব্রাণামপি ব্যলীক্সানমপ্রিয়পদং কিন্ত বাজামিতি ভাব:। উত্তমং পরমং নেতি রাজ্ঞোদিতমনৃতং বহির্ন প্রকাশয়েৎ ॥২৬॥ (পাঠান্তরে) হি যত্মাৎ অনৃতবাদিনো নূপান হি যতোহক্তে রাজানোহস্মস্তি দোষবত্মন

কারণ, এই গুপ্ত আলোচনা প্রকাশ কবাটা দরিত্তেরও অত্যন্ত অপ্রীতিকর হইয়া থাকে। আর, রাজা কোন মিথ্যা কথা বলিলে, তাহা মানুষেব নিকট প্রকাশ করিবে না ॥২৬॥

'আমি বীব কিংবা আমি বৃদ্ধিমান্' ইহা উল্লেখ কবিয়া রাজাব সমক্ষে গর্ব্দ করিবে না এবং প্রিয়কার্য্য করিয়াই রাজার প্রিয় ও ভোগী হইতে পারে ॥২৭॥

বাজার নিকট হইতে তুর্লভ প্রভূষ কিংবা প্রিয় বস্তু পাইয়াও তাঁহার প্রিয়ে ও হিতে অবহিতই থাকিবে ॥২৮॥

(২৬)---রাজ্ঞ:—ভা। ইত: পরম্ 'বস্যুস্তি হি রাজানো জনাননৃত্বাদিন:। তবৈ চাবমহান্তে জনান্ পণ্ডিতমানিন:।' ইতি পুনুক্জার্থক: শ্লোক:—প্র বা ব রা। (২৮) প্রিয়ং প্রাপা চ ভারত!—প্র। (২৯)--প্রমাদশ্চ মহাক্র:—বা ব রা,--প্রসাদ: স্বমহাক্র:—ভা। ন চোঠো ন ভূজো জানু ন চ বাক্যং সমাক্ষিপেছ।
সদা বাতঞ্চ বাচঞ্চ জীবনঞ্চাচরেচ্ছনৈঃ ॥৩০॥
হাস্থ্যবস্তুষু চাপ্যস্থ বর্ত্তমানেষু কেষুচিছ।
নাতিগাঢ়ং প্রহায়েত ন চাপ্যুদ্মতবদ্ধদেছ। ॥৩১॥

ভারতকোমূদী

নম রাজ্ঞ দিদৃশামুগত্যে কিং প্রবোজনমিত্যাহ—যক্তেতি। যক্ত রাজ্ঞ কোপ:, মহতী বাধা বিপত্তির্বন্মাৎ দ তাদৃশ:, প্রদাদ: অমুগ্রহম্ব, মহৎ ফলমুপকাবো ফমাৎ দ তাদৃশ: ভাৎ; প্রাজ্ঞসমতো বৃদ্ধিমান কো জন: মনসাপি তন্ত বাজ্ঞ: অনর্থং কর্জুমিচ্ছেৎ ? ॥২৯॥

নেতি। ওঠোন, ভূজো জান্চন, সমান্ষিপেৎ প্রসাবণাদিনা বিকৃতীকরণেন নিন্দিতো ন কুর্যাৎ, বাক্যঞ্চ ন সমান্ষিপেৎ বিকটোচ্চাবণাদিনা নিন্দিতং ন কুর্যাৎ। তথা দদৈব, বাতং খাসবায়ং পায়বাযুঞ্চ, গ্রীবনঞ্চ মুখতঃ শ্লেখাদিনিক্ষেপঞ্চ, শনৈর্মন্দমাচরেৎ বাজ্ঞঃ সমক্ষং কুর্যাৎ, যথা শন্দোন আদিতি ভাবং, বাচং বাক্যঞ্চ শনৈরাচরেৎ, যথা উচ্চছাদিনা পরশু বিরক্তিন আদিত্যাশয়ঃ 1001

হান্তেতি। অপি চ অশু রাজ্ঞ: সমীপে, কেষ্টিৎ হাস্যবস্তম্ অভ্তবেশাদিষ্ বর্ত্তমানেষ্
শৎস্থ, অভিগাঢ়মভান্তম, ন প্রহয়েত নানন্দেৎ, উন্মন্তবচ্চাপি নাতিগাঢ়ং হসেৎ অট্টহাস্যং ন
কুর্যাৎ ৪০১৪

ভাবভভাবদীপঃ

কীর্তমন্তি। তন্তাৎ স্বামিনোহকীর্তিকরং ন বদেদিত্যর্থ:। অবমন্তন্তে রাজান ইতি শেব:। প্রিয়ো ভোগবাংশ্চ ভবতীতি সম্বন্ধ: ॥২৭—২০॥ ন চেতি। ক্রোধচাপলয়োঃ ত্রুচকমোষ্ঠাদীনাং সমাক্ষেপং প্রচালনং ন কুর্ব্যাদিত্যর্থ:। বাতং মুখজম্ অধন্তনং বা শনৈবিতবেণাজ্ঞানং যথা ভবেত্তথা কুর্ব্যাদিত্যর্থ: ॥২০॥ হান্তেতি। অক্সম্ভ রাজনেবকন্ত হান্তবন্তম্ হান্তাশপদেষু অযথাভিতেষু উন্ধীবাদিষু বর্ত্তমানেষু নিমিত্তেষু তদীয়বৈকল্যেনাতিগাচং ন প্রহারেৎ নাপি হসেং।
ভাবতৈব বাজান এনং ক্ষুবং মন্তন্ত ইতি ভাবঃ। ন চৈবভূতে নিমিত্তে সতি ধৈর্যাণ কাষ্ঠবং

কারণ, যাঁহাব ক্রোধে গুকতব অনিষ্ট এবং অনুগ্রহে গুকতর ইষ্ট হইতে পাবে, কোন্ বৃদ্ধিমান্ লোক মনে মনেও তাঁহার অনিষ্ট করিবাব ইচ্ছা কবে ? ॥১৯॥

রাজার সমক্ষে ওষ্ঠযুগল, বাহুযুগল ও জানুযুগলকে বিস্তার কবিয়া বিকৃত করিবে না এবং বিকটভাবে বাক্যোচ্চারণ কবিবে না , আর সর্ববদাই কণ্ঠবায়, পাযুবায় ও শ্লেমনিক্ষেপ ধীরে ধীবে করিবে এবং বাক্যোচ্চারণও আস্তে করিবে গাওনা

বাজাব নিকটে কোন হাস্তকব ঘটনা উপস্থিত হইলে, অত্যন্ত আনন্দিত হইবে না, কিংবা উন্নত্তেব ন্যায় অট্টহাস্ত করিবে না ॥৩১॥

⁽৩·) ন চোঠো নিভূজেজাতু—ভা বা।

ন চাতিধৈর্য্যেণ চরেদ্গুরুতাং হি ব্রজেত্তথা।
শ্মিতস্ত মৃত্যুর্বেশ দর্শয়েদপ্রমাদজম্ ॥৩২॥
লাভেন হর্ষয়েদ্বস্ত ন ব্যথেদ্যোহ্বমানিতঃ।
অসংমূদৃশ্চ যো নিত্যং স রাজবদ্যতিং বদেৎ ॥৩৩॥
রাজানং রাজপুত্রং বা সংবর্ণয়তি যঃ সদা।
অমাত্যঃ পণ্ডিতো ভূস্বা স চিবং তিষ্ঠতি শ্রিয়া ॥৩৪॥

ভারতকৌমুদী

নেতি। অতিথৈর্বাণ যথা মৃত্যুক্তাদিকমপি ন তাৎ তাদৃশেনাতিধীরভাবেন চ ন চরেৎ,
হি যামাৎ, তথা নতি, গুরুতাং ভাববতাং জড়তামিতার্থং, রজেৎ প্রাপ্ন মাং লোকো জডমেব
মন্ত্রেতেতার্থং। তথা কোতুকাদো মৃত্যু হুতৈব পূর্বাং যন্ত তেন ভাবেন, অপ্রমাদজং দাবধানতাজাতম্,
শিতন্ ক্ষমান্তং দর্শয়েৎ; যথা তৎকোতুকাদিকং প্রতি আজ্বনোহনবধানতাপ্রকাশেন রাজানং
প্রতাপি অবজ্ঞান তাদিত্যাশয়ঃ। ১২।

লাভ ইতি। যো জনং, লাভে সত্যপি আত্মানং ন হর্বছেৎ নাধিকমানন্দমেৎ, যঃ অবমানিতঃ সন্মপি ন ব্যথেৎ ক্লেশং নাহুভবেৎ, যশ্চ নিতাং সর্কদৈব অসংস্চঃ আলাপাদাববহিতন্তিষ্ঠতি, স এব বাজবস্তিং বসেৎ ১৩৩।

বাজানমিতি। যা পণ্ডিতঃ প্রাজ্ঞা জনঃ অমাত্যো ভূতা, সদৈব রাজানং রাজপুত্র বা, সংবর্ণয়তি স্তৌতি, স জনঃ শ্রিয়া সম্পদা অধিতঃ সন্ চিবং তিষ্ঠতি ॥৩৪॥

ভারতভাবদীপঃ

স্থেমনিত্যাহ—নাতীতি ॥০১॥ গুকতাং জড়তাং কিমপায়ং ন জানাতীতি বদেয়্বিতি ভাবঃ। অতএব স্মিতং মৃত্পূর্কং কিঞ্চিদর্শবেদেব ॥০২॥ ন হর্ষধেৎ হ্রন্তেৎ জনংমূচঃ সেবায়ামেকাগ্রঃ ॥৩০॥ রাজা তদাশ্রিতাশ্চ স্তোতবা। এবেত্যাহ—বাজানমিতি। সংবর্তন্তীতি পাঠে২ম

অতি ধীব হইয়া চলিবে না। কেন না, তাহাতে লোকে নির্বোধ বলিয়াই মনে করিয়া থাকে। আব কৌতুকের সময়ে—সে দিকে যে মন আছে, তাহা জানাইবার জন্ম মৃত্তাবে ঈষৎ হাস্ম দেখাইবে ॥৩২॥

যে লোক লাভে অধিক আনন্দিত হয় না, যে লোক অপমানিত হইয়াও চুঃখ বোধ কবে না এবং যে লোক আলাপপ্রভৃতি বিষয়ে মনোযোগী থাকে, সেই লোকই রাজভবনে বাস করিতে পাবে ॥৩৩॥

যে বিচক্ষণ লোক অমাত্য হইয়া সর্ব্বদাই বাজার বা রাজপুত্রের স্তুতিবাদ করেন, তিনিই রাজার অন্তুত্রহে সম্পন্ন হইয়া চিবকাল রাজভবনে থাকেন ॥৩৪॥

⁽७२) नाटिरेशं हरस्ख्य-छा, ... हर्गराय श्रमानसम्-वा व द्या।

প্রগৃহীতশ্চ যোহমাত্যো নিগৃহীতশ্চ কারণৈঃ।
ন নির্বদতি রাজানং লভতে সম্পদং পুনঃ ॥৩৫॥
প্রত্যক্ষঞ্চ পরোক্ষঞ্চ গুণবাদী বিচক্ষণঃ।
উপজীবী ভবেদ্রাজ্ঞো বিষয়ে বাপি যো বসেৎ ॥৩৬॥
ভামাত্যো হি বলাদ্রোক্তব্বং রাজানং প্রার্থয়েত্ব্ যঃ।
ন স ভিচ্চেচিরং স্থানে গচ্ছেচ্চ প্রাণসংশয়ম্।।৩৭॥
প্রোয়ঃ সদাজ্মনো দৃষ্ট্বা পবং বাজ্ঞা ন সংবদেৎ।
বিশেষয়েচ্চ বাজানং যোগ্যভূমিষু সর্বদা ॥৩৮॥

ভারতকৌমুদী

প্রেতি। যা অমাত্যা, কারণৈ বাজ উন্নতিপ্রদর্শ নৈঃ, প্রগৃহীতশ্চ পূর্ব্বাপেক্ষযা উচ্চপদে আরোণিতশ্চ, কারণৈবপবাধৈঃ নিগৃহীতশ্চ পুনর্দণ্ডিতশ্চ সন্, রাজানং ন নির্বদ্ধি ন নিন্দতি, নোহমাত্যঃ পুনরণি সম্পদং লভতে, তদপবাধিবশ্বতা৷ রাজাত্মগ্রহাপাতাদিতি ভাবঃ ॥৩৫॥

প্রত্যক্ষমিতি। যো বিচক্ষণা, বাজ উপজীবী আম্রিভো ভবেৎ, যো বাপি জনা রাজ্ঞা বিষয়ে রাজ্যে বনেৎ, স চ স চ জনা, বাজ্ঞা প্রত্যক্ষণ পবোক্ষণ গুণবাদী ভবেৎ। অভ্যথা রাজ্ঞা কোপাদনিষ্টা ভবেদিতি ভাবা ॥২৬॥

অমাত্য ইতি। যা অমাত্যা, বলাৎ বৃদ্ধিদামর্থ্যাৎ প্রতিষ্ঠাশক্তেশ্চ, রাজানং ভোকুং ঘাষতীকর্ছুম্, প্রার্থয়েদিচ্ছেৎ, সা অমাত্যা, স্থানে আত্মপদে, চিবং ন ভিষ্ঠেৎ, প্রাণসংশয়ঞ্চ গচ্ছেৎ প্রায়ুমাৎ, উভয়ত্রাণি রাজ্ঞা কোণাদিত্যাশয়ঃ ৪৩৭৪

ভাবতভাবদীপঃ

শরতি, তিঠতে প্রকাশতে ॥৩৪॥ ন নির্বদতি ন নিন্দতি, দণ্ডিতোহপামাতাঃ পুনরভাদয়-কামো রাজানং ন নিন্দেদিতার্থ: ॥৩৫॥ যো রাজ্ঞা বিষয়ে তবেৎ দেশে বদেৎ যো বা রাজ্ঞ উপস্থীবী স বাজ্ঞো গুণবাদী শুদিতি সম্বন্ধ: ॥৩৬॥ বলাষ্ঠাৎ ভোজুং কুটিলীকর্ত্তুং যেন কেনচিন্যাজেন লোকান্ দণ্ডবেতি শিক্ষবন্ধঃ প্রার্থবেৎ স বাজ্ঞঃ প্রিযোহপি বছঙ্গনবিবোধাৎ চিন্নং স্থানং পদং ন তিঠেৎ নাধিতিঠেৎ। অবশ্রং পদচ্যতো ভবেদিতার্থ:। ভোজুমিতি

যে মন্ত্রী রাজাব উন্নতি দেখাইয়া উচ্চপদে উঠিয়া আবার অপরাধবশতঃ দণ্ডিত হইয়াও বাজাব নিন্দা করেন না, তিনি পুনবায় সম্পদ লাভ কবেন ॥৩৫॥

যে-বিচক্ষণ লোক বাজাব আন্সিত হন, কিংবা যিনি বাজাব রাজ্যে বাস কবেন, তাঁহাবা উভয়েই রাজার সমক্ষে বা পবোক্ষে তাঁহাব গুণই বলিবেন ॥৩৬॥

যে মন্ত্রী বলপূর্বক বাজাকে নিজের আয়ন্ত কবিবাব ইচ্ছা কবেন, ডিনি চিবকাল আপন পদে থাকিতে পাবেন না, প্রত্যুত প্রাণসংশয়ই প্রাপ্ত হন ॥৩৭॥

⁽৩৪)···ন নির্বপ্নতি বাজানম্—প্র,·· লভতে চ প্রিবং পুনঃ—ভা। (৩৮)···বিশেষযের বাজানং যোগ্যাভূমিষু সর্বালা - প্র।

অমানো বলবান্ শ্রশ্ছায়েবাসুগতঃ সদা।
সত্যবাদী মৃত্র্দান্তঃ স রাজবসতিং বসেৎ ॥৩৯॥
অন্তান্মিন্ প্রেম্বাণাত তু পুরস্তাদ্যঃ সমূৎপতেৎ।
অহং কিং করবাণীতি স রাজবসতিং বসেৎ ॥৪০॥

ভারতকোমুদী

শ্রের ইভি। আজুন:, পরস্ত্রম্, শ্রেষ: সম্পদং জাষমানং দৃষ্ট্রা, রাজ্ঞা সহ সদা ন সংবদেৎ সমানভাবেন মিলিতো ন ভবেং। কিন্ত সর্কদৈব যোগ্যভূমির রাজযোগ্যোচ্চছানের, রাজানম, বিশেষযেৎ বাপেক্যা প্রার্থাক্তন স্থাপরেৎ ১০৮।

অমান ইভি। যা সদৈব, অমানা অবিষয়া, বলবান্, শৃর উৎসাহী, ছায়া ইব রাজ্ঞা অন্তগভা, সভ্যবাদী, মৃত্যু কোমলম্বভাবা, দাস্ত ইপ্রিয়দমনশীলন্চ, স এব রাজবসভিং বসেৎ। অন্তথা নেভ্যভিপ্রায়া ।০১।

অক্তবিন্নিতি। অন্তামিন্ জনে, প্রেক্তাং কার্জাবে কার্কাবিশেষকরণার রাজা প্রের্থ্যমাণে সতি, যা 'অহং কিং করবাণি' ইতি বদন্, প্রস্তাং রাজা সমূপে সমূৎপতেৎ উপতিষ্ঠেৎ, স এব রাজবসতিং বলেং ॥৪০॥

ভারতভাবদীপঃ

ভূলকোটিল্যে ইভাক্ত রুণন্ ॥৩৭। শ্রেষ ইতি। বাজ্যং সকাশাদাত্মনং স্বক্ত শ্রেরো ধনমানাদিলাভং দৃট্টা পরমন্তং সদা সর্বাদা রাজ্যা সার্জ্যং ন সংবদের সংবাদরেৎ কিন্তু মহারাজ্যো ন ভবাদৃশায়েরে লক্ষ্মতীত্যেব লোকে পরং দর্শবেৎ। যোগাভূমির্ যুদ্ধে পররাষ্ট্রিকৈং সহ সংলাপে বা
রাজানং বিশেষরেৎ রাজ্যোহপেক্ষমা স্বীয়ং শৌর্যাং যৌজিকজং বাধিকং দর্শরেৎ। তেন রাজা
প্রীয়ত ইতি ভাবং ॥৩৮। অন্তানঃ উৎসাহী। বলবান্ বীবলযুক্তঃ। মৃত্যু অনিষ্ঠ্রঃ। দাজ্যে
জিতেন্দ্রিঃ স্থান্দিতো বা ॥৩৯। অন্তান্মিন্ পৃংসি কল্ডচিৎ কার্যাল্যার্থে। প্রেয়ামাণে এটি
ইদং কুর্বিভ্যাচামানে সতি যক্তদাগমনাৎ পূর্বাং সমুৎপতেন্তং ভার্যাং কর্ত্যুং সামীদ্রকারী রাজ-

নিজের অত্যন্ত সম্পদ্ দেখিয়া রাজার সহিত সর্বাদা সমানভাবে মিলিত হইবে না ; কিন্তু সর্বাদাই বাজাকে তাঁহাব যোগ্য উচ্চস্থানেই প্রধানভাবে রাখিবে ॥৩৮॥

যে লোক সর্ববদা অবিষয়, বলবান্, বীর, ছায়ার স্থায় রাজাব অনুগত, সভ্যবাদী, কোমলস্বভাব এক জিতেন্দ্রিয়, সেই লোকই রাজভবনে বাস করিতে পারে ॥১৯॥

বাজা কার্য্যবিশেষে অন্তলোককে পাঠাইতে লাগিলে, যে লোক 'আমি কি করিব' বলিয়া রাজার সম্থা উপস্থিত হয়, সেই লোকই বাজভবনে বাস করিতে পাবে ॥৪০॥

⁽৪•) অক্তবিন্ প্রেক্সমাণে তৃ—ভা।

অভারে চৈব ভারে চ রাজ্ঞা যশ্চৈব সর্বরদা।
আদিটো ন বিকম্পেত স রাজবসতিং বসেৎ ॥৪১॥
যো বৈ গৃহেভ্যঃ প্রবসন্ প্রিয়াণাং নানুসংস্মরেৎ।
ছঃখেন স্থমছিচ্ছেৎ স রাজবসতিং বসেৎ ॥৪২॥
সমবেশং ন কুবর্বীত নাভ্যুচ্চঃ সমিধে হসেৎ।
ন মন্ত্রং বহুধা কুর্য্যাদেবং রাজ্ঞঃ প্রিয়ো ভবেৎ ॥৪৩॥

ভারতকোমূদী

অভার ইতি। যদ্ভ জনঃ, রাজা, অভারে লঘুনি কর্মনি, ভাবে জন্মনি কর্মনি চ, আদিষ্টঃ সন্, ন বিকম্পেত হুদ্ধরস্থাবনয়া ন বিচলেৎ, স এব বাজরসতিং বসেৎ ৪৪১।

য ইতি। যো জনঃ, গৃহেভ্যো নিজভবনেতাঃ, প্রবদন্ রাজভবনস্থিতা। বিদেশে ডিঠন্ দন্, প্রিয়াণাং নিজগৃহস্থিতানাং ভার্ঘাদীনাং প্রিযজনানাম্, নামসংশ্মরেৎ রাজকার্য্যতৎপরতয়া ন চিন্তবেং। "শ্বত্যর্থকর্মনি" ইতি কর্মনি ষষ্ঠী। তৃঃখেন রাজকার্য্যসম্পাদনকষ্টেনের অভেদে ভূতীয়াবিধানাং তদাত্মকমেবেতার্থঃ স্থেম, জনিচ্ছেৎ অভিল্বেৎ, দ এব রাজবস্তিং বন্ধেং 18২॥

সমেতি। সমবেশং সম্ভবেহিপি রাজ্ঞ: সমানং বেশং ন কুর্ব্বীত, তথা রাজ্ঞ: সন্নির্ধো অত্যুকৈর্ন হলেৎ রাজ্ঞো মন্ত্রং অসন্নির্ধো কৃতামিশি মন্ত্রণাম্, বছধা রাজাত্মীয়ানামিশি বছজনানাং কর্ণগোচরং ন কুর্যাৎ। এবং সতি রাজ্ঞ: প্রিয়ো ভবেৎ ৪৪৩।

ভাবতভাবদীপঃ

বসতিং বসেৎ 18 • । আন্তবে ধন্দারসংরক্ষণাদে বাছে সামগুলয়ে আদিট আজ্ঞাে নৈব কম্পেত সংশয়ং ভয়ং বা কুর্যাৎ অনিঃসংশ্যাে নির্ভযক্ষ তৎকার্যাং কুর্যাদেবেতার্থঃ 18 ১। প্রিয়াণাং প্রিয়াণি জীপুতানপানাদিত্যথানি ছঃখেন প্রবাসাদিনা 18 ২। সমবেবং বজাল্ফারা-দিবং রাজ্ঞা সমানং ন কুর্যাৎ। উচ্চঃ অভিশয়েন বহুগা বছ্পুকাবং ন কুর্যাৎ ন ভিন্যাদি-

রাজা কোন ক্ষুত্র কার্য্য বা গুরুতর কার্য্য করিবার জন্ম আদেশ করিলে, যে লোক তাহাতে বিচলিত হয় না. সেই লোকই রাজভবনে বাস করিতে পাবে ॥৪১॥

যে লোক আপন ভবন হইতে বাজভবনে যাইয়া রাজকার্য্য-ভৎপরতানিবন্ধন স্বভবনস্থিত প্রিয়জনের স্মরণ করে না এবং বাজকার্য্য-সম্পাদনত্বঃখকেও সুখ বলিয়াই মনে করে, সেই লোকই রাজভবনে বাস করিতে পাবে ॥৪২॥

সম্ভব হইলেও রাজার সমান বেশ কবিবে না, রাজার নিকটে অট্টহাস্থ করিবে

⁽৪১) অভাবে চৈব ভাবে চ—প্র, আন্তবে চৈব বাছে চ—বা ব রা। (६৩)---নাত্যুচিচ: সমিতে বিশেৎ—ভা,---নোচৈচ: সমিতে বনেৎ—বা ব রা,---ক্য্যাৎ স রাজবসতিং বনেৎ—ভা।

বিবাট-৬ (১২)

ন কর্মান নিযুক্তঃ সন্ ধনং কিঞ্চিত্ততঃ স্পৃশেৎ।
প্রাপ্নোতি হি হরন্ দ্রব্যং বন্ধনং যদি বা বধম্ ॥৪৪॥
যানং বস্ত্রমলক্ষারং যকান্যৎ সংপ্রয়ক্ষতি।
তদেব ধারয়েমিত্যমেবং রাজ্ঞঃ প্রিয়ো ভবেৎ ॥৪৫॥
সংবৎসরমিমং তাত! তথাশীলা বুভূষবঃ।
তথা স্ববিষয়ং প্রাপ্য যথাকামং চরিয়াথ ॥৪৬॥

যুধিষ্ঠির উবাচ।

অমুশিফীঃ স্ম ভদ্রং তে নৈতদ্বক্তান্তি কশ্চন। কুন্তীয়তে মাতরং নো বিছবং বা মহামতিম্ ॥৪৭॥

ভারতকৌমুদী

র্নোত। কর্মনি ধনবক্ষণকার্য্যে বাজ্ঞা নিযুক্তঃ সন্, ততো রাহ্মধনাৎ কিঞ্চিদ্দি ধনম, ন স্পূণেৎ ন হবেৎ। হি যামাৎ, রাজ্ঞো ক্রব্যাং ধনং হবন্, বন্ধনং কারাগাবে প্রেরণম্, যদি বা অথবা বধমেব প্রাপ্নোতি, জানতা বাজ্ঞৈব বিধানাদিতি ভাবঃ ॥৪৪॥

যানমিতি। রাজা, যৎ যানং শকটাদিকং বস্ত্রমলন্ধারম্ অক্তৎ পাতুকাদিকঞ্চ, সংপ্রায়ছতি দদাতি, তদেব নিত্যং ধারয়েৎ, এবং সতি বাজ্ঞঃ প্রিয়ো ভবেৎ ॥৪৫॥

সংবৎসরমিতি। হে তাত। বৎস। যুধিষ্টিব। যুযম, ইমং সংবৎসবম, তথা তাদৃশানি উক্তপ্রকারানি শীলানি স্বভাবা যেষাং তে তাদৃশাঃ, বুভূষবো ভবিভূমিচ্ছবো ভবত। অথ তদনস্তরম, স্ববিষয়ং নিজদেশং প্রাণ্য, যথাকামং চরিয়াখ ॥৪৬॥

ভারতভাবদীপঃ

তার্থ: ॥৪৩॥ ধনম্ উৎকোচাদিনা প্রাপ্তং কিঞ্চিদিপি অত্যন্তমপি ন স্পৃশেৎ ॥৪৪। খৎ সম্প্রমন্ততি রাজা তদেব রাজদন্তং যানাদিকং ধাবযেৎ ন তু তদন্তশৈ দ্যাদিতার্থ: ॥৪৫॥ সংগমা না এবং রাজাব মন্ত্রণাকে বহু লোকের কর্ণগোচর কবিবে না , এইরূপ হইলেই মানুষ রাজার প্রিয় হইতে পাবে ॥৪৩॥

বাজার ধনবক্ষাকার্য্যে নিযুক্ত হইয়া তাহা হইতে কোন ধনই হরণ করিবে না। কাবণ, রাজাব ধন হবণ করিলে, মানুষ—হয় কাবাগারে প্রেরিভ, না হয় প্রাণদণ্ডে দণ্ডিত হইযা থাকে ॥৪৪॥

বাদ্রা যে যান, বস্ত্র, অলঙ্কাব এবং অন্ত বস্তু দান কবেন, ভাহাই সর্ব্বদা ধারণ করিবে ; এইবাপ হইলেই রাজার প্রিয় হইতে পারে ॥৪৫॥

বংস যুখিছির ৷ তোমরা এই একটা বংসর উক্তপ্রকার হইবার ইচ্ছা কর; তাহাব পব নিজ দেশে যাইয়া ইচ্ছানুসাবে চলিবে" ॥৪৬॥

⁽৪৪) প্রাপ্নোতি চাহরন্ ত্রবাম্—ভা। (৪৬)—তথাশীলা বৃভ্ষত—বা ব রা। (৪৭)— মাতরঞ্চ বিত্রঞ্ মহামতিম্—ভা।

যদেবানন্তরং কার্য্যং তদ্ভবান্ কর্ত্ত্ব্যুষ্ঠি।
তারণায়ান্ত হংথক্ত প্রস্থানায় জয়ায় চ ॥৪৮॥
বৈশম্পায়ন উবাচ।
এবমুক্তন্ততো রাজ্ঞা ধোম্যোহথ দ্বিজসন্তমঃ।
অকরোৎ বিধিবৎ সর্ববং প্রস্থানে যদিধীয়তে ॥৪৯॥
তেষাং সমিধ্য তানগ্রীন্ মন্ত্রবচ্চ জুহাব সঃ।
সমৃদ্ধির্দ্ধিলাভায় পৃথিবীবিজয়ায় চ ॥৫০॥

ভাবতকোমুদী -

অন্বিতি। হে আর্যা! তে ধ্রা, ভক্তং সাধ্বেব ব্যম্, অন্থ শিষ্টা: উপদিষ্টা: শ্বঃ। বিসর্গলোপ আর্বঃ, পাদপূরণে শ্বশব্দো বা। নঃ অস্বাকং মাতবং কুস্তীম্, মহামতিং বিভূরং বা, ঋতে বিনা, কশ্চনাপি জনঃ, অস্বাকং সম্বন্ধে, এতেবাং হিতানাং বক্তা নান্তি ॥৪ ৭॥

যদিতি। অনস্তবন্ ইড: পবন, অস্ত অজ্ঞাতবাসসম্ভবক্ত তৃংধক্ত তাবণাম, প্রস্থানায় অজ্ঞাতবাসার্থপ্রযাণায়, ভাবিনে জয়াম চ, মৎ কার্যাং কর্তব্যন্, ভবান্, তদেব স্বস্তায়নাদিকং কর্ত্ব্যহিতি ॥৪৮॥

তখন ভীন্ম ধর্মজ্ঞ যুধিষ্ঠিবেব বিষয়ে ধর্মসম্বদ্ধ, অসজ্জনেব সর্ববদা তুর্লভ, সজ্জনেব সর্ববদা অভিমত এবং সাধুলোকের সমাদৃত বাক্যই বলিলেন যে, "এই সর্ববার্থতত্ত্বজ্ঞ ব্রাহ্মণ ডোণ যথার্থ কথাই বলিয়াছেন ॥১—৪॥

কারণ, সমস্ত স্থলক্ষণসম্পন্ন, শাস্ত্রজ্ঞান, সদাচাব ও সাধুনিয়মযুক্ত, বৃদ্ধদিগেব শাসনের অধীন এবং সত্যব্রভপবায়ণ পাশুবেবা বিনষ্ট হইতে পাবে না ॥৫॥

কালজ্ঞ, পবিত্রনিয়মশালী, সর্ববদা ক্ষত্রিয়ধর্ম্মে নিরত এবং কৃষ্ণের অমুগত সেই পাণ্ডবেরা কেবল কালপ্রতীক্ষাই কবিতেছে ॥৬॥

⁽৪)…সমবদং ক্ষিপ্রম্—ভা। ইতং পবম্ 'তবাক্যমভিনন্দামি ন মেহস্তাত্র বিচারণা' ইতার্ধ-মধিকম্—প্র (৫) 'নাশং নাইস্তি পাণ্ডবাং' ইতি বা ব রা ম নাস্তি।…বৃদ্ধান্থশাসনে যত্তাং—ম, …বৃদ্ধান্থশাসনে বৃক্তাং—বা ব রা। (৬) বিতীয়ার্দ্ধং ভা নাস্তি।

প্রবীবপুরুষান্তে বৈ মহাজ্ঞানো মহাবলাঃ।
নাবসীদিতুমর্হন্তি উদ্বহন্তঃ দতাং ধুবস্ ॥৭॥
ধর্মতদৈচৰ গুপুত্তে স্ববীর্ব্যেণ চ পাগুবাঃ।
ন নাশমভিগচেছরুরিতি মে ধীয়তে মতিঃ॥৮॥
তক্র বুদ্ধিং প্রণেঞ্জামি পাগুবান্ প্রতি ভাবত!।
ন তু নীতিঃ হুনীতস্ত শক্যতেহদেষিহুং পরিঃ॥৯॥
যতু, শক্যমিহাম্মাভিন্তান্ বৈ সঞ্চিন্ত্য পাগুবান্।
বৃদ্ধ্যা প্রযুক্তং ন দ্রোহাৎ প্রবন্ধ্যামি নিবোধ তৎ॥১০॥

ভাবতকোগুদা

প্রেতি। কিন্তু প্রবীরপুরুষা মহাত্মানো মহাবলাঃ সতাং ধুবং ভারং ধর্মানজ্যর্থঃ, উন্নহস্তশ্চ তে পাওবাঃ, অবসীদিতুম্ অবসরা অপি ভবিতুং নাইস্তি। তুসি সীদাদেশ আর্থঃ ॥৭॥

ধর্মত ইতি। ধর্মতো ধর্মেন চ স্ববীর্যোণ চ শুপ্তা বক্ষিতাং, তে পাওবাং, নাশং নাভিগচ্ছেয়ুং , ইতি মতিং, মে ময়া, ধীয়তে ধার্যতে ॥৮॥

তহি তে হ গতা:, যেন ন জাযন্ত ইত্যাহ—তত্ত্তেতি। হে ভারত। পাওবান্ প্রতি পাওবানা-মিত্যর্থ:, তত্ত্ব অজ্ঞাতবাসবিষয়ে, বৃদ্দিয়য়েমানম্, প্রণেক্সমি কবিষ্যানি। স্থনীতত্ত্ব স্থূষ্নীতিসম্পদ্মত্ত দ্বনত্ত, নীতি:, পরে:, অবেষিতুম্ অবিধ্য স্থাতুং ন তু শক্যতে ।।

যদিতি। অন্যাভিন্তান্ পাওবান্ সফিন্তা বৃদ্ধা প্রযুক্তং যহকুং শক্যম্, তদেব প্রবক্ষ্যামি, ন তৃ বৃদ্মাকং ভোহাৎ প্রবক্ষ্যামি, তৎ নিবোধ সং শৃরু ॥১ •॥

ভাৰতভাৰদীপঃ

ত্মান উদারচিত্তা:, সতাং ধুরং ধর্মান ।৭—৮। পরেঃ অনীতিপরৈঃ, অবেধিতুম্ অহুগস্তুম্ ॥১॥ যতু প্রযুক্তং প্রয়োগঃ শক্যং জ্ঞাতুং যোগ্যঃ তদেব বক্যামি ন তু ভবতাং জ্রোহাৎ ॥১০॥ ন

কিন্তু সজ্জনেব ভাববাহী, মহাত্মা ও মহাবল সেই মহাবীব পুৰুষেরা কোন বিপদে অবসমও হইতে পারে না॥৭॥

সেই পাণ্ডবেরা ধর্মবলে ও আত্মবলে রক্ষিত, স্মৃতবাং তাহাবা বিনষ্টও হইতে পারে না; ইহাই আমি ধাবণা করি ॥৮॥

তবে, ভবতনন্দন। সেই পাণ্ডবগণেব বাস জানিতে না পারাব পক্ষে আমার এই অনুমান হয় যে, প্রধান নীতিজ্ঞ লোকেব নীতি অক্সে অনুসন্ধান কবিয়াও ব্যিতে পাবে না ॥১॥

কিন্তু আমবা সেই পাণ্ডবগণেৰ অজ্ঞাতবাসেৰ বিষয় চিস্তা করিয়া বৃদ্ধিপ্রযুক্ত এখন যাহা বলিতে পারি, তাহাই বলিব ; কিন্তু তোমাৰ প্রতি বিদ্বেষবশতঃ নহে। তাহা তৃমি শ্রবণ কৰ ॥১০॥

⁽१) व्यथमार्कः छ। नास्ति । व्यशेषाः भूकशास्त्र देव —व।। (৮)--- दवन धार्षान — छ।।

ন থিবং মাদৃশৈনীতিস্তস্ত বাচ্যা কথঞ্চন।

সা থিৱং সাধু বক্তব্যা ন ছনীতিঃ কদাচন।

বৃদ্ধানুশাসনে তাত! তিষ্ঠতঃ সত্যশীলিনঃ ॥>>॥

অবশ্যং থিহ ধীবেণ সতাং মধ্যে বিকক্ষতা।

যথামতি তু বক্তব্যং সর্ববলো ধর্মালিম্পয়া ॥>২॥

তত্র নাহং তথা মত্যে যথাম্মিতব্যো জনঃ।

নিবাসং ধর্ম্মবাজস্ত বর্ষে হৃদ্মিংস্ত্রয়োদশে ॥>৩॥

ভারতকৌমুদী

নেভি। হে ডাড! বৎস! মাদৃশৈনীতিকৈ;, বুদ্ধান্থশাদনে তিষ্ঠতঃ সত্যশীলিনন্চ, তক্ত বৃধিষ্টিবল্ড, ইযমাত্মগোপনকপা নীতিঃ, কথঞ্চনাপি ন তু বাচ্যা ন নিন্দনীয়া, অপি তু সা ইয়ং নীতিঃ, সাধ্বেব বক্তব্যা, ন তু অনীতিবপি কদাচন বক্তব্যা, তেন খৰজ্ঞাতবাদক্তিব প্রতিজ্ঞাত-ত্মাদিতি সর্বত্তে ভাবঃ। বট্পাদোহয়ং শ্লোকঃ ॥১১॥

অবশ্যমিতি। ইহ জগতি, সতাং মধ্যে বিবক্ষতা বন্ধুমিচ্ছতা ধীরেণ, ধর্মলিন্সরৈব, যথামতি, সর্ব্বশঃ সর্বব্য বস্তু, অবশ্যং বক্তব্যমু। অতো ধর্মলিন্সবৈবাহং ব্রবীমীতি ভাবঃ ॥১২॥

তত্ত্তেতি। অষ্মিতরো জনঃ কর্ণাদিং, তত্ত্ব অস্মিন্ ব্যোদশে বর্ষে, ধূর্ণরাজস যুখিটিবস নিবাসম্, যথা মন্ততে গহরবাদো অবসাদগুপ্তাদিরণং সম্ভাব্যতি, অহং তথা ন মক্রে, তম্ব অবসাদক্ষেবাভাবাদিতি ভাবঃ ॥১৩॥

ভারতভাবদীপঃ

দ্বিতি। তত্ম ফুর্জনত স্বাদৃশত্যেতি গৃঢ়োহভিসন্ধিং। সা`তু তুশন্ধো হেন্বর্থে; সা হি যতঃ
নীতিবিন্ধ সাধুবাচ্যা সাধুবেব বক্তব্যাতোহসাধোঁ দ্বিয় নৈবৈষা বক্তব্যেতার্থঃ। অনীতিম্ব
কথঞ্চন সাধুবসাধুবু বা নৈব বক্তব্যেতার্থঃ। তিষ্ঠতা বক্তব্যমিতি সম্বন্ধঃ ॥১১॥ তত্ম
বক্তব্যে সতি যথা ইতবো জনঃ পাগুবানাং নিবাসং লোকসাধাবণং মন্ততে তথাহং ন

বংস! বৃদ্ধোপদেশেব অধীন ও সত্যপবায়ণ যুধিষ্ঠিরের এই নীভিটাকে আমাব মত লোকেরা কখনও কোন প্রকাবেই নিন্দা কবিতে পাবেন না, কিংবা অনীতিও ব্লিতে পারেন না; কিন্তু এই নীভিকে ভালই বলিবেন ॥১১॥

তা'র পর, এই জগতে অভিজ্ঞ লোকের মধ্যে বিবক্ষু জ্ঞানী লোক ধর্মলাভেব ইচ্ছাতেই আপন বৃদ্ধি অনুসারে অবশ্যই সমস্ত বলিবেন ॥১২॥

এই ত্রয়োদশ বৎসরে যুধিষ্ঠিবের অবস্থিতিসম্বন্ধে অন্যলোক যেমন মনে কবে, আমি তেমন মনে কবি না ॥১৩॥

⁽১১)---ন জনীতিঃ কথঞ্চন—বা ম। (১২)---বারেণ সভামধ্যে---ঘণামতি বিবক্তবাম—
ভা। (১৩) বিবাদঃ—ভা,---বর্ষেংস্মিন্ বৈ—বা ব রা ম ভা।

তত্র তাত! ন তেবাং হি বাজ্ঞাং ভাব্যমসাম্প্রতম্।
পুরে জনপদে বাপি যত্র রাজা যুষিষ্ঠিরঃ ॥>৪॥
দানশীলো বদান্তশ্চ নিভ্তো ব্রীনিষেবকঃ।
জনো জনপদে ভাব্যো যত্র রাজা যুষিষ্ঠিরঃ ॥>৫॥
প্রিয়বাদী সদা দান্তো ভব্যঃ সত্যপরো জনঃ।
হাইঃ পুষ্টঃ শুচিদ ক্ষো যত্র রাজা যুষিষ্ঠিরঃ ॥>৬॥
নাসূয়কো ন চাপীর্যুর্নাভিমানী ন মৎসরী।
ভবিয়তি জনস্তত্র স্বং সং ধর্মমনুত্রতঃ ॥>৭॥

ভারতকোমুদী

স্থাকণজাপনেন যুথিটিরবাসং জাপষতি—তত্তেতি। হে তাত ! রাজা যুথিটিরঃ, যত্ত পুরে জনপদে বা বর্ততে, তত্ত্ব, তেবাং তত্ত্ততানাং জনানাং রাজাঞ্চ, স্থাম্পত্তমযুক্তং কিমপ্যক্তায়াচরণমিতার্থঃ, নহি ভাবাম, তৎসংসর্গেণৈব তত্ত্বস্পর্শাদিতি সর্বজাশবঃ ॥১৪॥

া দানেতি। যত্ত জনপদে রাজা ষ্থিষ্টিরো বর্ততে, তত্ত জনপদে, জনঃ, দানশীলঃ, বদান্তো মধুর-ভাষী, ''বদাক্তত্যাগবান স্থবাক্'' ইতি ত্তিকাগুশেষঃ, নিভূতো বিনয়ী, দ্রীনিবেবকো লজ্জাশীলঃ লজ্জবৈৰ অকার্যান্নিবর্ত্তী চেত্যর্থঃ, ভাব্যো ভবেৎ ৪১৫॥

প্রিয়েতি। যত্ত রাজা যুখিষ্টিরো বর্ততে, তত্ত্ব জনঃ, সদা প্রিয়বাদী, দাজো জিভেক্সিয়, স্তাপরঃ, স্বষ্টঃ, পুষ্টঃ, স্তচিঃ, দক্ষণ্চ, ভাব্যো ভবেৎ ৪১৬৪

নেতি। কিঞ্চ তত্ত্র দেশে, জনঃ, নাস্থয়কঃ পরদোষানাবিকারকঃ, ন ঈর্যুঃ পরপ্রাধান্তাসহিষ্ণুঃ, নাজিমানী অগবর্বী, ন মৎসরী নাজস্তভবেষী, সং সং ধর্মম্, অন্তব্রডঃ অন্তগতক্ত ভবিক্ততি ॥১৭॥

ভাৰতভাৰদীপঃ

মত্তে ইতি যোজনা ॥১২—১০। অসাধারণ্যমেবাহ—তত্ত্তেতি। তত্ত্ব পুরাদে অসাপ্তাতমকল্যাণম্ ॥১৪॥ বদান্ত: প্রিয়বাদী। "বদাত্তো দানশীলে চ চান্দবাদিনি বাচ্যবং" ইতি
মেদিনী। নিভূত: নিয়তেন্তিয়ে, ভাব্য: অবশ্বভাবী। উরাবশ্বকে ইতি ণ্যং ॥১৫॥ ভব্যো
ভবিতা ॥১৬॥ অক্যক: পরগুণেষু দোবারোপক:, ঈর্যু: পরোৎকর্বাসহিষ্ণু, অভিমানী

বংস! রাজা যুখিষ্ঠির যে দেশে বা নগরে থাকিবেন, সে দেশে বা নগরে তত্তত্য লোকদেব বা বাজাদের মধ্যে কোন অস্তায্য আচবণ হইবে না ॥১৪॥

বাজা যুধিষ্ঠির যে দেশে থাকিবেন, সে দেশের লোকসকল দাতা, মধ্রভাষী, বিনয়ী ও লজাশীল হইবে ॥১৫॥

রাজা যুধিষ্ঠিব যে দেশে থাকিবেন, সে দেশেব লোক সর্বদা প্রিয়ভাষী, জিতেন্দ্রিয়, সত্যপবায়ণ, হৃষ্ট, পুষ্ট, পবিত্র ও কর্মদক্ষ হইবে ॥১৬॥

⁽১৪)···রাজ্যং ভাব্যম্—ভা। (১৭)···নাভিবাদী ন মৎসরী—ভা,•••স্বন্ধং ধর্মমন্ত্রতঃ—ম। বিরাট-৩১ (১২)

ব্রন্ধবোষাশ্চ ভূয়াংসঃ পূর্ণাক্ত্যস্তথৈব চ।
ক্রতবশ্চ ভবিষ্যন্তি ভূয়াংসো ভূরিদক্ষিণাঃ ॥১৮॥
সদা চ তত্র পর্জ্জন্যঃ সম্যগ্রেষী ন সংশয়ঃ।
সম্পন্ধশস্তা চ মহী নিরাতঙ্কা ভবিষ্যতি ॥১৯॥
গুণবন্তি চ ধান্যানি রসবন্তি ফলানি চ।
গন্ধবন্তি চ মাল্যানি শুভশব্দা চ ভারতী ॥২০॥
বায়শ্চ স্থমংস্পার্শো নিপ্রতীপঞ্চ দর্শনম্।
ভয়ং নাভ্যাবিশেকত্র যত্র রাজা যুধিন্ঠিরঃ ॥২১॥

ভারতকৌমুদী

ব্রন্ধতি। কিঞ্চ তত্ত্ব ভূয়াংলো ব্রন্ধবোধা বেদধনন্দ্রত, তথৈব চ ভূয়ন্তঃ পূর্ণাছত্যঃ, ভূবিদক্ষিণা ভূয়াংসঃ ক্রতবো যজ্ঞান্চ ভবিশ্বন্ধি ॥১৮॥

সদেতি। কিঞ্চ তত্র সদা যথাকালে, পর্জন্যো মেঘ:, সম্যগ্র্বী, মহী চ সম্পরণতা জাত-প্রচুরশতা নিরাতহা চ ভবিশ্বতি ; অত্র সংশয়ো নান্তি ॥১৯॥

গুণেতি। কিঞ্চ ধাক্তানি, গুণবস্থি পুষ্টানি ; ফলানি, বসবস্থি স্থসাদ্নি ; মাল্যানি চ, গন্ধবন্ধি স্বসৌবভাণি ; ভারতী বাক্ চ, গুভশবা অকর্কশশবা ভবতি ।২০।

বায়্বিভি। কিঞ্চ রাজা যুধিষ্টিবো যত্ত্র বর্ণ্ডভে, তত্ত্র দেশে, বায়্: স্থেসংস্পর্ণ:, সর্বেষাং দর্শনম, নিপ্রতীপমপ্রতিকূলম্, ভয়ঞ্চ নাভ্যাবিশেৎ নাবির্ভবেৎ ॥২১॥

আব সে দেশের লোক কাহারও অস্থা বা ঈর্য্যা করিবে না, অভিমানী বা বিদ্বেষী হইবে না এবং আপন আপন ধর্মে অমুবক্ত থাকিবে ॥১৭॥

এবং সে দেশে বছতর বেদধ্বনি, পূর্ণাছতি ও প্রচুর দক্ষিণাযুক্ত প্রচুব যজ্ঞ হইবে॥১৮॥

আব সে দেশে মেঘ যথাকালে সম্যক্ বর্ষণ করিবে, পৃথিবীতে প্রচূব শস্ত জন্মিবে এবং কোন ভয় থাকিবে না ॥১৯॥

সে দেশেব ধান্ত সকল পুষ্ট, ফল সকল স্থাত্ব, মাল্য সকল মনোহর সৌরভযুক্ত এবং বাক্য সকল মধুর শব্দান্বিত হইবে ॥২০॥

বাজা যুখিষ্ঠিব যে দেশে থাকিবেন, সে দেশেব বায়ু সুখম্পর্শ এবং সকলেব দর্শনই অপ্রতিকূল হইবে; আব সে দেশে ভয় প্রবেশ করিবে না ॥২১॥

⁽১৮) খতবশ্চ ভবিয়ন্তি—ভা। (১৮)—ভবিয়তি নিবীতিকা—প্র। (২•) ফলবন্তি চ ধান্তানি—প্র, খাত্বন্তি চ ধান্তানি—ভা। (২১)—ন ভয়ং ছাবিশেক্তর—বা ব রা ম।

গাবশ্চ:বহুলান্তত্র ন কুশা ন চ তুর্বলাঃ।
পরাংসি দধিসপীংধি রসবন্তি হিতানি চ ॥২২॥
গুণবন্তি চ ভোজ্যানি পেরানি রসবন্তি চ।
তত্র দেশে ভবিশ্বন্তি যত্র রাজা যুধিষ্ঠিরঃ ॥২০॥
রসাঃ স্পর্শান্চ গন্ধান্চ শব্দান্চাপি গুণান্বিতাঃ।
দৃশ্যানি চ প্রসন্ধানি যত্র রাজা যুধিষ্ঠিরঃ ॥২৪॥
ধর্মান্চ তত্র দৃশ্যন্তে সেবিতান্চ নিজাতিভিঃ।
খর্মান্চ তত্র দৃশ্যন্তে সেবিতান্চ নিজাতিভিঃ।
দেশে তর্মিন্ ভবিশ্বন্তি তাত। পাগুবসংযুতে।
দপ্র্যৌতিষান্ জনস্তত্র সম্ভক্তঃ শুচিরব্যথঃ ॥২৬॥ (যুগ্মক্ম্)

ভারতকৌমূদী

গাব ইতি। কিঞ্চ ভত্ত গাবো বছলা ভবেষুং, তাং ক্লশা ন ভুৰ্ববলাশ্চ ন ভবেষুং। প্রাংসি ছ্য়ানি, দ্ধিসপীবে চ, রসবন্ধি ভোজ্বাং হিভানি চ ভবেষুং ॥২২॥

গুণেতি। রাজা ব্ধিষ্টিরো যত্র বর্ষতে, তত্র দেশে, সর্বাণ্যের্ব ভোজ্যানি পেয়ানি চ, গুণবস্কি উৎক্টানি, রসবস্কি স্বাদ্নি চ ভবিক্তস্কি ।২৩।

বসা ইতি। বাজা বৃধিষ্টিরো যত্ত বর্ধতে, তত্ত দেশে, বসাং স্পর্শাঃ গদ্ধাং শদান্চাপি, গুণান্থিতা উৎক্টাং, দৃষ্ঠানি রূপাণি চ, প্রশন্নানি নির্মলানি ভবের্ং ॥২৪॥

ধর্মা ইতি। হে তাত ! বৎস ! অস্মিন্ ক্রোদশে বর্ষে, পাগুবসংযুতে, তক্র দেশে, ধর্মান্চ, বিদাতিভিত্র স্থিক ক্রিরিবৈশ্রেঃ সেবিতা দৃশ্বস্তে, তথা তন্মিন্ দেশে, বৈঃ বৈগু গৈঃ ক্ষমাদিভিঃ সংযুক্তা ভবিশ্বস্তি বিদাতর ইতি শেবঃ। তথা তক্র দেশে, সর্ব্ধ এব জনঃ, পরম্পারং সম্প্রীতিমান্ প্রণয়বান্, সম্ভন্নঃ শুচিঃ পবিক্রঃ, অবাধঃ পীডারহিতশ্চ ভবিশ্বতি ॥২৫—২৬॥

সে দেশে গরুগুলি বৃদ্ধি পাইবে; কিন্তু সেগুলি কুশ বা তুর্বল হইবে না। আব তুধ, দধি ও ঘৃত স্থুস্বাত্ এবং শবীবের হিতকর হইবে ॥২২॥

বাজা যুখিষ্ঠির যে দেশে থাকিবেন, সে দেশে থান্ত ও পেয় বল্ক সকল উৎকৃষ্ট এবং স্থাত হইবে ॥২৩॥

বাজা যুধিষ্ঠিব যে দেশে থাকিবেন, সে দেশে বদ, স্পর্শ, গন্ধ ও শব্দ উৎকৃষ্ট হইবে এবং ৰূপ সকল নির্মাল হইবে ॥২৪॥

বংস! এই ত্রযোদশ বংসবে পাগুবেবা যে দেশে থাকিবেন, সে দেশে ইহা

⁽২২)…ন রুশা ন চ তুর্হা:—ভা। (২০)…পানানি ভোজ্যানি চ ভবস্তি চ—ভা। (২৪) …দিশচাপি—প্র,…সন্নাশ্চ—ভা। (২৫)…গুলৈন্চ সম্পন্না:—ভা। (২৬) দেশে চান্মিন্…তত্র ষ্টঃ প্টোহডিমানদ:—ভা।

দেবতাতিথিপূজাই সর্বভাবানুবাগবান্।
ইফাদানো মহোৎসাইঃ শগদ্ধর্মপরায়ণঃ ॥২৭॥
অশুভদিট্ শুভপ্রেক্স, নিত্যযক্তঃ শুভব্রতঃ ।
ভবিশ্বতি জনস্তর্ভ যতি রাজা-যুধিন্তিরঃ ॥২৮॥
ত্যক্তবাক্যান্তস্ত্র শুভবল্যাণমঙ্গলঃ।
শুভার্থেক্স,ঃ শুভমতির্বক্র রাজা যুধিন্তিরঃ।
ভবিশ্বতি জনস্তর্ভ নিত্যক্ষেক্টপ্রিয়ব্রতঃ ॥২৯॥
ভবিশ্বতি জনস্তর্ভ নিত্যক্ষেক্টপ্রিয়ব্রতঃ ॥২৯॥

ভারতকৌরুদী

দের্বতেতি ়া দেবতাতিথিপূজাস্থ, সর্ব্বেদ্বে ভাবেষ্ অবস্থাস্থ অস্থবাগ্রান্, ইষ্টানি দানানি যত্ত - সঃ, মহাস্থ্যাহো যক্ত সঃ, শশ্বৎ সর্ব্বদা ধর্মপ্রায়ণশ্চ জনো ভবেৎ ॥২৭॥

অন্তভেতি। বাজা যুধিষ্টিরো যত্র বর্ত্ততে, তর দৈশে, জনঃ, অন্তভবিট্ পাপবেষী, তভপ্রেপা, ধর্মনিপা, নিতাযকঃ, ভভরতক ভবিশ্রতি যহটো

ত্যক্তেতি। রাজা বৃধিষ্টিবোঁ যত্ত বৈর্জ্জে, তত্ত্বী দেশে, জনঃ, তাজং বাক্যান্তং মিথ্যাবাক্য যেন নঃ, অন্নিজোকাদিবং প্রনিপাতঃ, উভং নির্বিদ্ধং কল্যাণং অস্ত্যযনাদিকর্ম মঙ্গলং বিবাহাদিকর্ম চ যত্ত সং, স্ততেন সদ্বৃত্ত্যা অর্থেন্দুঃ ধনাজ্জনকারী, স্ততেমু কর্মন্থেব মতির্ম্ভ নঃ, ইষ্টং প্রিয়ঞ্চ ব্রতং যত্ত্ব স্বাহ্যতি। বিচুপাদোহয়ং শ্লোকঃ এ২১॥

ভারতভারদীপঃ

'আর্থানস্তাবিতঃ, মৎদরী প্রজোহকর্তা, তর্ত্ত যিত্ত বৃধিষ্টিব ইত্যুহ্নকুতে ॥১৭—২০॥ দর্শনং ধর্মব্রহ্মস্বরূপাবৈক্ষণম, নিস্তাতীপং পীথগুমার্গবিজ্জিতাম্ ॥২১—২০॥ 'দৃর্ভানি রূপাণি ॥২৪—২৬॥ সর্বভাবেন সর্বাত্মনাস্থ্যাগ্রান্ ॥২৭॥ অন্তভাৎ অন্তভং ত্যুক্ত্যা ॥২৮—২৯॥ ইট্টং যাগাদি,

দেখা যাইবে ষে, ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্রেবা ধর্মের সেবা করিতেছেন; আব সেই দেশে তাঁহাবা স্ব-স্ব-গুণ-সমন্থিত ইইবেন; বিশেষতঃ সে দেশের সকল লোকই পরস্পাব সৌহার্দ্দশালী, সম্বর্ছ, পবিত্র ও পীড়াশৃষ্ম হইবে ॥২৫—২৬॥

মানুষ সমস্ত অবস্থাতেই দেবতা ও অতিথিসেবায় অনুবাগী, দানাভিলাৰী, মহোৎসাহী এবং সর্বদা ধর্মপ্রায়ণ হইবে ॥২ °॥

রাজা যুধিষ্টির যে দেশে থাকিবেন, সে-দেশের লোক সকল পাপদ্বেষী, ধর্মলিপ্স, এবং সর্বাদা যজ্ঞ ও মাঙ্গলিক ব্রতকাবী হইবে ॥২৮॥

বাজা যুখিষ্ঠিব যে দেশে থাকিবেন, সে দেশেৰ লোক মিথ্যা কথা ত্যাগ করিবে ও সদ্বৃতিদ্বারা ধনোপার্জ্জন কবিবে- এবং তাহাদেব স্বস্তায়ন ও রিবাহ-

⁽২৮) অন্তভাদ্ধি—বা রা, অন্তভাদ্ধি—ইট্যজ্ঞা—ম,—সভাপ্রেপ নিতাযক্তপ্রতভিতভা । (২৯) সত্যবাক্যার্তঃ স্নাতঃ—ভা।

ধর্মাত্মা শক্যতে জ্ঞাতুং নাপি তাত ! দ্বিজ্ঞাতিভিঃ।
কিং পুনঃ প্রাকৃতিস্তাত ! পার্থো বিজ্ঞায়তে কচিৎ ॥৩০॥
যশ্মিন্ সত্যং প্রতিজ্ঞানং পরা শান্তিপ্র্রুবা ক্ষমা।
হ্রীঃ জ্রীক্তিঃ পরং তেজ আনৃশংস্থমথার্জ্জবম্ ॥৩১॥
তপ্মান্তত্র নিবাসন্ত চছনং সত্রেণ ধীমতঃ।
গতিঞ্চ পরমাং তস্থা নোৎসহে বক্তু মন্যুথা ॥৩২॥

ভারতকৌমুদী

ধর্মেতি। হে তাত। বুৎস। বিচ্চাতিভিরপি ধর্মাত্মা জাতৃং ন শক্ততে, ধেশান্তরেণ পিহিতস্বরূপত্মাদিতি ভাবং। অতএব হে তাত। কিং/গুনং, প্রাকৃতিঃ সাধারণৈশ্চারেঃ, পার্থো বুধিপ্লিরঃ, ক্টিদ্পি বিজ্ঞায়তে পরিচেতৃং শক্তে। অতশ্চাবপ্রেযণং নিক্ষনমেবেত্যাশয়ঃ ॥৩০॥

যমিরিভি। যমিন্ পার্ণে, সত্যম্, বৃতির্ধৈগ্যম্, জ্ঞানম্, পরা শাস্তিঃ, প্রবা ক্ষমা, ব্রীর্লজ্ঞা, শ্রীর্ধর্মসম্পৎ, কীর্ত্তিঃ, পবং তেজ্ঞঃ, আনৃশংস্তং দ্বা, আর্জ্জবং সরলতা চ বর্ততে ॥৩১॥

তশাদিতি। তশাৎ, ধীমতক্ষপ্ত ৰুষিষ্ঠিবশু, তত্ত্ব অনিদ্দিষ্টে দেশে, সত্ত্বেণ ছন্মনা, "সত্তাং বজে সদাদানাচ্ছাদনারণ্যকৈতবে" ইতি মেদিনী, ছন্নমার্তং নিবাসং প্রমাং গতিঞ্চ, অল্পথা বিনাশাদিরূপতন্ত্বা, বজুম, নোৎসহে ন শক্ষোমি, মিথ্যারূপত্বাৎ ৪৩২৪

ভাবতভাবদীপঃ

প্রিয়ং পরস্থাদক্ষ বতং পালনীয়ং যক্ত এবংভূতক্ত তুজে বিদ্বাপাহ—ধর্মাদ্বেতি ।৩০—০১॥
তন্মাদিতি । ধীমতঃ পাশুবক্ত বাসং ছয়ং তত্র বিদ্বীতি শেবঃ । পরমাং গতিং গমনক তত্রৈব স্বকীবং
ক্রু এতচ্চাহমন্তথা বিপবীতং বচো বজুং নোৎসহে, বৃদ্ধবাৎ পাশুবেষু বেষ্তাধর্মরূপবাচেতি
ভাবঃ ।৩২—৩৩।

ইতি শ্রীমহাভারতে বিবাটপর্ববি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে বড্কিশোহধ্যায়: 🛚 🕹 📲

প্রভৃতি কার্য্য নির্বিন্নে সম্পন্ন হইবে এবং শুভুমতি হইবে, আব ব্রভ সকল অভীষ্ট ও প্রিয় হইবে ॥২৯॥

বংস! স্মচত্র দিজাতিরাও ছদ্মবেশী ধর্মাত্মাকে জানিতে পাবেন না, তাহাতে আব সাধারণ গুপ্তচবেরা কি কখনও যুধিষ্ঠিবকে জানিতে পাবে ? ॥৩০॥

যে যুধিষ্ঠিরে সত্য, ধৈর্য্য, জ্ঞান, পবম শমগুণ, অচলা ক্ষমা, লজ্জা, জ্ঞী, কীর্দ্তি, মহাতেজ, দয়া ও সবলতা বহিয়াছে ॥৩১॥

⁽৩•) ধর্মাত্মা সততং দৃষ্টা সোহপি···শক্যো বিস্তাত্মন্ততঃ—প্র, ধর্মাত্মাবছিতো দৃষ্টা
·· শক্যো বিজ্ঞাতুমন্ততঃ—ভান- (৬১)···ধৃতিদাক্ষ্যং পরা শক্তিঃ—ভা, বিতীয়ার্দ্ধং ভা নাস্টি।
(৩১)·· ছন্তং যত্মেন—বা ব রা ম।

এবমেব তু সঞ্চিন্ত্য যৎ কৃত্যং মন্সসে হিতম্।
তৎ ক্ষিপ্ৰং কৃক্ কৌরব্য! যদ্মেবং শ্রুদ্ধাসি মে ॥৩৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিরাটপর্ব্বনি
গোহরণে চারপ্রত্যাচারে ভীম্মবাক্যে বড়বিংশোহধ্যায়ঃ॥০॥ #

সপ্তবিংশোহধ্যায়ঃ।

----°#°----

বৈশস্পায়ন উবাচ।

ততঃ শারন্ধতো বাক্যমিত্যুবাচ ক্বপন্তদা।

যুক্তং প্রোক্তঞ্চ বৃদ্ধেন পাগুবান্ প্রতি ভারত! ॥>॥

ধর্মার্থসহিতং: শ্লক্ষং তত্তহুচ সহেতুকম্।

ভত্তানুরূপং ভীদ্মেণ মমাপ্যত্র গিরং শূণু ॥২॥ (যুগ্মকম্)

ভারতকোমুদী

এবমিতি। হে কৌরবা। ছর্বোধন। যদি মে এবং বাকাং শ্রন্থাসি বিশ্বসিবি, তদা এবং মছকরপমেব সঞ্চিত্তা, যৎ কৃত্যং কার্য্য হিতং মন্ত্রসে, ক্ষিপ্রং তৎ কুরু ১৩৩। ইতি মহামহোপাধ্যায়-ভারভাচার্য্য-মহাকবি-পদ্মভূবণ-শ্রহিরিদাসসিদ্ধান্তবাদীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারভটীকায়াং ভারভকৌমৃদীসমাখ্যায়াং বিরাটপর্কবি গোহরবে বড়্বিংশোহধ্যায়ঃ 1•1

তত ইতি। তত:, শারহত: শারহতো মূনে: পুজ: রূপ:, তদা ইতি বাক্যম্বাচ। হে ভারত। ছর্ব্যোধন! বুজেন ভীমেন, পাণ্ডবান্ প্রতি, মূক্ত যুক্তাহিতম্, ধর্মার্থসহিতম্, রক্তাহিতম্, রক্তাহিতম্ন, রক্তাহিতম্বন, রক্তাহিতম্বর্বা

অতএব বৃদ্ধিমান্ যুধিষ্ঠিরের কপটাবৃত বাস কিংবা ছল্লবেশে গমনেব বিষয়ে আমি অক্তরূপ বলিতে পারি না ॥৩২॥

কৌরবনন্দন! তুমি যদি আমার বাক্যে বিশ্বাস কর, ভবে এইনপই বিবেচনা করিয়া যে কার্য্য হিত মনে কর, তাহা সম্বর কর" ॥৩৩॥

বৈশম্পায়ন কহিলেন—তাহার পর তখন শরদ্বানের পুত্র কৃপাচার্য্য এই

(৩০) এবমেতত্ত্—বা ব রা ন ভা। * '---অষ্টাবিংশোহধ্যায়ঃ'—প্র বা ব রা ম। ভা

অত্রাধ্যায়সমান্তিনিন্তি। (১)---মৃত্তং প্রাপ্তক্ত--প্রতি ভাবিতন্—প্র বা ব রা ম। (২)---সহেত্
তৎ---তত্ত্বাসূত্রণম্—ভা।

তেষাকৈব গতিস্তর্ক্যা বাসন্দৈষাং প্রচিন্ত্যতাম্।
নীতিবিধীয়তাঞ্চাপি সাম্প্রতং ষা হিতা তবেৎ ॥০॥
নাবজ্ঞেয়ো রিপুস্তাত! প্রাকৃত্যেহপি বুভূষতা।
কিং পুনঃ পাগুবাস্তত্র সর্ববাস্ত্রকুশলা রবে ॥৪॥
তন্মাৎ সত্রপ্রবিষ্টেয়ু পাগুবেষু মহাত্মম্ন।
গৃঢ্ভাবেষু চ্ছন্মেষু কালে চোদয়মাগতে ॥৫॥
স্বরাষ্ট্রপরবাষ্ট্রেষু জ্ঞাতব্যং বলমাত্মনঃ।
উদয়ঃ পাগুবানাঞ্চ প্রাপ্তকালো ন সংশয়ঃ॥৬॥ (যুগ্মকম্),

ভারতকৌমূদী

তেবামিতি। তেবাং পাওবানাং গতিং, তর্ক্যা আলোচনীয়া, এবাং বাসশ্চ প্রচিষ্ক্যতাম্। সাম্প্রতং বা হিতা তবেৎ, না নীতিন্চাপি বিধীযতাম্।

নেতি। হে তাত ! বৃভূষতা উন্নতিমিচ্ছতা জনেন, প্রাকৃতোহপি ক্লুনোহপি রিপু: ন অবজেয়:। তত্র, রণে সর্কান্তকুশলা: পাওবা: কিং পুনরবজেষা: ৪৪॥

ভদাদিতি। তন্মাৎ, সত্তপ্ৰবিষ্টেষ্ ছদ্মান্ৰিতেষ্, অতএব গৃচভাবেষ্ গুপ্তাবস্থানেৰু মহাত্মস্থ পাণ্ডবেষ্, ছন্নেষ্ লুকাষিতেষ্ সংস্থ, কালে তেবাং প্ৰকাশসমযে চ, উদয়মাবিভাবম্, ভারতভাবদীপঃ

তত ইতি। যুক্তং যুক্তমং, প্রাপ্তং প্রাপ্তকালন্ ॥১॥ তত্ততক্ষ সহত্তকং যুক্ত্যাভাসহীনন্ ॥২॥
তীর্থিকারৈঃ ॥৩—৪॥ সজং কৈতবং বেবাস্থরত্বপন্, ছয়েষ্ ওপ্তেষ্ উদযন্ উদাননং প্রতিজ্ঞাতে
কালে উল্পান্তে সতি সামীপ্যে সপ্তমী। কালেহরাবনিষ্টে সতীত্যর্থ: ॥৫॥ পররাষ্ট্রেষ্,
বাক্য বলিলেন—"ভবতনন্দন হুর্য্যোধন। বৃদ্ধ ভীম্ম পাগুবগণের বিষয়ে যুক্তিযুক্ত,
ধর্ম্ম ও অর্থসন্পন্ন, কোমল, হেতৃযুক্ত এবং যথার্থপক্ষেই অমুক্স বাক্য বলিয়াছেন।
এ বিষয়ে তুমি আমার বাক্যও শ্রবণ কর ॥১—২॥

পাণ্ডবগণ কোথায় গেলেন, তাহাব আলোচনা কর; তাঁহারা কোথায় বাস করিতেছেন, সে বিষয়েব চিস্তা কব এবং বর্ত্তমানে যাহা হিতকর হয়, সেইরূপ নীতি বিধান কব ॥৩॥

বংস! উন্নতিকামী লোক ক্ষুদ্র শক্রকেও অবজ্ঞা কবিবেন না; তাহাতে যুদ্ধে সর্বান্তনিপুণ পাণ্ডবেরা কি আর অবজ্ঞেয় হইতে পারেন ? ॥॥

অতএব মহাত্মা পাগুবেরা এখন ছদ্মবেশ অবলম্বনপূর্ববিক গুপ্তবাপে লুকায়িত আছেন এবং তাঁহানের প্রকাশের সময়ও আসিযাছে; এ অবস্থায় তুমি আপন

(৩)···গভিন্তীর্থিঃ—বা ব রা ম,···গভিন্তত্তাৎ···বিচিন্ত্যতাম্···বিধাৰতামত্ত—ভা (৪)··· পাণ্ডবান্তাত !—বা ব রা ভা। (৬) স্বরাষ্ট্রে চলপ্র বা ব রা ম,···উদয়ে পাণ্ড্প্ত্রাণাম্ —প্র,···প্রাপ্তে কালে—বা ব রা ম।

নির্ভদময়াঃ পার্থা মহাত্মানো মহাবলাঃ।
মহোৎসাহা ভবিশ্বন্তি পাগুবা ছমিতোজদঃ ॥৭॥
তত্মাত্দক্ষ কোষশ্চ নীতিশ্চাপি বিধীয়তাম্।
যথা কালোদয়ে প্রাপ্তে সম্যক্ তৈঃ সন্দধীমহি॥৮॥
তাত ! বৃদ্ধ্যাপি তৎ সর্ববং বৃধ্যস্থ বলমাত্মনঃ।
নিয়তং সর্ববিষত্রেয়ু বলবৎ স্ববলেয়ু চ॥৯॥

ভারতকৌমুদী

আগতে প্রাপ্তে সভি, স্ববাষ্ট্রপবরাষ্ট্রের্ আত্মনো বলং জ্ঞাতব্যর্। যেন হি পাগুবানান্, উদয়ঃ প্রকাশঃ, প্রাপ্ত উপস্থিতঃ কালো যক্ত স ভাদৃশঃ। অত্ম সংশয়ো নাস্তি ॥৫——৬॥

নিবুত্তেতি। মহাত্মনো মহাবলান্ট পার্থাঃ পাগুবাঃ, নিবৃত্তসময়া অতীতপ্রতিজ্ঞাকালাঃ সন্তঃ, স্বরাজ্যগ্রহণার মহোৎসাহা ভবিক্সন্তি। তেন কিমিত্যাহ—পাগুবা হি অমিতোজসঃ এ৭।

তত্মাদিতি। তত্মাৎ, বলঞ্চ কোষণ্ট নীতিশ্চাপি, বিধীয়তাম্ উন্নতীক্রিষতাম্। যথা কালোদমে সন্ধিকালে যুদ্ধকালে বা, প্রাপ্তে উপস্থিতে সতি, তৈঃ পাগুবৈঃ সহ, সম্যক্ সন্দধীমহি সতি সম্ভবে সন্ধিং করবাম, অগ্রথা তু যুদ্ধায়ৈব সংযুদ্ধামহে ॥৮॥

ভারতভাবদীপঃ

ভিন্ননাষ্ট্রের্ দ্বরাষ্ট্রের্ চ স্বস্ত বলং সৈক্তং সামর্থ্যক যথ তজ্জ্ঞাতব্যম্।৬—१॥ নীতির্ভজ-বেতনদানচারপ্রবৃত্ত্যাদিকা তথা বিধীয়তাং যথা যেন প্রকারেণ তৈঃ গহ সন্দধানহৈ শরাদি-সন্ধানং কুর্মহে, যথা বলকোশযোরশ্বস্থাই স্বস্ত পরস্তা বছমং নীতির্ধথাপ্রতিজ্ঞং সামরূপা বিধীয়তাং যথা তৈঃ সহ সন্দধানহে সখ্যং কুর্মহে ইতি। কালোদয়ে মৃত্যুদয়রূপে প্রাপ্তে শিতি তেষাং বিধীয়ত ইতি পাঠে তেষাং কালতঃ উদয়ে প্রাপ্তে সতি যথা সম্মিধীয়তে ভাষতে

রাজ্যে ও পররাজ্যে নিজের কভটুকু শক্তি আছে, তাহা জান। কেন না, পাণ্ডবগণের প্রকাশ পাইবাব সুময় উপস্থিত হইয়াছে; এ বিষয়ে সন্দেহ নাই ॥৫—৬॥

প্রতিজ্ঞাব কাল অতীত হইলেই, মহাত্মা ও মহাবল পাগুবেরা আপন রাজ্য গ্রহণ করিবার জন্ম অত্যন্ত উৎসাহী হইবেন। কারণ, পাগুবগণ ত অসাধাবণ তেজস্বী ॥৭॥

অতএব বল ও কোষ বৃদ্ধি কর এবং উপযুক্ত নীতি প্রয়োগ কর; যাহাতে কাল উপস্থিত হইলে, আমরা পাণ্ডবদেব সহিত—হয় সদ্ধি, না হয় সম্যক্তাবে যুক্ত করিতে পাবি ॥৮॥

^{, (}৭)---পার্থাঃ সভ্যব্রভপরায়ণাঃ—ভা। (৮) সন্দধামহে—বা ব বা ম ভা। (২) তাত।
বুধ্যামি—বা, তাত। মন্তামি—ভা।

উচ্চাবচং বলং জ্ঞাত্বা মধ্যস্থঞ্চাপি ভারত !।
প্রক্রেইনপ্রক্রইঞ্চ সন্দ্রীমন্তথা পরিঃ ॥>০॥
সাল্লা দানেন ভেদেন দণ্ডেন বলিকর্মণা।
ভ্যায়েনানম্য চ পরান্ বলাচ্চানম্য তুর্ববলান্ ॥>>॥
সাল্থয়িত্বা-চ মিত্রাণি বলঞ্চাভাষ্য বৈ হ্রথম্।
ভ্রেকোষবলসংব্রদ্ধঃ সম্যক্ সিদ্ধিমবাপ্স্যাসি ॥>২॥-(যুগ্মকম্)

ভারতকোমুদী

তাতেতি। হৈ তাত ! বংস । বলবংস্থ অবলেষ্ চ সর্বসিত্তেষ্, নিযতং নিষমেন স্থিতং তং সর্বং বলং শক্তিম, আত্মনো বুদ্ধাপি, বুধ্যম্ব পর্যালোচ্য নিরপ্য ।।।

উচ্চেতি। হে ভারত। উচ্চমৃত্তমঞ্চ অবচমধমঞ্চ তৎ, মধ্যস্থং মধ্যমঞ্চাপি বলং জ্ঞাত্বা, তদেব পুনঃ, প্রস্তুষ্টং বেতনাদিলাভেন সন্থাবহারেণ চাত্মানং প্রতি সম্ভুষ্টং অপ্রস্তুষ্টং তবোরভাবা-দাত্মানং প্রত্যসন্তুষ্ট্রণ জ্ঞাত্বা, পরেঃ পাঞ্জবৈঃ সহ, সন্দবীমঃ বলানামবলত্বে অপ্রস্তুত্তির চ সন্ধিং কুর্মঃ, অক্তথা তু মুদ্ধাবৈব সংযুদ্ধামহে ॥>•॥

সামেতি। স্থকোষবলাভ্যাং সংবৃদ্ধঃ সম্যগ্র্ দ্বিপ্রাপ্তত্তম্, সামা অন্তনমবাক্যেন, দানেন উপহারাদিবিতরণেন, ভেদেন বিপক্ষমধ্যে অনৈক্যজননেন, দণ্ডেন বলপ্রযোগেণ, বলিকর্মণা ভাবভভাবদীপঃ

ভপা নীতির্বিধীয়তাম্ ॥৮॥ নিষতমচঞ্চলং নিযমেন বৃধ্য ॥ ।। বোধকলমাহ—উচ্চেতি।
উচ্চাদিভেদেন ত্রিবিধমপি প্রাকৃত্রইং বা অপ্রকৃত্রইং বা জ্ঞাতব্যম্। উচ্চং সমং বা প্রবলম্ অপ্রকৃত্রকেৎ প্রকৃত্রইবলৈঃ শক্রুভিঃ সহ সন্দধাম সন্ধিং কববাম। বিপবীতক্ষেদপি সন্দধাম শবানিতি
শেষঃ। সন্ধনীয়মিতি পাঠেছপি তদেবার্থকয়ং ক্রেমম্। আতো ধাতোবিত্যালোপঃ অনীযব্প্রত্যাবে পরে ভবতি। সন্ধানীয়মিতি তৃ যুক্তঃ পাঠঃ ॥১০॥ সাম্যে সামভেদে অপবস্থাধিক্যে
দানং স্বস্থাধিক্যে দণ্ডো যুদ্ধে নিপাতনং বা বলিকর্ম বা কবাদানাখ্যম্ ইতি বলজ্ঞানকলম্ ॥১১॥
বলং স্বইন্সং স্বধং যথাক্ষাৎ তথা আভায়তাং প্রীতিবাদেন ভক্তবেতনমানদানেন সংমন্ত্রণীয়-

বংস। প্রবল ও তুর্বল সমস্ত মিত্রদের নিশ্চিত কিবাপ শক্তি আছে, সে সমস্ত আপন বুদ্ধিদারাও ভাবিয়া নিবাপণ কব ॥১॥

ভরতনন্দন ৷ আমাদের বল উত্তম, মধ্যম, না অধম, কিংবা সন্তুষ্ট না অসন্তুষ্ট – ইহা জানিয়া আমবা—হয় বিপক্ষেব সহিত সন্ধি কবিব, না হয় যুদ্ধ কবিব ॥১০॥

বংস! তুমি, কোষ ও বলদ্বাবা সম্পূর্ণ বৃদ্ধিলাভ কবিলে, তখন সাম, দান,

⁽১•)···সন্দধাম:—বা ভা,···সন্দধাম—রা ম। (১১) স্থাযেনাক্রম্য—বা ব রা ম,···বল্ঞাভায়তাং স্থেম্—বা ব রা ম,···বল্ঞাভায় মুখ্যতঃ।
প্রকোশবল্সম্পন্ন: সম্যক্ সন্ধিম্—ভা।

বিরাট-৩২ (১২)

যোৎস্থাসে বাপি বলিভিররিভিঃ প্রত্যুপস্থিতৈঃ। অত্যৈস্ত্রং পাগুবৈর্বাপি হীনেঃ স্ববলবাহনৈঃ॥১৩॥ এবং সর্ববং বিনিশ্চিত্য ব্যবসায়ং স্বধর্মতঃ। যথাকালং মনুযোক্তা! চিরং স্থথমবাক্ষ্যসি॥১৪॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিবাটপর্বাণি গোহরণে চারপ্রত্যাচারে কুপবাক্যে সপ্তবিংশোহধ্যায়ঃ ॥०॥ #

ভারতকোমুদী

করদানেন বা, যথাসম্ভবমেবামক্ততমেনেতার্থ:, স্থামেন, পবান্ বিপক্ষান্, আনম্য আযতীকৃত্য, বলাচ্চ তুর্বলান্ বিপক্ষান্, আনম্য আয়তীকৃত্য, মিঞানি চ সাম্বয়িতা মধ্ববাক্যাদিনা সম্ভোক্ত, বলং অনৈক্তঞ্চ আভান্ত সাদবং সংগারবক্ষামন্ত্র, তুর্বমনাযাসং যথা স্থাতথা, সম্যক্ সিদ্ধিমূরতিনিম্পতিমবাস্যাসি ॥১১—১২॥

যোৎশুদ ইতি। বাপি অথবাপি, স্থকোধবলবৃদ্ধমৃ, প্রত্যুপস্থিতৈবল্যৈ: বলিভিরবিভিঃ, ত্ববলবাহনৈহীনৈঃ পাণ্ডবৈর্বাপি দহ, যোৎশুদে যোজুং শক্ষাদি ॥১৩॥

এবমিতি। হে মন্ত্রেক্ত । বধর্মতো নিজক্ষনিয়ধর্মান্ত্রনারেশৈব, যথাকালম্, এবমনেন প্রকারেণ, সর্বাং ব্যবসায়ং কর্ত্বব্যবিষয়ং বিনিশ্চত্য চিরং স্থথমবাষ্ণ্যসি ॥>৪॥ ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্ব্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসনিভান্তবাদীশভট্টাচার্ব্যবিরচিতায়াং মহাভারতটীকাষাং ভারতকৌমুদীসমাধ্যায়াং বিবাটপর্ববি গোহরণে

সপ্তবিংশোহধ্যায়: । •।।

ভারতভাবদীপঃ

মিতার্থ:। সিদ্ধিং জয়ম্ ॥১২॥ অক্টো: শক্তভি: পাণ্ডবৈশ্চাপি সহ যোৎশুনে কীদূশৈ: স্ববলাদিনা হীনৈ: ॥১৩॥ ব্যবসায়ং স্বকর্ত্ব্যম্ ॥১৪॥

ইতি শ্রীমহাভারতে বিরাটপর্বাণি নৈলক্ষ্মীয়ে ভাবভভাবদীপে সপ্তবিংশোহধ্যায়ঃ ॥২ ৭॥

ভেদ, দশু অথবা করদানদারা স্থায় অনুসারেই বিপক্ষদিগকে আয়ত্ত করিয়া, বলদারাই তুর্ববাদিগকে অধীন করিয়া, মধুর বাক্য ও ব্যবহারে মিত্রদিগকে সম্ভষ্ট রাখিয়া এবং আদর ও গৌরবের সহিত সৈন্তাদিগকে সম্ভাষণ করিয়া, সম্পূর্ণ সিদ্ধি লাভ কবিতে পারিবে ॥১১—১২॥

অথবা, অন্ত প্রবল শক্ত কিংবা আপন বল-বাহনবিহান পাণ্ডবগণ উপস্থিত হইলে, তাহাদেব সকলের সহিতই যুদ্ধ কবিতে পারিবে ॥১৩॥

রাজা! তুমি আপন ধর্ম অন্মসাবে যথাসময়ে এইভাবে সমস্ত কর্তব্য বিষয় স্থিত করিয়া চিরকালই স্থুখভোগ করিতে পাবিবে" ॥১৪॥

⁽১৩) যোৎশুদে চাপি—প্র বা ব রা ম.···হীনম্ব—ভা। (১৪)···ঘথাকামম্—ভা। • '···উনজিংশোহধ্যায়ঃ'—প্র বা ব রা ম।

व्यष्टोबिश्टमाञ्थायः।

___°**°___

বৈশম্পায়ন উবাচ।

অথ রাজা ত্রিগর্ত্তানাং স্থশর্মা রথযুথপঃ।
প্রাপ্তকালমিদং বাক্যমুবাচ ছরিতো:ভূশম্ ॥>॥
অসক্ষিকৃতঃ পূর্বং মৎস্তশাল্বেয়কৈঃ প্রভা !।
সূতেন চৈব মৎস্তস্ত কীচকেন পুনঃ পুনঃ ॥২॥
বাধিতো বন্ধুভিঃ সার্দ্ধং বলাদ্বলবতা বিভো !।
স কর্ণমভ্যদীক্ষ্যাথ মুর্য্যোধনমভাষত ॥৩॥ (যুগ্মকম্)
অসক্তমংস্তরাজ্ঞা মে রাষ্ট্রং বাধিতমোজসা।
প্রণেতা কীচকশ্চাস্ত বলবানভবৎ পুরা ॥৪॥

ভারতকোমুদী -

অপেতি। অথ ত্রিগর্জানাং ত্রিগর্জদেশক্ত রাজা, রথবৃথপ: বছবথাধিপতি:, স্থশর্মা, ভূশং ছরিত: সন্, প্রাপ্তকালং তৎকালোচিতম্ ইদং বাক্যমূবাচ ॥১॥

অসক্বদিতি। তে প্রভো! জনমেন্তর ! পূর্বাং সংস্থাবেষকৈঃ মংস্তদেশীবৈঃ শাব-দেশীবৈংক, অসক্বং বাবং বাবম, নিকৃতঃ পরান্ধিতঃ, তে বিভো! জনমেন্তর ! বলবতা, মংস্তম্থ মংস্তমান্দস্ত, হতেন সেনাপতিনা কীচকেন চ, বলাৎ, বন্ধুভিঃ নার্ছম্, পূনঃ পুনর্বাধিতঃ পীড়িতঃ, স স্থশর্মা, কর্ণম্, অভ্যুদীক্ষ্য তৎসম্বতিজননার্থং বিলোক্য, অথ মুর্ব্যোধনম্ অভাবত ॥২—৩॥

অসক্লিতি। মৎশুরাজ্ঞা বিরাটেন, অদস্ভখাভাব আর্থ:, ওলসা বলেন, মে মম রাষ্ট্রং

বৈশম্পায়ন বলিলেন—ভাহার পর বহুরথের অধিপতি ও ত্রিগর্ত্তদেশের রাজা স্থার্মা অতি ছরিত হইয়া ভংকালোচিত এই বাক্য বলিলেন—॥১॥

"রাজা। পূর্বের মংস্থা ও শান্তদেশীয়ের। বার বাব এই স্থশর্মাকে পবাজ্ঞয় কবিয়াছিল এবং মংস্থারাজের সেনাপতি বলবান কীচক বলপূর্বেক বন্ধুগণের সহিত এই স্থশর্মাকে বাব বার উৎপীড়ন কবিযাছিল। বাজা। সেই জন্মই স্থশর্মা কর্ণেব দিকে দৃষ্টিপাত করিয়া তুর্য্যোধনকে কহিলেন—॥২—৩॥

⁽১)···ছরিভো বলী—বা ব রা ম। (২)···নিকৃতা:—বা ব রা ম,···শাছেয়কৈ: পরি:— ভা। (৪)···কীচকস্তত্ত—বা ব বা ম,···বলমন্তোহভাভূৎ পুরা—ভা।

কুরোহমর্যী স মুন্টাত্মা ভুবি বিখ্যাতবিক্রমঃ।
নিহতন্তত্র গন্ধবৈবিঃ পাপকর্মা নৃশংসবান্ ॥৫॥
তিস্মিংস্ত নিহতে রাজন্! হীনদর্পো নিরাশ্রয়ঃ।
ভবিশ্বতি নিরুৎসাহো বিরাট ইতি মে মতিঃ॥৬॥
তত্র যাত্রা মম মতা যদি তে রোচতেহনঘ!।
কৌরবাণাঞ্চ সর্বের্ষাং কর্ণস্য চ মহাত্মনঃ॥৭॥
এতৎ প্রাপ্তমহং মত্যে কার্য্যমাত্যয়িকং হি নঃ।
বাষ্ট্রং তস্যাভিযাস্থামঃ পশুধান্যসমাকুলম্॥৮॥

ভারতকৌমুদী

রাজ্যম, অসক্তৎ, বাধিতং পীডিতম্। যেন হি পুরা কীচকঃ, অন্ত মংশুরাজুন্ত, বলবান্, প্রণেডা সেনাপতিরভবং ॥৪॥

কুর ইতি। কুরো নিষ্ঠুর:, অমর্থী কোষী, ছষ্টাত্মা, পাপকর্মা, নুশংসবান্ নৃশংসবভাবং, ভূবি বিখ্যাতবিক্রমশ্চ স কীচকঃ, তত্ত্ব মংশ্যদেশ এব গন্ধবৈনিহতঃ ॥৫॥

তশ্বিদ্নিতি। হে বাজন্! তশ্বিন্ কীচকে নিহতে, নিরাশ্রয়ো বিরাটো রাজা, হীনদর্শো নিরুৎসাহন্দ, ভবিশ্বতি ভবেৎ, ইতি মে মতিঃ সম্ভাবনা বর্ততে ।।।

তত্ত্বেতি। অতএব হে অনষ ! নিপাপ ! রাজন ! যদি তে রোচতে, তদা সর্কেবাং কোরবাণাঞ্চ, মহাত্মনঃ কর্ণশু চ, তত্ত্ব বিরাটরাজ্যে যাত্রা, মম মতা ॥ ।॥

এতদিতি। এতৎ, ন অস্মাক্ষ্, আত্যয়িক্ষ্ অবশুক্রব্যাৎ কার্য্যম্, প্রাপ্তম্পৃছিত্য্, ইত্যহং মক্তে। অতএব পশুধান্তসমাক্ষ্য্, তত্ম বিরাটভা, বাষ্ট্রং রাজ্যমেব অভিযাভামঃ। তদাস্তাং তাবৎ পাগুবারেষণমিতি ভাবং ।৮॥

"মংস্থবাজ বিরাট বলপূর্বক আমার বাজ্যের উপরে বার বার উৎপীড়ন করিয়াছে। কারণ, পূর্বেব বলবান্ কীচক মংস্থারাজের সেনাপতি ছিল ॥৪॥

কিন্তু নিষ্ঠুব, ক্রোধী, পাপকারী, নৃশংসম্বভাব ও পৃথিবীতে বিখ্যাতবিক্রম সেই ত্ররাত্মা কীচককে গন্ধর্বেবা সেই মংস্তদেশে ই নিহত করিয়াছে ॥৫॥

মহারাজ! সেই কীচক নিহত হওয়ায় নিরবলম্বন বিরাটরাজা হীনদর্গ ও নিরুৎসাহই হইয়া থাকিবে, ইহাই আমার ধারণা ॥৬॥

অতএব নিষ্পাপ রাজা। আপনাব যদি অভিকচি হয়, তবে সমস্ত কৌববের ও মহাত্মা কর্ণের সেই বিবাটরাজ্যে যাত্রা করাই আমাব মত ॥৭॥

আমি মনে কবি—আমাদের এই অবশ্যকর্ত্তব্য কার্য্যই উপস্থিত হইয়াছে; অতএব আমরা, পশু-ধান্মে পরিপূর্ণ বিরাটরাজ্যেই যাইব ॥৮॥

⁽e)---প্রখ্যাতবিক্রম:। নিহতঃ স তু—বা ব রা ম,---প্রখ্যাতবিক্রম: নৃশংসরুৎ—ভা।
(৮)---আতায়িকং হিতম্---বছধান্ত—প্র।

আদদামোইই রক্তানি বিবিধানি বঁসুনি চ।
গ্রামান্ রাষ্ট্রাণি বা তম্ম হরিয়ামো বিভাগলঃ ॥৯॥
অথবা গোসইআণি শুভানি চ বহুনি চ।
রিবিধানি হরিয়ামঃ প্রতিপীত্য পুবং বলাৎ ॥>০॥
'কৌরবিঃ সই সংগম্য ত্রিসাত্তি রিশাংপতি!।
গাস্তম্মাপহরামাশু সহ সর্বৈঃ প্রসংহতিঃ ॥>>॥
সন্ধিং বা তেন ক্বত্বাজো নিব্ধীমোহম্ম পৌক্রবম্।
হত্বা বাস্ট্য চমুং কুৎসাং বশমেবীনয়ামহৈ ॥>২॥
তং বশে স্থায়তঃ কৃত্বা স্থাং বৎস্থামহে বয়ম্।
ভবতো বলর্দ্ধিন্ট ভবিয়্যতি ন সংশযঃ॥>৩॥

ভারতকৌম্দী ---- ---

শাদাম ইতি। অস্ত বিরাটস, বত্নানি, -বিবিধানি বৃহনি ধনানি চ আদদাম:। তক্ত কিয়তো গ্রামান্, সর্বাণি বা বাষ্ট্রাণি, বিভাগশো বিভন্ধ বিভন্ধ হরিষ্যামঃ ॥।। --- অধবেতি। অথবা বয়ং বলাৎ পুরং প্রতিণীড়া, যথা তেন মৎপুরং পীড়য়িত্বা স্থতং-তথেতি ভাবং, বিবিধানি বহুনি চ শুভানি চ গোসহম্রাণ-হবিষ্যামঃ ॥১০॥

কৌববৈরিতি। হে বিশাংপতে । নরনাথ ! বয়ম, কৌববৈ: জিগর্ডিশ্চ সহ সংগম্য নিলিছা, স্ক্রেরপরি: বৈদ্ধান সহ স্থাংহতা মিলিতাশ্চ সম্ভঃ, আন্ত-তক্ত গা অপহবাম ॥১১॥
— সন্ধিমিতি । , আন্তেম যুদ্ধে বা তেন বিরাটেন সহ উত্তমপণেন সন্ধিং ক্লছা অক্ত বিরাটক্ত পৌক্রং নিবরীমো বিনাশরাম: । বা অথবা সন্ধানকীকার ইত্যর্থ:, অক্ত ক্লমাং চমুং সেনাং হছা তং-বিরাটং বশমেব আনুরামহে ॥১২॥

পরে-আমবা বিবাটের নানাবিধ বন্ধ ও ধন গ্রহণ করিব এবং সম্ভব হইলে কি.ছু গ্রাম কিংবা রাজ্যটাকেই ভাগ কবিয়া লইব ॥১॥

অথবা আমৰা ব্লপুৰ্বকৈ তাহার ৰাজধানীটাকে প্ৰতিপীড়ন কৰিয়া শুভ-স্টক নানাবিধ বছসহস্ৰ গো হরণ কুরিব ॥২০॥

ন্বনাথ! আমবা কৌববসৈতা ও ত্রিগ্রতিসভোব সহিত মিলিত হইয়া এবং অতা সকল সৈত্যের সহিত সংযুক্ত হইয়া যাইয়া সম্বই বিবাটের গো হবণ ক্রিব॥১১॥

কিংবা যুদ্ধে উহার সহিত সদ্ধি কবিয়া উহাব পুক্ষকার নষ্ট কবিব; তাথবা উহার সমস্ত সৈন্ম ধ্বংস কবিয়া উহাকে বনীভূতই কবিব ॥১২॥

⁽৯) আদদীম:—প্র। (১১)---সহ সংগত্য---অপহনামান্ত সর্বৈশ্চিব—বা ম। (১২)
---কৃত্বান্ত --বাগাং তাং ন্যামহে—ভা, সংবিভাগেন কৃত্বা তু—বা ব রা ম। (১৩)---ভবতোহণি
প্রিয়বৈশ্ব—বা,---ভবতাং বসবৃত্বিক্ত—রা ম।

তচ্ছু ত্বা বচনং তস্ত কর্ণো রাজ্ঞানমত্রবীৎ।
সূক্তং স্থশর্মণা বাক্যং প্রাপ্তকালং হিতঞ্চ নঃ ॥১৪॥
তন্মাৎ ক্ষিপ্রং বিনির্যামো যোজ্মিত্বা বর্রাথনীম্।
বিভজ্ঞা বাপ্যনীকানি যথা বা মন্যসেহনঘ! ॥১৫॥
প্রজ্ঞাবান্ কুরুরুদ্ধোহয়ং সর্বেষাং নঃ পিতামহঃ।
আচার্যান্ট তথা দ্রোণঃ কুপঃ শারদ্বতন্তথা ॥১৬॥
মন্যন্তে তে যথা সর্বের্ব তথা যাত্রা বিধীয়তাম্।
সংমন্ত্র্য চাল্ড গচ্ছামঃ সাধনার্থং মহীপতে! ॥১৭॥ (যুগ্মকম্)

ভাবতকৌমূদী

তমিতি। স্থাৰতঃ তং বিবাটং বশে ক্বন্ধা বৰং স্থাং বংস্থামহে স্বাস্থামঃ। তেন তু ভবতক বলবুন্ধিওবিয়তি। অত্ত কন্টিদশি সংশয়ো নাস্তি ॥১৩॥

তদিতি। তত্ত স্থশর্মণ: তৎ বচনং শ্রুতা, কর্ণ:, রাজানং কুর্যোধনমত্রবীৎ। স্থশর্মণা প্রাপ্তকালং কালোচিতম্, নঃ অস্মাকং হিডঞ্চ বাক্যম্, স্কুলং স্বষ্ঠু উক্তম্ ॥১৪॥

তশাদিতি। হে অনব । বাজন্। তশাৎ, বরুধিনীং কৌববত্তিগর্জোভযসেনাম, যোজবিদ্বা সংযোজ্য, অনীকানি তাহ্যভয়নৈস্থানি বিভজ্য বা কিপ্রং বিনির্বামঃ। স্বং বা যথা মগুসে, তথৈব করবামেতার্থঃ ॥১৫॥

প্রজ্ঞেতি। প্রজ্ঞাবান্ বৃদ্ধিমান্ কুফবৃদ্ধণ্ড, নঃ অস্থাকং সর্ব্রোধনস্থ পিতামহ্যাদেব স্বস্থা পিতামহ ইত্যাশয়ঃ। তথা আচার্য্যো দ্রোণঃ, তথা ভাবতভাবদীপঃ

অথেতি ॥১॥ বাক্যম্বাচেত্যত্র হেতৃমাহ—অসক্তদিতি। নিক্বতাঃ বঞ্চিতান্ত্রিগর্তা ইতি শেষঃ। প্রভো ৷ হে জনমেজ্য। ॥২॥ বাধিতঃ স্থশর্মা বলবতাং কোরবাণাং বিভো স্বামিনি ভীম্মে সমীপে সতি কর্ণং চোদীক্ষ্য দুর্ব্যোধনমভাষত ॥৩—১১॥ নিবন্ধীমঃ নিগৃহীমঃ ॥১২—১৪॥

ন্থায় অনুসাবে বিরাটবাজাকে বশীভূত করিয়া আমবা সুখে বাস করিব। ইহাতে আপনাবও যে বলবৃদ্ধি হইবে, তাহাতে কোন সন্দেহ নাই" ॥১৩॥

কর্ণ স্থার্শনাব সেই কথা শুনিয়া তুর্য্যোধনকে বলিলেন—"স্থার্শনা কালোচিত এবং আমাদের হিতকব বাকাই বলিয়াছেন ॥১৪॥

অতএব বাজা। আমরা কৌববসৈত্য ও ত্রিগর্ত্তসৈত্য সংযুক্ত বা বিভক্ত ক^{বিযা} লইয়া সম্বই নির্গত হইব। অথবা তুমি যাহা মনে কব ॥১৫॥

কুককুলেব বৃদ্ধ ও বুদ্ধিমান্ আমাদেব সকলেব পিতামহ এই ভীম্মদেব,

⁽১৪)…ছিতং বচ:—ভা। (১৫)…বিভন্ন চাগ্যনীকানি—প্র বা ব রা ম। (১৬) প্রাজ্যে বা…যথা স্রোণঃ—রা ম। (১৭)…সংমন্ত্র্যা বান্ত --সাধ্যার্থান্—ভা।

কিং বা নঃ পাগুবৈঃ কার্য্যং হীনার্থবলপৌরুষৈঃ।
অত্যন্তং বা প্রনফীন্তে প্রাপ্তা বাপি যমক্ষয়ম্॥১৮॥
যামো-রাজনপুদ্মিা বিরাটবিষয়ং বয়ম্।
আদাস্থামো হি গাস্তম্ম বিবিধানি ধনানি চ॥১৯॥
বৈশম্পায়ন উবাচ।

ততো তুর্য্যোধনো বাজা বাক্যমাদায় তস্ত তৎ। বৈকর্ত্তনস্ত কর্নস্ত ক্ষিপ্রমাজ্ঞাপয়ৎ স্বযম্ ॥২০॥ শাসনে নিত্যযুক্তং তু তুঃশাসনমনন্তবম্। সহ সর্বৈস্ত সংমন্ত্র্য ক্ষিপ্রং যোজয় বাহিনীম্ ॥২১॥ (যুগ্মকম্)

ভাবতকোমুদী

শারদ্বতঃ শবদ্বতঃ পুত্রঃ কুপশ্চ, তে এতে সর্বেষ যথা মন্তব্ধে, তথা তেনৈব প্রকারেণ যাত্রা বিধীষতাম্। তে মহীপতে । সংমন্ত্রা চ বযম, সাধনার্থং জ্বসম্পাদনার্থম্, আন্ত গচ্ছামঃ ॥১৬—১৭॥

অথ তথাত্বে পাগুবায়েবণং হীয়েতেত্যাহ—কিমিতি। হীনার্থবলপৌরুবৈ: পাগুবৈ:, নঃ অস্থাকম, কিং বা কার্যাং প্রয়োজনমস্তি। তে পাগুবা:, অত্যন্তং বা প্রনন্তা: সমূক্রপারাদৌ অদর্শনং গতা:, যমক্ষয়ং যমালয়ং বা প্রাপ্তা গতাঃ ॥১৮॥

যাম ইতি। অতএব হে রাজন্ ! বয়মস্থিয়া এব সন্তঃ, বিবাটত বিষয়ং দেশম্, যামো গচ্ছামঃ। হি মুমাং, তত্ম গা বিবিধানি ধনানি চ আদাত্মায়ঃ ১১৯॥

তত ইতি। ততো বাজা হুর্যোধনঃ, বৈকর্তনশু স্থাপ্রশু কর্ণশু তৎ বাকান, আদার অদীকতা, স্বর্যেব, শাসনে আদেশে, নিতাযুক্তং নর্বদোত্তন, অনম্বর্গ অব্যবহিতাস্থলং আচার্য্য জ্যোগ এবং শাবদ্বত কুপ—ইহাবা সকলে যেমন ভাল মনে কবেন, তেমন ভাবেই যাত্রা কর। (মোট কথা—) বাজা। আমবা মন্ত্রণা কবিয়া কার্য্যসাধনেব ক্জ্যু সম্বর্হ গমন করিব ॥১৬—১৭॥

অর্থ, বল ও পুক্ষকাববিহীন পাশুবগণদ্বাবা আমাদের কি প্রয়োজন আছে। সেই পাশুবেবা—হয় একেবাবে অদৃশ্য হইয়া গিয়াছে, না হয় যমালয়ে গিয়াছে ॥১৮॥

স্বুডবাং বাজা। আমরা নিক্দেগ হইয়াই বিবাটবাজ্যে যাইব এবং তাহাব গোসমূহ ও নানাবিধ ধন হরণ কবিব"॥১৯॥

বৈশস্পায়ন বলিলেন—ভাহাব পব বাজা তুর্য্যোধন সূর্য্যপুত্র কর্ণেব সেই কথায় অঙ্গীকাব কবিয়া নিজেই, সর্ব্বদা আজ্ঞাবহ অব্যহিত কনিষ্ঠ সহোদব

⁽১৯)…নিক্ষদ্বিয়া বিবাটনগ্ৰম্—বিবিধানি বন্থনি চ—বা ব রা ম। (২০)—ভশ্য ভূ—ভা।

⁽২১) শাসনে নিত্যসংযুক্তম্ প্র বা ব রা।

যথিকে দিন্ধ গিচ্ছামঃ সহিতান্তত্ত্ব কোরবৈঃ।

য়শীর্মা চ যথোদিষ্টেং দেশং বাতু মহাবথঃ ॥ইই॥

ত্রিগর্তিঃ সহিতো রাজা সমগ্রবলবাহনঃ।

শ্রাগেব হি অসংবীতো মহস্তাস্ত্র বিষয়ং প্রতি ॥২০॥
জঘন্ততো বয়ং তন্ত্র যাস্তার্মো দিবসান্তরে।

বিষয়ং মহস্তরাজন্ত অপ্রাক্তা অপ্রাক্তর কোনান্তরে।

তে গল্পা সহসা তত্ত্র বিবাটনগরং প্রতি।

ক্রিপ্রং গোপন্ সমাসাত্ত গৃহুক্ত বিপুলং ইনম্ ॥২৫॥

ভারতকৌমূর্দী

জ্ঞাসনং ক্ষিপ্রমাজ্ঞাপষং। হে জ্ঞাসন। জং সর্ট্রের সহ সংমন্ত্র, ক্রিপ্রং বাহিনীং সেনাং ঘোল্লব । ২০—২১।

যথেতি। বয় কৌববৈর্বলৈঃ সহিতাঃ সন্তঃ, তত্ত্র মংশ্রেদেশে, মর্থোদ্দেশং মন্ত্রণানির্দিষ্টদেশে গচ্ছামঃ। মহারথঃ স্থশর্মা চ যথোদিষ্টং যথোক্তং দেশং যাতু ॥২২॥

ত্রিগর্ভৈরিতি। সমগ্রাণি সম্পূর্ণানি বলানি বাহনানি চ যত্ত স তাদৃশা, রাজা ফুশর্মা, ত্রিগর্ভৈ: দৈত্তৈ: নিহত:, স্থসংবীতঃ অজৈবীবৈশ্চ পরিবেষ্টিতঃ সন্, মংত্তত বিবাচীত, বিষয়ং দেশং প্রতি, প্রাণেব হি যাহিত্যমূর্তিঃ, তত্তৈব চিরবদ্ধবৈর্থাদিত্যাশয়ঃ ॥২৩॥ ত ত

জনমত ইতি। বদন্ত স্থাংহতা বলবাহনৈ: সম্মিলিতা: সন্তঃ, দিবসান্তবে স্থার্মণঃ প্রাণাৎ পরদিবসে, তত্ম স্থার্মণো জনমত: পশ্চাৎ, স্প্রাবৃদ্ধন্ অতীবসমূদ্ধন্, মংস্থবাজন্ম বিষয়ং দেশং যাস্থানঃ, স্থার্মণা প্রাণাক্রান্তে তং প্রত্যেব চ সর্ক্রমংস্থাবলে যাতে স্ববিজয়ন্ত সর্ক্রথা সৌক্র্যাদিতি ভাবঃ ॥২৪।

ত ইভি। তে দ্বিগর্জাঃ, তত্র পূর্বাদিনে, সহসা বিরাটনগবং প্রতি গন্ধা, গোপান্ সমাসাভ আক্রমণেন প্রাপ্য বিপুলং ধনং গোধনং গৃহস্ত ॥২৫॥

ছংশাসনকে আদেশ কবিলেন যে, "হুংশাসন! 'ভুমি সকলের সহিত প্রামর্শ কবিয়া সম্বর সৈন্যযোজনা কব ॥২০—২১॥

আমিবা কৌরবসৈত্যেব সহিত মিলিত হইয়া সেই মংস্থাদেশে নির্দ্দিষ্ট স্থানে যাইব এক মহাবথ সুশর্মাও নির্দ্দিষ্ট স্থানে গমন কবন ॥২২॥

বাজা স্থশশ্মা বীবগণে পৰিবেষ্টিত হইয়া, সমগ্ৰ বল ও বাহন লইয়া ত্ৰিগৰ্ত-সৈন্তোৰ সহিত পূৰ্বেই মংস্তাদেশে গমন কৰুন ॥২৩॥

আব, আমরা সম্মিলিত হইষা তাহার প্রদিন তাহাব পশ্চাৎ পশ্চাৎ স্থসমূজ মংস্থাদেশে যাইব ॥২৪॥

⁽২২) যথাদেশঞ্-ভা। (২৪)···ব্যং তত্ত্ব-বা ব রা ম ভা, ···দিবসাস্তরম্-প্র ভা। (২৫) তে যান্ত-বা ব রা ম, ···ক্ষিপ্রং গোধনমাসাম্য-বা।

গবাং শতসহস্রাণি শ্রীমন্তি গুণবন্তি চ।
বয়মপ্যনুগৃহীমো দিধা কৃত্বা বরূথিনীম্ ॥২৬॥
বৈশম্পায়ন উবাচ।
স তু গত্বা যথোদ্দিন্টাং দিশং বহুের্মহীপতিঃ।
আদত্ত গাঃ স্থশর্মা তু কৃষ্ণপক্ষস্ত সপ্তমীম্ ॥২৭॥
অপবং দিবসং সর্বে রাজন্! সন্ত্যু কৌরবাঃ।
অন্তম্যাং তান্তগৃহুন্ত গোকুলানি সহস্রশঃ ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতাযাং বৈয়াসিক্যাং বিরাটপর্ববি গোহরণে দক্ষিণগোগ্রহে অফীবিংশোহধ্যারঃ ॥০॥ #

ভাবতকৌমুদী

গবাসিতি। ব্যমপি, অহ ত্রিগর্ভকর্তৃকগোগ্রহণাৎ পরম্, বর্রথিনীম্ অস্বংসেনাম্, বিধা রুদ্ধা, একাংশেন গৃহীতগোসমূহরক্ষণার্থম্ অপরাংশেন চ মৃদ্ধার্থমিত্যাশ্যং, শ্রীমন্তি কান্তিমন্তি, গুণবন্তি প্রচুরক্ষীবন্ধান্তাৎকর্বশালীনি চ, গবাং শতসহপ্রাণি গৃহীমঃ ॥২৬॥

স ইতি। সহীপতিং স স্থাপা তৃ, ক্ষপক্ষ সপ্তমীং তিথিং প্রাণ্য, যথোন্দিষ্টাং যথোন্ডাম, বহুদেশিং বিরাটনগবাদায়িকোণং গত্মা, গাং, আদত্ত অগৃহাৎ। অত্ত বর্ধমানবোরমুক্তাবিশি অক্ষপ্রেণীতম্থিষ্টিবসময়প্রবন্ধদর্শনেনৈব তত্ত্ত্যং নির্মণীযম্। অগ্নিকোণক্ত দক্ষিণতয়া প্রহণাৎ দক্ষিণজাং কিঞ্চিদ্ধিকপ্রবেশাঘা দক্ষিণগোগ্রহপ্রসিদ্ধিকপ্রতে ॥২ গা

সেই ত্রিগর্ত্তদৈন্তেরা সেই পূর্ব্বদিনই হঠাৎ বিরাটনগবে গমন কবিয়া গোপগণকে আক্রমণপূর্ব্বক প্রচুব গোধন গ্রহণ কব্লক ॥২৫॥

্ আমরাও তাহাব পরদিন আপন সৈত্ত তুই ভাগে বিভক্ত করিয়া স্থন্দব ও গুণবান্ শতসহস্র গো গ্রহণ করিব" ॥২৬॥

বৈশম্পায়ন বলিলেন—ভাহাব পব রাজা স্থশর্মা কৃষ্ণপক্ষের সপ্তমীর দিন বিরাটরাজধানীব অগ্নিকোণে যাইয়া বিরাটেব গোসমূহ গ্রহণ কবিলেন ॥২৭॥

বাজা। আব, তাহাব পবদিন কৌরবেরা সকলে সন্মিলিভ হইয়া যাইয়া অষ্ট্রমীতিথিতে বিরাটবাজার (উত্তবদিকেব) সহস্র সহস্র গো গ্রহণ করিলেন ॥২৮॥

(২৭) তে শ্ব গন্ধা—মহীপতে।। পূর্বাদ্ধাৎ পবম্ 'সন্নদ্ধা বিধনঃ সর্বে সপদাতা বলোৎকটা:। প্রতি বৈরং চিকীর্যস্তো গোরু গৃদ্ধা মহাবলাঃ॥' ইভি পাদচত্ষ্ট্রমধিকম্। আদাত্ব গাঃ ফুর্লমাহথ—বা ব বা ম। ইভঃ পূর্বেম্ 'সন্নদ্ধা রিখনঃ সর্বে সপদাতিবলোৎকটাঃ। প্রতিবীরং বিকর্যস্তো গোরু সংক্তপতন্ পরে॥'—ভা। 'তে শ্ব গন্ধা মধোদিষ্টং দেশং ব্যাপ্য মহীপতেঃ। আদত্ত গাঃ ফুর্লমা বৈ ধর্মপক্ষশু সপ্তমীম্॥'—ভা। * '…বিংশোহধ্যায়ঃ' —প্র বা ব দ্বা ম।

বিন্নাট-৩৩ (১২)

উনত্রিংশোহধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

ততত্তবাং মহারাজ! তত্তিবামিততেজসাম্।
ছদ্মলিঙ্গপ্রবিষ্টানাং পাণ্ডবানাং মহাত্মনাম্॥>॥
অতীতঃ সময়ঃ সম্যুগ্বস্তাং বৈ পুরোত্তমে।
কুর্ববতাং তম্ম কর্মাণি বিরাটম্ম মহীপতেঃ॥২॥ (যুগ্মকম্)
কীচকে তু হতে রাজা বিরাটঃ পরবীরহা।
আসাঞ্চক্রে সহামাত্যঃ পাণ্ডবৈর্ধর্মচারিভিঃ॥৩॥

ভাবতকৌমুদী

অপরমিতি। হে বাজন্। দর্বে কৌরবাশ্চ, সস্ত্ব মিলিতা, অপরং দিবসং প্রাণ্য, অষ্টম্যাং তিথোঁ, তানি সহস্রশা গোকুলানি গোসমূহান্, অগৃহুত্ত ॥২৮॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসনিজান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং
মহাভাবতটীকাযাং ভারতকোমূদীসমাধ্যাযাং বিবাটপর্ববি গোহরণে

অষ্টাবিংশোহধ্যায়ঃ॥।॥

--:*:---

তত ইতি। হে মহাবাদ। ততঃ, তত্ত্ব মংশ্যদেশ এব, ছদ্মলিঙ্গেন কথাদিকপটবেশেন প্রবিষ্টানাম, অমিততেঙ্গপাম, মহাত্মনাম, পুরোজনে বসভাম, তত্ত্ব বিরাটন্য মহীপতেঃ কর্মাণি দ্যতপাকাদীনি কুর্ববিতাম, তেবাং পাগুবানাম, সমবঃ অজ্ঞাতবাসকালঃ, সম্যুগেব অতীতঃ অভিজ্ঞান্তঃ ॥১—২॥

ভারতভাবদীপঃ

বিনির্বাম: নির্গচ্ছাম: ॥১৫—২১॥ যথোদেশং যথানিদ্বিষ্টাং দক্ষিণামৃত্তবাং বা দিশং যথা-যোগ্যং বলবিভাগং বা উদ্দিশ্বেত্যর্থ: ॥২২—২৭॥ (পাঠাস্কবে) গৃন্ধা: লুকা: কুণ্ইত কাল্যামাস্ক: ॥২৮॥

ইতি শ্রীমহাভাবতে বিরাটপর্বাণি নৈলক্ষীয়ে ভারতভাবদীপে অষ্টাবিংশোহধ্যায়: 📭

বৈশম্পায়ন বলিলেন—মহাবাজ ! অমিডভেজা ও মহাত্মা পাণ্ডবেবা কম্বপ্রভৃতিছদ্মবেশে সেই বিরাটবাজ্যেই প্রবেশ কবিয়া, সেই উত্তম রাজধানী^{তেই} বাস কবিতেছিলেন এবং সেই বিরাটরাজ্ঞারই বিভিন্ন কার্য্য কবিতেছিলেন; ^{এই} অবস্থায়ই তাঁহাদের সেই অজ্ঞাতবাসের কাল সম্পূর্ণ অতীত হইয়াছিল ॥১—২॥

⁽২) ব্যতীতঃ সময়:—বা ব বা ম ভা। (৩)---পরাং সম্ভাবনাং চক্রে কুম্বীপুত্রে যুধিষ্টিরে— বা ব রা ম,---আশাং চক্রে মহামাত্যং কুম্বীপুত্রেম্ববীর্যবান্—ভা।

তত্র ত্রয়োদশস্থান্তে তস্থ বর্ষস্থ ভারত !।

য়্বশর্মণা গৃহীতন্ত গোধনং তরসা বহু ॥৪॥

ততো জবেন মহতা গোপঃ পুরম্বথাত্রজ্ঞং ।

অপশ্রমণহাজানং সিংহাসনগতং প্রভুম্ ॥৫॥

শ্রৈঃ পবিরতং যোধিঃ কুগুলাঙ্গদধারিভিঃ ।

সন্তিশ্চ মন্তিভিঃ সার্জ্ঞং পাগুবৈশ্চ নরষ্ঠিভঃ ॥৬॥ (যুগ্মকম্)

তং সভায়াং মহাবাজমাসীনং রাষ্ট্রবর্জনম্ ।

সোহত্রবীত্বপসংগম্য বিবাটং প্রশতন্তদা ॥৭॥

ভাবতকোমুদী

কীচক ইতি। কীচকে হতে তু, প্ৰবীৱহা বিপক্ষবীবহস্কা বাজা বিবাটঃ, অমাত্যৈঃ সহেতি গ্ৰামাত্যঃ সন্, ধৰ্মচাবিভিঃ পাণ্ডবৈশ্চ সহ আসাঞ্চক্ৰৈ অবতত্বে ।।

তত্ত্ৰেতি। হে ভাবত ! তত্ৰ তক্ত জ্বয়োদশক্ত বৰ্ধতা অস্তে অবসানে, অন্তিমদিন ইতাৰ্থ: । এতচ্চ পরস্তাৎ ক্টীভবিশ্বতি । স্থাৰ্মণা বাজ্ঞা, তরুসা বলেন, বিয়াটক্ত বহু গোধনং গৃহীতম্ ॥৪॥

তত ইতি। ততঃ, কশ্চিদ্গোপঃ, মহতা জবেন বেগেন, পুবং বিবাটবাজধানীম, অব্ৰন্ধং।
অব্ধ দ গোপঃ, কুগুলাকদধাবিভিঃ শূবৈৰ্ঘোধৈঃ যোদ্ধপুক্ষিঃ পবিবৃত্য, সম্ভিবিদ্ধিঃ, মন্ত্ৰিভিন্চ,
নর্বিষ্ঠেঃ পাগুবৈশ্চ সান্ধ্য, সিংহাসনগতং প্রভুং বলপ্রভাবশালিনং মংশুরাজানং বিরাটমপশ্রং।
অদ্ভত্মাভাব আর্থঃ ॥৫—৬॥

তমিতি। তদা স গোপঃ, উপসংগম্য প্রণতঃ সন্, সভাষামাসীন্ম্ উপবিষ্টম, বাষ্ট্রবর্জনং বাষ্ট্যবৃদ্ধিকরম্, তং মহাবাজং বিরাচমত্রবীৎ ॥৭॥

আর, কীচক নিহত হইলে, বিপক্ষবীবহস্তা বিবাটরাজা মন্ত্রিগণ ও ধর্মচারী পাশুবগণেব সহিতই অবস্থান করিতেছিলেন ॥৩॥

ভবতনন্দন। সেই ত্রয়োদশ বংসরের অবসানদিনে ত্রিগর্ভবাজ সুশর্মা যাইয়া বলপূর্ববক বিবাটবাজার বহুতব গোখন গ্রহণ করিলেন ॥৪॥

তাহাব পব কোন গোপালক অত্যস্ত বেগে বিরাটরাজাব বাজধানীতে গমন কবিল এবং তৎপরে সে দেখিল—প্রভাবশালী বিবাটবাজা সভামধ্যে সিংহাসনে বসিয়া আছেন, আর কুণ্ডল ও অঙ্গদধাবী বীর যোদ্ধপুক্ষেবা তাঁহাকে পবিবেষ্টন করিয়া বহিয়াছে এবং পণ্ডিতগণ, মন্ত্রিগণ ও নবশ্রেষ্ঠ পাণ্ডবগণ সভাষ অবস্থান করিতেছেন ॥৫—৬॥

⁽৫) --- স দৃষ্টা মংস্করাজঞ্চ রথাৎ প্রস্থলা কুণ্ডলী —- বা ব রা ম, --- গোপাঃ প্রস্থাবিশন্। ডবৈকো মংস্কঃ—ভা। (৬) --- সংবৃতং মন্ত্রিভিঃ—- বা ব বা ম, --- স্ট্রিভঃ—ভা। (৭) --- মহারাজ। আসীনম্—ভা।

অস্মান্ যুধি বিনিজ্জিত্য পরিভূয় সবান্ধবান্।
গবাং শতসহস্রাণি ত্রিগর্তাঃ কালয়ন্তি তৈ।
তান্ পরীক্ষ মনুয়োক্র! মা নেশুঃ পশবন্তব ॥৮॥
তচ্ছু ত্বা নৃপতিঃ দেনাং মৎস্থানাং সমযোজয়ৎ।
রথনাগাশ্বকলিলাং পত্তিধ্বজ্ঞসমাকুলাম্॥৯॥
রাজানো রাজপুত্রাশ্চ তন্ত্রাণ্যথ ভেজিরে।
ভানুমন্তি বিচিত্রাণি শূরদেব্যানি ভাগশঃ॥১০॥

ভারতকৌমূদী

জন্মানিতি। হে মহয়েন্দ্র। ত্রিগর্জাঃ বৃধি সবান্ধবান্ অসান্ বিনিজ্জিতা, পরিভূর তিবন্ধতা চ, তে তব, গবাং শতসহস্রাণি, কালয়ন্তি অপহবন্ধি। অতএব, তান্ ত্রিগর্জান্, পবীন্দ্র গৃহাণ, তব পশবং, মা নেন্দ্রন নিম্নেণ্:। বট্পাদোহয়ং লোকঃ ॥৮॥

তদিতি। নৃপতিস্তৎশ্রত্মা, বংখ: নাগৈইস্কিভি: অবৈশ্চ কলিলাং ব্যাপ্তাম, পত্তিভি: পদাতিভিধ্ব জৈশ্চ সমাকুলাম, মংস্থানাং সেনাম, সমযোজয়ং ॥>॥

বাজান ইতি। অথ তদধীনা বাজানো বাজপুত্রাশ্চ, ভান্নমন্তি দীপ্তিমন্তি বিচিত্রাণি চ শুরসেব্যানি, তন্ত্রাণি কবচানি, ভাগশঃ শ্রেণ্যাং শ্রেণ্যাং ভেজিবে ৪১০৪

ভাৰতভাৰদীপঃ

তত ইতি। ছদ্মলিঙ্গেন ব্রাহ্মণাদিকপটবেশেন প্রবিষ্টানাম্॥১। ব্যতীতোথতিকান্তঃ, সময়: সংবৎসরঃ ॥২॥ সম্ভাবনাং কীচকবং অয়মপি মম অবকর্তা ভবিশ্বতীত্যেবংরূপান্ ॥৩—৮॥ সা নেশুঃ নাশমদর্শনং দূবে ইতি যাবং মা গচ্ছেযুঃ ॥১॥ ভন্নতানি কবচানি ॥১০॥

তখন সেই গোপালক নিকটে যাইয়া প্রণাম কবিয়া, সভায় উপবিষ্ট বাজ্য-বৃদ্ধিকাবী মহাবাজ বিবাটকে বলিল—॥৭॥

"নবনাথ। ত্রিগর্ত্তদেশীযেবা যুদ্ধে বন্ধুবর্গের সহিত আমাদিগকে পবাভূত ও পবিভূত কবিষা আপনার শতসহস্র গো হরণ কবিতেছে; অত এব আপনি যাইযা তাহাদিগকে ধকন; আপনাব পশুগুলি যেন নষ্ট হয় না"॥৮॥

বিবাটরাজা তাহা শুনিয়াই হস্তী, অশ্ব, রথ, পদাতি ও ধ্বন্ধে পবিপূর্ণ মংস্থাসেনা যোজনা কবিতে লাগিলেন ॥১॥

তাহাব পব, দলে দলে বাজাবা ও বাজপুত্রেবা উজ্জ্বল ও বিচিত্র বীবসেঁব্য ক্বচ সকল পবিধান কবিলেন ॥১০॥

^{(&}gt;) পূর্বান্ধ ভা নান্তি।--জান্ পরীক্ষম রাজেল |—বা ব রা স, --সা নশন্—ভা। (১•)--জ্জুনি বিভেলিরে—গা।

সবজ্রারসগর্ভন্ত কবচং তপ্তকাঞ্চনম্।
বিরাদিন্ত প্রিয়ো ভ্রাতা শতানীকোহভ্যহারয়ৎ ॥>>॥
সর্ববপাবশবং বর্ম কল্যাণং পাটলং দৃঢ়ম্।
শতানীকাদববজ্যে মদিরাক্ষোহভ্যহারয়ৎ ॥>২॥
শতসূর্য্যং শতাবর্জং শতবিন্দু শতাক্ষিমৎ।
অভ্যেকল্লং মহন্দ্রানাং বাজা কবচমাহরহ ॥>৩॥

ভাবতকোমুদী

সেতি। শতানীকো নাম বিরাটত প্রিয়ো লাতা, বজ্ঞৈ উপবিনিবেশিতহীরকথঠৈঃ সহেতি সবজ্ঞম, আয়সং লোহপট্টং গর্ভে অভ্যন্তবে যত তৎ আয়সগর্তম, তক্ত তদিতি সবজ্ঞায়সগর্তম, তপ্তকাঞ্চনম্ উজ্জ্ঞলম্বর্ণপট্টবেষ্টিতঞ্চ কবচম্, অভ্যহাবয়ৎ ধৃতবান্ ॥১১॥

সর্বেতি। মদিবাকো নাম, শতানীকাৎ অবরজ্ঞঃ পবজাতঃ কনিষ্ঠো প্রাতেত্যর্থঃ, সর্বের্
আংশেরু পারশবং লোহময়ম্, কল্যাণং বর্ণং তল্মিপ্রিতমিত্যর্থঃ, অতএব পাটলং পাটলবর্ণং দৃচঞ্চ
বর্ম অভ্যহারমুথ। "পাবশবোহয়সি। শূলায়াং বিপ্রতন্যে তন্যে চ পবন্তিবাম্।" "কল্যাণং
হেমি মৃদ্ধলে" ইতি চ হেম্চশ্রঃ ॥১২॥

শতেতি। বংশ্রানাং রাজা বিরাটঃ, শতং পূর্য্যাঃ পূর্যাসদৃশহীরকথণ্ডা যত্র তৎ, শতম্ আবর্তা জলন্ত্রমিরপরোপ্যচিহ্নানি যত্র তৎ, শতং বিন্দবঃ কুক্রম্বর্ণথণ্ডা যত্র তৎ, শতম্ অক্ষীণি ভারতভাবদীপঃ

ভাছমন্তি দীপ্যমানানি বঞ্জায়সম্ অশনিলোহং যথা বক্সবদ্দেহত্বমন্তেত্বই যদয়: ভাষায়াং 'পোলাদ' ইতি সংক্ষিতং তবজ্ঞাযসং তন্ময়ো গর্ভোহন্তঃ কবচং তেন সহিতং সবজ্ঞাযসগর্ভন্। (পাঠান্তরে) সন্নাহায় সজ্জীভাবায় সগর্ভং সকণ্টকম্। "গর্ভো আণেহর্ভকে কুন্দো সন্ধো শনসকণ্টকে" ইতি নানার্থঃ। "বজ্ঞং ভাষীয়কে পবো" ইতি চ ॥>১॥ অভ্যাহায়য়ং ববন্ধ পারসবং পরান্ স্থনোতি পীভয়তি স্থবতি ক্ষিপতি বা প্রস্বর্ম। স্কলোবপ্ স্থার্থে তদ্ধিতঃ। পারসবং শক্ষং সর্বর্মপারস্বরং সর্বর্মশক্ষ্মসহমিত্যর্থঃ। কল্যাণপটলং স্থবর্মপ্রাচ্ছাদিতং "কল্যাণ-মক্ষয়ে স্থগ্রেঁ ইতি বিশ্বঃ॥১২॥ আবর্জতে পুনঃ পুনর্মায়তি কিল্সতীতি যোগাৎ চন্দ্রঃ

বিবাটরাজ্ঞাব প্রিয়ন্ত্রাতা শতানীক একটা কবচ পবিধান করিলেন; তাহার অভ্যন্তরভাগ লোহপটুনির্ম্মিত, উপরিভাগ উজ্জ্ঞল স্বর্ণপট্টবেষ্টিত এবং তাহার উপবে আবার হীরকখণ্ড সকল নিবেশিত ছিল ॥১১॥

শতানীকের কনিষ্ঠ প্রাতা একটা কবচ পরিধান করিলেন; সে কবচটার সমস্ত অংশই স্বর্ণমিশ্রিত লৌহবাবা নির্দ্মিত ছিল বলিয়া তাহা পাটলবর্ণ ও দৃচ ছিল ॥১২॥

বিরাটরাজা একটা অভেন্ত বর্দ্ম ধারণ করিলেন; তাহাব উপবে সূর্য্যেব

^{(&}gt;२) --- कल्यानभटेलः मृष्य्— ख वा व वा म।

উৎসেধে যস্ত পদানি শতং সৌগন্ধিকানি চ।

স্থবর্ণপৃষ্ঠং সূর্য্যাভং সূর্য্যদত্তোহভ্যহারয়ৎ ॥>৪॥

দৃঢ়মায়সগর্ভঞ্চ শ্বেতং বর্দ্ম শতাক্ষিমৎ।

বিরাটস্ত স্ততো জ্যেষ্ঠো বীরঃ শঙ্খোহভ্যহারয়ৎ ॥>৫॥

শতশশ্চ তনুত্রাণি যথাস্বঞ্চ মহারথাঃ।

যোৎস্তমানা ব্যনহান্ত দেবরূপাঃ প্রহারিণঃ ॥>৬॥

ভারতকোগুদী

নরনাকারপ্রবালানি অশু সন্তীতি তচ্চ, অভেন্তকল্পমৃ অভেন্তব্দকণং কবচম্, আহংৎ ধৃতবান্ ॥১৩ঃ

উৎসেধ ইতি। যন্ত কবচন্ত, উৎসেধে উপরিভাগে, শতম্, পদ্মানি স্বর্ণপদ্মানি, সৌগদ্বিকানি স্বর্ণক্কোরাণি চ আসন্, তাদৃশং স্থ্বর্ণপৃষ্ঠং বজ্ঞতময়ত্বাৎ স্থ্যাভঞ্চ কবচম্, স্থাদত্তো নাম বীঃ;, অভ্যহারয়ৎ মুতবান্ ॥১৪॥

দূচ্মিতি। শন্ধো নাম বীরঃ বিরাটভ জ্যেষ্ঠঃ হৃতঃ, বন্ধতমন্বতাৎ থেতম্, আয়সং লোহপট্টং গর্ভে যন্ত তৎ, অতএব দূচম্, শতন্ অক্টাণি নয়নাকারপ্রবালানি অভ্য সন্তীতি তচ্চ, বর্ম কবচম্, অভ্যহারন্নৎ অধারন্থ ৪১৫৪

শতশ ইতি। দেবরূপা দেববং স্থলবা:, মহারথাশ্চ, শতশং, প্রহারিণো যোষার:, যোৎশুমানা: সম্ভ:, স্থানি স্বান্তনক্তম্যেতি যথাস্থং স্থানি স্বানি, তমুত্রাণি কবচানি, ব্যন্তম্ভ গাত্রেহবরুত ॥১৬॥

তুল্য উজ্জ্বন বহুতর হীরকখণ্ড, জলভ্রমির স্থায় বহুতর রৌপ্যচিহ্ন, ক্ষুত্র ক্ষুত্র বহুতব স্বর্ণখণ্ড এবং নয়নাকার বহুতর প্রবাল নিবেশিত ছিল ॥১৩॥

যাহার উপরিভাগে বহুতর স্বর্ণপদ্ম ও স্বর্ণসৌগন্ধিক নিবেশিত ছিল, আব পৃষ্ঠদেশ স্বর্ণময় এবং অপর ভাগ রৌপ্যময় বলিয়া সূর্য্যের স্থায় উজ্জ্বল ছিল, সেই কবচ 'সূর্য্যদন্ত'-নামক কোন বীর পরিধান করিলেন ॥১৪॥

বিরাটরান্ধার জ্যেষ্ঠপুত্র মহাবীর শব্ধ শ্বেতবর্ণ একটা দৃঢ় বর্ম্ম পরিধান করিলেন, তাহার অভ্যন্তরদেশ লৌহপট্টনিম্মিত এবং উপরিভাগে নয়নাকার বহুতর প্রবাল নিবেশিত ছিল ॥১৫॥

দেবতার স্থায় স্থন্দবমূর্ত্তি ও নহারথ শত শত যোদ্ধা যুদ্ধ কবিবেন বলিয়া আপন , আপন বর্ম পরিধান করিলেন ॥১৬॥ সূপস্ববেষু শুলেষু মহৎয় চ মহারথাঃ।
পৃথক্ কাঞ্চনসমাহান্ রথেম্বখানধোজয়ন্॥>৭॥
সূর্য্যচন্দ্রপ্রতীকাশে রথে দিব্যে হিরগ্ময়ে।
মহামুভাবো মৎস্রস্থা ধ্বজ্ব উচ্ছিল্রিয়ে তদা ॥>৮॥
তথাস্থান্ বিবিধাকারান্ ধ্বজান্ হেমবিভূষিতান্।
যথাস্থা ক্ষত্রিয়াঃ শ্রা রথেষু সমযোজয়ন্॥>৯॥
অথ মৎস্যোহত্রবীদ্রাজা শতানীকং জঘন্যজম্।
কক্ষ-বল্লব-গোপালা দামগ্রস্থিশ্চ বীর্য্যবান্॥২০॥

ভারতকোসুদী

প্রপেতি। মহারথা:, শোভনা উপস্করা: চক্রাদীন্ত্যপকরণানি যেযাং তেয়ু, বঙ্গতমযত্বাৎ শুশ্রবন্তাবৃতস্থাধা শুশ্রেয়ু মহৎত্ব চ বথেয়ু, কাঞ্চনসন্নাহান্ অর্ণভূবণান্ অরান্, পৃথক্ পৃথক্ অযোজয়ন্ ৪১৭৪

ত্ব্যেতি। তদা, ত্র্যচন্দ্রপ্রতীকাশে তর্ত্জ্জনে, হিবগ্নরে স্বর্ণমধ্যে, দিব্যে উদ্ধনে, মংক্রণ্ড মংক্ররাজক্ত রবে, মহান্ অন্তাবঃ প্রভাব উজ্জন্যং ষক্ত স তাদৃশং, কন্চিৎ ধ্বন্ধঃ, উচ্ছিপ্রিবে ভূত্যৈঙ্গন্তোলিতঃ ॥১৮॥

তথেতি। তথা শ্রা: ক্ষত্রিষা:, স্থান্ স্থাননতিক্রম্যেতি যথাস্থ্য স্থেষ্ স্থেষ্, স্থান্ বিবিধাকাবান্ হেমবিভূষিতান্ ধ্রন্ধান্ সমযোজন্ব ॥১৯॥

ভারতভাবদীপঃ

পক্ষ বা, বিন্দু: ত্ব্মচক্রম্, অন্ধি নেতাকারং চক্রম্ ॥১৩॥ উৎসেধে উচ্ছাবে সম্পূর্ণে বিস্তারে, ক্লোরজাতীয়ানি শতং পদ্মানি পঙ্জ্যা নিবিষ্টানি এবং বিশালমিতার্থ:॥১৪—১৬॥ অভ্য-নহস্তেতি পাঠে সন্ধিরার্ব:। ত্পস্করেষ্ শোভনবধান্দেষ্॥১৭—১৮॥ উচ্ছিগ্রিযে উদ্ভিতো-

তৎপরে মহাবথগণ স্থান্দর স্থানর উপকরণ-(আসবাব-) যুক্ত ও গুভাবর্ণ বিশাল বিশাল রথে স্থাবর্ণভূষিত অশ্ব সকল পৃথক্ পৃথক্ভাবে সংযুক্ত কবিলেন ॥১৭॥

তথন ভৃত্যেরা বিরাটবাব্দার চন্দ্র-সূর্য্য-তুল্য উজ্জ্বল ও দিব্য স্বর্ণময় বথে অত্যুজ্জ্বল একটা ধ্বন্ধ উঠাইয়া দিল ॥১৮॥

এবং বীব ক্ষত্রিয়েবা আপন আপন বথে অন্ত নানাবিধ স্বর্ণভূবিত ধ্বজসকল সংযুক্ত করিলেন ॥১৯॥

তাহার পব বিবাটবাজা আপন কনিষ্ঠভ্রাতা শতানীককে বলিলেন—"শতানীক। ক্ষ, বল্লব, ভস্তিপাল ও গ্রন্থিক—ইহারাও বলবান্ পুক্ষ ॥২০॥

⁽১৭) স্বয়স্থাবেষু তবেষু সহপ্রক মহা:খা:--ভা। (১৮) --উচ্ছিয়তে ভদা—ভা। (১১) ম্পাতান্—বা ব রা ম ভা।

যুধ্যেয়ুরিতি মে বুদ্ধির্বর্ততে নাত্র সংশয়ঃ।
এতেষামপি দীয়ন্তাং রথা ধ্বজপতাকিনঃ ॥২১॥
কবচানি বিচিত্রাণি দৃঢ়ানি চ মৃদূনি চ।
প্রতিমুঞ্জ গাত্রেয়ু দীয়ন্তামায়ুধানি চ ॥২২॥
বীবাঙ্গরূপাঃ পুরুষা নাগরাজকরোপমাঃ।
নেমে জাতু ন যুধ্যেরন্নিতি মে ধীয়তে মতিঃ ॥২০॥
এতচ্ছু দ্বা তু নৃপতের্বাক্যং দ্বিত্যানসঃ।
শতানীকস্ত পার্থেভ্যাে রথান্ রাজন্! সমাদিশৎ ॥২৪॥

ভারতকৌমুদী

অথেতি। অথ মংস্যো বিরাটো রাজা, জবস্তজং কনিষ্ঠং প্রাতরং শতানীক্মব্রবীং। করে।
বৃধিষ্টিরঃ বছবো ভীমঃ গোপালঃ সহদেবং, এতে বীর্যবন্তঃ; দামগ্রন্থির্গ্রন্থি বিরাটকৃতং নাম, পূর্বং গ্রন্থিকনাম এবোক্তস্থাং ॥২০॥

মুখ্যেযুরিতি। যুখ্যেয়্: কন্ধাদয়োহপি যোদ্ধঃ শঙ্গুয়ু:, ইতি মে বৃদ্ধির্নিশ্চযো বর্ততে, কিন্তত্ত সংশ্যো নাস্তি। অতএব এতেবামপি ধ্যক্ষপতাকিনো বধা দীযন্তাম্ ॥২১॥

কৰচানীতি। এতেহপি গাত্তেষ্, বিচিত্রাণি, দূচানি, অখচ মৃদ্নি মৃত্ত্বাৎ স্থধার্ধ্যাণি কবচানি, প্রতিম্পন্ত পরিদধতু, আমুধানি চৈতেবাং দীয়ন্তাম্ ॥২২॥

বীরেতি। বীবাণামিব অঙ্গানি বণাণি চ যেবাং তে, তথা নাগরাজানাং হস্তিশ্রেষ্ঠানাং করাঃ
তথা উপমা বাহুনাং সাদৃশ্যনানি যেবাং তে হস্তীক্তগুতুলাহস্তা ইত্যর্থঃ, ইমে পুরুষা ন মুধ্যেরন্,
ইতি মতিঃ মে ম্বা জাতু কর্গাচিদ্বি ন ধীয়তে ন ধার্য্যতে ॥২৩॥

এতদিতি। হে রাজন্! নৃপতের্বিবাটক্ত এতথাক্যং প্রস্থা তু শতানীক্তরিত্যানশঃ সন্, রাজ্ঞে যুধিষ্টিরাব, ভীমায়, নকুলায চ, সহদেবায চ, এভ্যঃ পার্থেভ্যঃ পাথ্যবেভ্যঃ, রখান্

স্তরাং ইহাবাও যে যুদ্ধ করিতে পারিবেন, এইরূপই আমার ধারণা হইতেছে এবং এ বিষয়ে আমার সন্দেহ নাই; অতএব ইহাদিগকেও ধ্বজ-পতাকা-যুক্ত চাবিখানা বথ দাও ॥২১॥

আর ইহারাও আপন গাত্রে দৃঢ়, অথচ কোমল ও বিচিত্র কবচ পরিধান কবন
 এবং ইহাদিগকেও অন্ত্র দাও ॥২২॥

বীরের তুলাই ইহাদের অঙ্গ ও আকৃতি এবং বাছগুলিও মহাহন্তীর শুণ্ডের তুলা; স্থতরাং ইহাবা যে যুদ্ধ করিতে পারিবেন না, একপ ধারণা আমি কখনও করি না" ॥২৩॥

রাজা। বিরাটরাজাব এই কথা শুনিয়া শতানীক ছরিতচিত্ত হইয়া যুধিষ্ঠিব,

(২৩) বরাদরপা: পুরুষা নাগরাজবরোপমা:। ত ইমে জাতু যুধ্যেযুরিতি মে বর্গুতে
মতি: ।—ভা।

সহদেবায় বাজ্ঞে চ ভীমায় নকুলায় চ।
তে প্রহুফীন্ডভঃ দর্কের রাজভক্তিপুবস্কৃতাঃ ॥২৫॥ (য়ুয়াকম্)
নির্দ্দিন্টা নরদেবেন রথেম্বশ্বানযোজ্য়ন্।
কবচানি বিচিত্রাণি মৃদূনি স্থদূঢ়ানি চ ॥২৬॥
বিরাটঃ প্রাদিশদ্যানি তেষামক্রিষ্টকাবিণাম্।
তান্যাম্চ্য শরীরেমু দংশিতান্তে পরস্তপাঃ ॥২৭॥ (য়ুয়াকম্)
রথান্ হয়েঃ স্থানপানাস্থায় চ নরোত্তমাঃ।
নির্যমুর্দিতাঃ পার্থাঃ শক্রেসংঘাতমন্দিনঃ ॥২৮॥
তরম্বিনশ্ছনরূপাঃ দর্কে মুদ্ধবিশারদাঃ।
রথান্ হেমপরিচ্ছন্নানাস্থায় চ মহারথাঃ ॥২৯॥

ভাৰতকোমুদা

দাতৃং ভূত্যান্ সমাদিশং। ততঃ, বাজভক্তিষ্ পুবস্কৃতা লোকৈবগ্রগণিতাঃ, তে সর্বে পাগুবাঃ, প্রবৃষ্টা স্বভবন্ ।২৪ —২৫।

নির্দিষ্টা ইতি। নবদেবেন রাজ্ঞা বিবাটেন, নিন্দিষ্টা বৃদ্ধগমনায নির্দ্ধারিতাঃ পরস্কপান্তে পাণ্ডবা: রবেষু অশ্বান্ অযোজয়ন্, তথা বিবাটঃ, অক্লিষ্টকারিণাং তেবাং পাণ্ডবানামর্থে, যানি প্রাদিশৎ, তানি বিচিত্রাণি মৃদ্নি স্থদ্টানি চ কবচানি, শরীরেষু, আম্চ্য পরিধায়, দংশিতাঃ সমন্বা অভবরিতি শেষঃ ॥২৬—২৭॥

রথানিতি। শত্রুসংঘাতমন্দিন: শত্রুসমূহবিজ্ঞবিন: নবোত্তমা: পার্থা: পাগুবা:, হবৈরখৈ:, স্বস্পরান্ স্বসংযুক্তান্ রধান্, আছায় আরুঞ্, মৃদিতা: সস্তো নির্বয়ু: ।২৮।

ভীম, নকুল ও সহদেবকে বথ দিবার জম্ম ভৃত্যগণকে আদেশ কবিলেন। তাহাব পর রাজভক্তশ্রেষ্ঠ পাণ্ডবেবা সকলেই আনন্দিত হইলেন ॥২৪—২৫॥

পবে প্রস্তুপ পাগুরগণ বিবাটবাদ্ধাব নির্দেশ অনুসাবে বথে অশ্বযোদ্ধনা কবিলেন এবং বিরাটরান্ধা তাঁহাদিগকে যেগুলি দিবার জন্ম আদেশ করিয়াছিলেন, সেই মৃত্ অথচ স্থৃদৃঢ় কবচগুলি অক্লিষ্টকাবী পাশুবেরা শবীবে পবিধান কবিয়া স্থুসজ্জিত হইলেন ॥২৬—২৭॥

তাহাব পব শক্রসমূহবিজয়ী নরশ্রেষ্ঠ পাণ্ডবেরা অশ্বসংযুক্ত বথে আবোহণ করিয়া আনন্দিত হইয়া রাজধানী হইতে নির্গত হইলেন ॥২৮॥

(২৫) -- তান্ প্রহাইাংস্কতঃ স্তাঃ—বা ব রা ম, -- তান্ প্রহাইংস্কতঃ শ্রাঃ—ভা।
(২৬) --- রথান্ শীঘ্রমযোজ্যন্—বা ব রা ম ভা, --- মৃদ্নি চ দূঢ়ানি চ—রা ম ভা। (২৭)
--- তাজ্যম্থন্ --- দংশিনঃ —ভা। (২৮) পূর্বাদ্ধাৎ পরম্ 'বিরাটেন সমাদিষ্টা অথাত্র রথশত্রমাং। ক্ষরস্ক ইব নাগেলা গর্জক্ত ইব তোয়দাং।' ইত্যধিকঃ স্নোকঃ—প্র। --- শত্রুসংঘাব্যদিনঃ—রা ম। (২২) দিতীয়াদ্ধং ভা নাতি।

বিরাট-৩৪ (১২)

বিরাটযন্তর্থ পশ্চাৎ সহিতাঃ কুরুপুঙ্গবাঃ।
চন্থারো ভাতরঃ শ্রাঃ পাগুবাঃ সত্যবিক্রমাঃ॥৩০॥ (যুগ্মকৃষ্)
ভীমাশ্চ মন্তমান্তপ্রাঃ প্রভিন্নকরটামুখাঃ।
করন্ত ইব জীমূতাঃ স্থদন্তাঃ ষষ্টিহায়নাঃ॥৩১॥
আরুঢ়া যুদ্ধকুশলৈঃ শিকিতা হন্তিসাদিভিঃ।
রাজানমন্বয়্রঃ পশ্চাচ্চলন্ত ইব পর্বেতাঃ॥৩২॥ (যুগ্মকৃষ্)
বিশারদানাং মুখ্যানাং হন্টানাঞ্চানুযায়িনাম্।
অক্টৌ রথসহস্রাণি দশ নাগশতানি চ।
ষষ্টিশ্চাশ্বসহ্স্রাণি মৎস্থানামভিনির্যয়্রঃ॥৩০॥

ভারতকৌমূদী

